শরীয়াহর জন্যই আমরা

দ্বি-মাসিক

শরীয়ত

মে, জুন ২০১৫ ইং, প্রস্তুতিমূলক সংখ্যা-২

نحن للشريعة فداء



দ্বি-মাসিক
শরীয়ত
মে, জুন ২০১৫ ইং, প্রস্তুতিমূলক সংখ্যা-২

পত্রিকার মূল্য ঃ ৪০ টাকা

যোগাযোগ ঃ
muftihasanimtiaz@yahoo.com
www.shoriotmagazine.wordpress.com
বাংলাবাজার, ঢাকা, বাংলাদেশ।

সূচি



তারা কি জাহিলিয়্যাতের বিধি-বিধান চায়?

﴿أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ﴾

অর্থ: 'তারা কি জাহিলিয়্যাতের বিধি-বিধান কামনা করে? বিশ্বাসী সম্প্রদায়ের জন্য আল্লাহ অপেক্ষা কে শ্রেষ্ঠতর বিধানদানকারী? (সূরা মায়িদাহ, আয়াত ৫০)

ইমাম তবারী রহ. এ আয়াতের ব্যাখ্যায় বলেন,

يقول تعالى ذكره: أيبغي هؤلاء اليهود الذين احتكموا إليك، فلم يرضوا بحكمك، إذ حكمت فيهم بالقسط "حكم الجاهلية"، يعني: أحكام عبَدة الأوثان من أهل الشرك، وعندهم كتاب الله فيه بيان حقيقة الحكم الذي حكمت به فيهم، وأنه الحق الذي لا يجوزُ خلافه.

ثم قال تعالى ذكره= موبِّخا لهؤلاء الذين أبوا قَبُول حكم رسول الله صلى الله عليه وسلم عليهم ولهم من اليهود، ومستجهلا فعلَهم ذلك منهم=: وَمَنْ هذا الذي هو أحسن حكمًا، أيها اليهود، من الله تعالى ذكره عند من كان يوقن بوحدانية الله، ويقرُّ بربوبيته؟ يقول تعالى ذكره: أيّ حكم أحسن من حكم الله، إن كنتم موقنين أن لكم ربًّا، وكنتم أهل توحيدٍ وإقرار به؟

'আল্লাহ তাআলা বলছেন, এ সকল ইহুদী যারা আপনার কাছে বিচার দায়ের করে, অতঃপর আপনি যখন তাদের মাঝে ন্যায় ফায়সালা করেন, তারা আপনার ফায়সালার ব্যাপারে অসন্তুষ্ট হয়। এরা কি 'জাহিলিয়্যাতের বিধান' কামনা করে? অর্থাৎ মুশরিক মূর্তিপুজারীদের বিধান কামনা করে? অথচ তাদের কাছে রয়েছে আল্লাহর কিতাব। আপনি তাদের মাঝে যে ফায়সালা করেছেন তার সততা তাতে বিদ্যমান আছে। আর এটাই হক্ব যার বিপরীত সব কিছু অবৈধ।

অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ফায়সালা পক্ষে-বিপক্ষে হবার কারণে ইহুদীদের মধ্য থেকে যারা তা মানতে অস্বীকার করেছে, তাদেরকে আল্লাহ তাআলা ভর্ৎসনা করছেন এবং তাদের উক্ত কাজকে জাহিলিয়্যাত আখ্যায়িত করে বলেছেন, হে ইহুদী সম্প্রদায়! যারা আল্লাহ তাআলার ওয়াহদানিয়্যাতে বিশ্বাসী, যারা তার রুবূবিয়্যাতকে স্বীকার করে, তাদের জন্য আল্লাহ তাআলার চেয়ে আর কে আছে উত্তম বিধানদানকারী।

আল্লাহ তাআলা বলছেন, তোমরা যদি বিশ্বাস করো তোমাদের একজন রব আছেন, তোমরা তাঁর তাওহীদে বিশ্বাস করো, মুখে তার স্বীকারোক্তি দাও, তাহলে তোমাদের জন্য আল্লাহ তাআলার বিধানের চেয়ে উত্তম বিধান আর কী হতে পারে?!' (তাফসীরে তবারী, খন্ড ১০, পৃষ্ঠা ৩৯৪)

সাইয়্যেদ কুতুব শহীদ রহ. এ আয়াতের ব্যাখ্যা করেন,

إن معنى الجاهلية يتحدد بهذا النص . فالجاهلية - كما يصفها الله ويحددها قرآنه - هي حكم البشر للبشر ، لأنها هي عبودية البشر للبشر ، والخروج من عبودية الله ، ورفض ألوهية الله ، والاعتراف في مقابل هذا الرفض بألوهية بعض البشر وبالعبودية لهم من دون الله .

إن الجاهلية - في ضوء هذا النص - ليست فترة من الزمان؛ ولكنها وضع من الأوضاع . هذا الوضع يوجد بالأمس ، ويوجد اليوم ، ويوجد غداً ، فيأخذ صفة الجاهلية ، المقابلة للإسلام ، والمناقضة للإسلام . والناس - في أي زمان وفي أي مكان - إما أنهم يحكمون بشريعة الله - دون فتنة عن بعض منها - ويقبلونها ويسلمون بها تسليماً ، فهم إذن في دين الله . وإما إنهم يحكمون بشريعة من صنع البشر - في أي صورة من الصور - ويقبلونها فهم إذن في جاهلية؛ وهم في دين من يحكمون بشريعته ، وليسوا بحال في دين الله . والذي لا يبتغي حكم الله يبتغي حكم الجاهلية؛ والذي يرفض شريعة الله يقبل شريعة الجاهلية ، ويعيش في الجاهلية .

...جنكز خان الذي وضع لهم الياسق وهو عبارة عن كتاب مجموع من أحكام قد اقتبسها عن شرائع شتى من اليهودية والنصرانية والملة الاسلامية وغيرها. وفيها كثير من الاحكام أخذها من مجرد نظره وهواه فصارت في بنيه شرعا متبعا يقدمونها على الحكم بكتاب الله وسنة رسول الله - صلى الله عليه وسلم - وفيها كثير من الاحكام أخذها من مجرد نظره وهواه فصارت في بنيه شرعا متبعا يقدمونها على الحكم بكتاب الله وسنة رسول الله - صلى الله عليه وسلم - فمن فعل ذلك فهو كافر يجب قتاله حتى يرجع إلى حكم الله ورسوله فلا يحكم سواه في قليل ولا كثير[تفسير ابن كثير[

... চেঙ্গিস খানই "ইয়াসিক" নামক সংবিধান প্রণয়ন করেছে। ইয়াসিক হলো ইসলামী, ইহুদী ও খ্রিষ্টানসহ বিভিন্ন শরীয়াতের মিশ্রণে গঠিত একটি সংবিধান। তাতে এমন অনেক বিধানও আছে, যা সে শুধুমাত্র নিজের দৃষ্টিভঙ্গি ও চিন্তা থেকেই গ্রহণ করেছে। আর সেটাই তার সম্প্রদায়ের নিকট পরিণত হয়েছে অনুসরণীয় একটি সংবিধানরূপে। ইয়াসিককে তারা আল্লাহর কিতাব ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহর ওপর প্রাধান্য দেয়। যে ব্যক্তি এমন কাজ করবে, সে কাফের হয়ে যাবে। তার বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব। যতক্ষণ পর্যন্ত সে আল্লাহর কিতাব ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাহর দিকে ফিরে না আসে এবং কম হোক বেশি হোক কোন অবস্থাতেই আল্লাহর বিধান ছাড়া অন্য কোন বিধান দ্বারা ফয়সালা না করে। (তাফসীরে ইবনে কাসীর, খন্ড ৩, পৃষ্ঠা ১৩১)

নির্দেশনা:

আমরা উক্ত আয়াত সম্পর্কে মুফাসসিরগণের অভিমত দেখতে পেলাম। তাদের ব্যাখ্যা জানতে পারলাম। আমরা আমাদের সমাজে পরিচালিত শাসনব্যবস্থার দিকে দৃষ্টিপাত করি, এটা কি নব্য জাহিলিয়্যাত নয়?! পাঠকগণকে অনুরোধ করবো তারা যেন ইতিহাস থেকে তাতারদের সংবিধান সম্পর্কে জেনে নেয়। নিশ্চয়ই তারা বুঝতে পারবে আমাদের সমাজে প্রচলিত সংবিধান সেই ইয়াসিকের চেয়েও জঘন্য, নিকৃষ্ট। কেননা ইয়াসিকের মাঝে তো অপরাধগুলোকে অপরাধ বলে স্বীকার করা হয়েছে ও তার শাস্তি বিধান করা হয়েছে; কিন্তু আমাদের সমাজে প্রচলিত মানব রচিত সংবিধানগুলো তো অনেক অপরাধকে অপরাধ বলেই স্বীকার করা হয়নি; বরং কোন কোন ক্ষেত্রে তো অপরাধকে ভালো কাজ হিসেবে সাব্যস্ত করা হয়েছে। ইয়াসিকের ব্যাপারে যদি তৎকালীন যুগশ্রেষ্ঠ আলেমগণের অভিমত এমনটি হয়, তাহলে বর্তমান সংবিধান রচনাকারীদের ব্যাপারে অভিমত কী হতে পারে?! আল্লাহ তাআলা আমাদেরকে হেফাজত করুন।

'এই নসের মাধ্যমে জাহিলিয়্যাতের অর্থ নির্দিষ্ট হয়ে গেছে। সুতরাং আল্লাহ তাআলার বর্ণনা ও তাঁর কুরআনের সংজ্ঞা অনুযায়ী জাহিলিয়্যাত বলা হয়, মানুষের জন্য তৈরী মানুষের বিধানকে। কেননা এটা মানুষ কর্তৃক মানুষের দাসত্ব, আল্লাহ তাআলার দাসত্বকে বর্জন। তাঁর উলুহিয়্যাতকে প্রত্যাখ্যান এবং প্রত্যাখ্যানের পর তাঁর মোকাবেলায় কতক মানুষের উলুহিয়্যাতকে গ্রহণ। আল্লাহ তাআলার পরিবর্তে তাদের দাসত্বের সামনে আত্মসমর্পণ।

এই নসের আলোকে বোঝা যায়, জাহিলিয়্যাত কোন এক সময়ের নাম নয়। জাহিলিয়্যাত হলো, এক ধরনের উদ্ভাবন ও প্রণয়নের নাম। যা বর্তমানে বিদ্যমান আছে, ভবিষ্যতেও বিদ্যমান থাকবে। যা আসে ইসলামের মোকাবেলায়, যার সাথে থাকে ইসলামের বৈপরীত্ব।

মানুষরা যে সময়ে বা যে স্থানে অবস্থান করুক, হয়তো সে আল্লাহ তাআলার শরীয়ত দ্বারা বিচার ফায়সালা করবে, (তাঁর কিছু বিধান থেকে বিরত থাকা ব্যতীত) তা গ্রহণ করবে। পরিপূর্ণভাবে তার সামনে আত্মসমর্পণ করবে। তাহলেই তারা আল্লাহ তাআলার দ্বীনের মধ্যে আছে বলে গণ্য হবে। আর হয়তো তারা মানব রচিত সংবিধান দ্বারা বিচার ফায়সালা করবে (তা যাই হোক না কেন) তা গ্রহণ করে নেবে, তাহলে তারা জাহিলিয়্যাতের মাঝে আছে বলে পরিগণিত হবে। তাদেরকে তার দীনের মাঝে গণ্য করা হবে যার শরীয়ত দ্বারা তারা বিচার ফায়সালা করছে। কোন অবস্থাতেই তাদেরকে আল্লাহ তাআলার দীনের অনুসারী বলা হবে না। যে আল্লাহর বিধান কামনা করে না সে-ই জাহিলিয়্যাতের বিধান কামনা করে, যে আল্লাহর শরীয়তকে প্রত্যাখ্যান করে সে-ই জাহিলিয়্যাতের শরীয়তকে গ্রহণ করে ও তা অনুযায়ী জীবন যাপন করে।' (তাফসীর ফী-যিলালিল কুরআন, খন্ড ২, পৃষ্ঠা ৩৮৪)

এমনকি তিনি আরো বলেন:

إما إسلام وإما جاهلية . إما إيمان وإما كفر . إما حكم الله وإما حكم الجاهلية . والذين لا يحكمون بما أنزل الله هم الكافرون الظالمون الفاسقون . والذين لا يقبلون حكم الله من المحكومين ما هم بمؤمنين . .

'হয়তো ইসলাম নয়তো জাহিলিয়্যাত। হয়তো ঈমান নয়তো কুফর। হয়তো আল্লাহর হুকুম নয়তো জাহিলিয়্যাতের বিধান। আর যারা আল্লাহর বিধান দ্বারা বিচার ফায়সালা করে না তারা কাফের, জালিম, ফাসেক। যে সমস্ত বিচারপ্রার্থীরা আল্লাহর বিধান গ্রহণ করে না তারা মুমিন নয়। (তাফসীর ফী-যিলালিল কুরআন, খন্ড ২, পৃষ্ঠা ৩৮৫)

আল্লামা ইবনে কাসীর রহ. এ আয়াতের ব্যাখ্যায় তাতারদের নিয়ে আলোচনা করেন। তারা যে রাষ্ট্রীয়ভাবে আল্লাহর বিধান পরিবর্তন করেছিল সে কথা উল্লেখ করে বলেন,

দারসুল হাদীস



তায়েফাতুল মানসূরা: সাহায্যপ্রাপ্ত দলের পরিচয়

ইসলামের নামে যুগে যুগে সৃষ্টি হয়েছে নানা মত ও পথের অসংখ্য ফেরকা বা গোষ্ঠির। প্রত্যেকেই নিজেদের দল-মত-পথকে সঠিক মনে করে। প্রত্যেকেই দাবি করে, মানবতার মুক্তি ও আল্লাহর সাহায্য তাদের হাত ধরেই আসবে, অন্য কারো মাধ্যমে নয়। অথচ হকের সাথে তাদের না আছে দূরতম কোন সম্পর্ক আর না তাদের কর্মপদ্ধতির সাথে নববী আদর্শ ও সালাফের অনুসৃত পথের রয়েছে কোন যোগসূত্র। ফলশ্রুতিতে যা হবার তাই হচ্ছে। বিকৃত কিংবা ত্রুটিপূর্ণ বোধ-বিশ্বাস মানুষের মাঝে দলাদলি আর হিংসা-বিদ্বেষ সৃষ্টি করেছে। মানুষের সামনে হকের মানদণ্ড অস্পষ্ট হয়ে গেছে। ফলে তারা নানা মত ও দলে বিভক্ত হয়ে পড়েছে। তাদের কাছে না আছে কোন দলিল না কোন যৌক্তক কারণ।

ফেরকাবাজি এ পর্যায়ে পৌঁছেছে যে, নিজেরাই নিজেদের চরম জাতশত্রুতে পরিণত হয়েছে। অন্য দিকে, বিভিন্ন মত ও পথের ধ্বজাধারীদের কাঁদা ছোড়াছোড়ির ফলে সাধারণ মানুষ সমকালীন সকল দল ও জামাতকেই সন্দেহের দৃষ্টিতে দেখছে –সঠিক আর ভ্রান্ত বাছ বিচার ছাড়াই। আর এ যুক্তিতে তারা কোন দলের সমর্থক বা অনুসারী হওয়ার গরজ অনুভব করছে না। অথচ, সঠিক যারা অবশ্যই তাদের সমর্থন করতে হবে।

প্রিয় নবী সা. কেয়ামত পর্যন্ত তাঁর অনাগত উম্মাহর জন্য 'উম্মাহর কল্যাণে সদা তৎপর' সে দলটির পরিচয় দিয়ে গেছেন। যেন উম্মাহ তাদের পরিচয় পেয়ে তাদের অনুসরণ করতে পারে। তাদের দল ভারী করতে পারে। কারণ, হাদীস শরীফে এসেছে, যে ব্যক্তি যে দল ভারী করবে সে তাদের দলভুক্ত বলে গণ্য হবে। যে ব্যক্তি যে সম্প্রদায়ের কর্মকাণ্ড সর্মথন করবে সে তাদের অন্তর্ভুক্ত হবে।

অন্য হাদীসে তিনি বলেন, যে ব্যক্তি যে সম্প্রদায়কে ভালবাসে আল্লাহ তাআলা তাকে দুনিয়া ও আখেরাতে তাদের দলভুক্ত করবেন। আসুন সাহায্যপ্রাপ্ত সে দলটির গুণাবলি প্রিয় নবীর হাদীসের আলোকে জেনে নিই। আল্লাহ আমাদের সে দলের অনুসরণ করার তৌফিক দান করুন।

তায়েফায়ে মানসূরা তথা সাহায্যপ্রাপ্ত দলের পরিচয়, ফযিলত এবং তাদের অনুসরণের ব্যাপারে হাদীসের কিতাবসমূহে কাছাকাছি অর্থের অনেক হাদীস বর্ণিত হয়েছে। তন্মধ্যে এখানে এমন কিছু হাদীস উল্লেখ করা হল যেগুলোর অর্থ কাছাকাছি হলেও প্রত্যেকটি স্বতন্ত্র কিছু নির্দেশ করে।

وعن عمران بن هانئ قال: سمعت معاوية على المنبر يقول: سمعت رسول الله يقول:" لا تزال طائفة من أمتي قائمة بأمر الله لا يضرهم من خذلهم أو خالفهم حتى يأتي أمر الله وهم ظاهرون على الناس ".

১. হযরত ইমরান ইবনে হানী রাযি. বলেন, আমি হযরত মুয়াবিয়া রাযি.কে মিম্বারের উপড় দাঁড়িয়ে বলতে শুনেছি, তিনি বলেছেন, রাসূল সা. বলেছেন, আমার উম্মতের একটি দল আল্লাহর নির্দেশের উপর অটল থাকবে। তাদের বিরোধিতাকারীরা কিংবা তাদের অবজ্ঞাকারীরা তাদের কোন ক্ষতি করতে পারবে না। এমনকি একসময় আল্লাহর নির্দেশ তথা কেয়ামত এসে পড়বে, অথচ তারা মানুষের উপর বিজয়ী থাকবে। - বুখারী, মুসলিম

وعن سلمة بن نفيل الكندي، قال: كنت جالساً عند رسول الله ، فقال رجل: يا رسول الله، أذال الناس الخيل، ووضعوا السلاح، وقالوا: لا جهاد، قد وضعت الحرب أوزارها! فأقبل رسول الله بوجهه وقال:"كذبوا، الآن، الآن جاء القتال، ولا يزال من أمتي أمة يقاتلون على الحق ويزيغ الله لهم قلوب أقوام ويرزقهم منهم، حتى تقوم الساعة، وحتى يأتي وعد الله، والخيل معقود في نواصيها الخير إلى يوم القيامة ".

২. হযরত সালামা ইবনে নুফাইল রাযি. থেকে বর্ণিত. তিনি বলেন, আমি রাসূল সা. এর কাছে বসেছিলাম; তখন এক ব্যক্তি রাসূল সা.কে বললো, ইয়া রাসূলাল্লাহ! লোকেরা ঘোড়ার প্রতি উদাসীনতা দেখাচ্ছে, অস্ত্র রেখে দিয়েছে আর

বলছে, এখন আর জিহাদের প্রয়োজন নেই। যুদ্ধের পাঠ চুকে গেছে। তখন রাসূল সা. লোকদের প্রতি লক্ষ করে বললেন, তারা মিথ্যা বলেছে। সবেমাত্র না যুদ্ধের সময় হল। আমার উম্মতের একদল সত্যের পক্ষে লড়তে থাকবে। আল্লাহ তাদের মাধ্যমে অনেক গোত্রের অন্তর কম্পমান করে দিবেন। আর তাদের থেকে আল্লাহ তাদের রিযিক দিবেন। এমনকি কেয়ামত সংঘটিত হবে এবং আল্লাহর ওয়াদা এসে উপস্থিত হবে। ঘোড়ার ললাটে কেয়ামত পর্যন্ত কল্যাণ নিহিত আছে। - নাসায়ী

وعن معاوية بن قرة عن أبيه قال: قال رسول الله:" لا تزال طائفة من أمتي منصورين لا يضرهم من خذلهم حتى تقوم الساعة ".

৩. হযরত মুয়াবিয়া ইবনে কুররাহ রহ. তার পিতা থেকে বর্ণনা করেন, রাসূল সা. বলেছেন, আমার উম্মতের একদল সর্বদা সাহায্যপ্রাপ্ত থাকবে। যারা তাদের বিরোধিতা করবে তারা তাদের কোন ক্ষতি করতে পারবে না। এমনকি কেয়ামত সংঘটিত হয়ে যাবে। - ইবনে মাজাহ

وعن عمران بن حصين قال: قال رسول الله:" لا تزال طائفة من أمتي يقاتلون على الحق،ظاهرين على من ناوأهم، حتى يقاتل آخرهم المسيح الدجال ".

৪. হযরত ইমরান ইবনে হুসাইন রাযি. বলেন, রাসূল সা. বলেছেন, আমার উম্মতের একটি দল সত্যের পথে কিতাল করবে। তারা তাদের শত্রুদের উপর সর্বদা জয়ী থাকবে। এমনকি তাদের শেষাংশ দাজ্জালের সাথে কিতাল করবে।

এ ধরণের আরো অনেক হাদীস হাদীসের কিতাবসমূহে বর্ণিত হয়েছে। উক্ত হাদীসসমূহ থেকে আমরা যা বুঝতে পারি–

* এমন কোন কাল অতিক্রম হবে না যখন পৃথিবীর কোন প্রান্তে আল্লাহর দীনকে বুলন্দ করার জন্য জিহাদরত কোন দল পাওয়া যাবে না। কোথাও না কোথাও অবশ্যই তেমন একটা দল থাকবে ।

* কোন শক্তি তাদের দমাতে পারবে না। চাই সে শক্তি কোন কুফরী পরাশক্তি নামেই আবির্ভূত হোক বা কুফ্ফারদের দালাল নামধারী মুসলিম শক্তিই হোক না কেন। এর উদাহরণ দেওয়াই বাহুল্য। ইতিহাস এর নির্মম সাক্ষী। আজ অবধি যত বড় বড় কুফরী শক্তির পরাজয় হয়েছে অধিকাংশই তাদের তুলনায় মুষ্টিময় মুসলমানদের হাতেই হয়েছে। তাদের সাথে মোকবেলা করে কোন শক্তিই টিকে থাকতে পারবে না।

* তাদের শেষাংশ দাজ্জালের সাথে কিতাল করবে। দাজ্জাল হল কুফরী শক্তির সবচেয়ে বৃহৎ এবং চূড়ান্ত শক্তি। এই মহাশক্তির পরাজয়ও তাদের হাতে হবে। এত বড় কুফরী শক্তির যদি তাদের হতে পরাজিত হতে হয়, তাহলে অন্য কোন কুফরী শক্তি তাদের সাথে কিভাবে মোকাবেলা করে টিকে থাকতে পারে।

* আল্লাহর হুকুম আসা পর্যন্ত আল্লাহর সাহায্য ও বিজয় তাদের সঙ্গী হয়ে থাকবে। এখানে আল্লাহর হুকুম বলতে মৃদু বাতাসের মাধ্যমে মুমিনদের রুহ কবজ করে নেওয়া পর্যন্ত সময়কে বুঝানো হয়েছে। যেমন এক হাদীসে এসেছে,

وعن عبد الرحمن بن شُمَاسَة المهري قال: كنت عند مسلمة بن مخلَّد وعنده عبد الله بن عمرو بن العاص، فقال عبد الله: لا تقوم الساعة إلا على شرار الخلق هم شر من أهل الجاهلية لا يدعون الله بشيء إلا رده عليهم. فبينما هم على ذلك أقبل عقبة بن عامر فقال له مسلمة: يا عقبة اسمع ما يقول عبد الله. فقال عقبة: هو أعلم، وأما أنا فسمعت رسول الله ﷺ يقول:" لا تزال عصابة من أمتي يقاتلون على أمر الله قاهرين لعدوهم لا يضرهم من خالفهم حتى تأتيهم الساعة وهم على ذلك "، فقال عبد الله: أجل ثم يبعث الله ريحاً كريح المسك مسها مس الحرير فلا تترك نفساً في قلبه مثقال حبة من الإيمان إلا قبضته، ثم يبقى شرار الناس عليهم تقوم الساعة " مسلم.

হযরত আব্দুর রহমান ইবনে শুমাসা রহ. বলেন, আমি মাসলামা ইবনে মুখাল্লাদ রহ. এর কাছে বসা ছিলাম। তার কাছে আব্দুল্লাহ ইবনে আমর ইবনে আসও ছিলেন। তখন আব্দুল্লাহ রাযি. বললেন, কেয়ামত সংঘটিত হবে জাহেলিয়্যাতের যুগের মানুষের চেয়েও নিকৃষ্টদের উপর। তারা কোন দোয়া করলে আল্লাহ তা ফিরিয়ে দিবেন। এমন সময় তাদের মাঝে উকবা ইবনে আমের রাযি. প্রবেশ করলেন। তখন তাকে উদ্দেশ্য করে মাসলামা রাযি. বললেন, হে উকবা, দেখ তো আব্দুল্লাহ কী বলছে? তখন উকবা রাযি. বললেন, তিনি ভালই জানেন। তবে আমি রাসূল সা.কেবলতে শুনেছি, আমার উম্মতের একটি দল সত্যের পথে লড়তে থাকবে, তারা তাদের শত্রুদের ব্যাপারে অনেক কঠোর হবে। যারা তাদের বিরোধিতা করবে তারা তাদের কোনই ক্ষতি করতে পারবে না। এমনকি কেয়ামত সংঘটিত হয়ে যাবে আর তারা তাদের অবস্থায় অটল থাকবে। তখন আব্দুল্লাহ ইবনে আমর রাযি. বললেন, হ্যাঁ, এমনই। অতঃপর আল্লাহ তাআলা মৃদু বাতাস প্রবাহিত করবেন; যার ঘ্রাণ হবে মেশকের মত আর কোমলতা হবে রেশমী কাপড়ের মত। যার অন্তরে শরিষা পরিমাণও ঈমান থাকবে সে বাতাস তাকে মৃত্যুর স্বাদ আস্বাদন করাবে। অতঃপর রয়ে যাবে সৃষ্টির সবচেয়ে ঘৃণিত জাতি। আর তদের উপরই কেয়ামত সংঘটিত হবে। -মুসলিম


উল্লিখিত হাদীসসমূহ থেকে একটি বিষয় সুস্পষ্টভাবে বুঝা যাচ্ছে যে, যারা আল্লাহর রাস্তায় জিহাদ করবে তারাই তায়েফায়ে মানসূরা। বিষয়টি স্পষ্ট হওয়ার পরেও প্রত্যেকে নিজেদেরকে -মুজাহিদীনদের কাতারে শামিল না হয়েও তায়েফায়ে মানসূরা হওয়ার দাবী করে থাকেন। কিন্তু বাস্তব কথা হল, যারা জিহাদের পথে নেই তারা তায়েফায়ে মানসূরা হওয়ার দাবী করা নিছক ভ্রান্তি ছাড়া কিছুই না। তায়েফায়ে মানসূরা হতে হলে আগে মুজাহিদদের কাতারে শামিল হতে হবে। এখানে আল্লামা আনওয়ার শাহ কাশ্মিরী রহ. এর কথা খুবই প্রাসঙ্গিক। তিনি বলেন,

(«ولن تزال... إلخ») واختلف في تعيين مصادقِهِ وكلٌّ ادّعى بما بدا له.

قلت: كيف مع أنه منصوصٌ في الحديث وهم المجاهدون في سبيل الله؟ ثم رأيت عن أحمد رحمه الله أن تلك الطائفة إن لم تكن من أهل السنة والجماعة فلا أدري من هي؟ ولم أكن أفهم مراده لأنك قد علمت أنها المجاهدون بنص الحديث. ولا يمكن عنه الغفلة لمثل أحمد رحمه الله فكيف قال إنها أهل السنة والجماعة؟ ثم بدا لي مراده: وهو أن المجاهدين ليسوا إلا من أهل السنة، فعلمت أنه عيَّنَهم من تلقاء جهادهم لا من جهة عقائِدِهم، ويشهد له التاريخ فإنه لم يُوفَّق للجهاد أحد غيرُ تلك الطائفة. وأكثر تخريب السلطنة الإسلامية كان على أيدي الروافض خذلهم الله ولعنهم.

'তায়েফায়ে মানসূরা হওয়ার দাবী সবাই করে থাকে। তবে এই দাবী অবান্তর। কারণ, হাদীসের মধ্যে তাদের পরিচয় মুজাহিদ হিসাবেই দেয়া হয়েছে। কেউ মুজাহিদদের অন্তর্ভুক্ত না হয়ে কিভাবে তাদের দলকে তায়েফায়ে মানসূরা হওয়ার দাবী করতে পারে?

তবে পরে দেখলাম যে, ইমাম আহমাদ রহ. থেকে বর্ণিত আছে, তিনি বলেছেন, 'তাঁরা - তায়েফায়ে মানসূরা- যদি আহলুস্সুন্নাহ ওয়াল জামাআহ্ না হয় তাহলে তাঁরা আর কারা হতে পারে আমার জানা নেই।' আমি প্রথমে এ কথার উদ্দেশ্য বুঝতে পারলাম না। কারণ, যেখানে হাদীসের ভাষ্যই বলে দিচ্ছে যে, তাঁরা হল মুজাহিদগণ। সেখানে যদি পরিধি বিস্তৃত করে আহলুস্সুন্নাহ্ ওয়াল জামাআহ্ বলা হয় তাহলে হাদীসের সুস্পষ্ট ভাষ্যের দাবী রইল কোথায়? পরে বিষয়টি আমার কাছে স্পষ্ট হল যে, যারা মুজাহিদ তাঁরা তো আহলুস্সুন্নাহরই অন্তর্ভুক্ত। তখন বুঝতে পারলাম, তিনি উক্ত জামাতের পরিচয় দিয়েছেন অভিনব এক আঙ্গিকে। তিনি তাদের পরিচয় দিয়েছেন তাদের আমলের দিকটাকে সামনে রেখে। তাদের আকীদার বিষয়টি সামনে রেখে নয়। অর্থাৎ, যারা জিহাদ করছে তাঁরা আহলুস্সুন্নাহ ওয়াল জামাআহ। আর তাঁরাই মুজাহিদীন। কারণ, ইতিহাস সাক্ষী আহলুস্সুন্নাহ ওয়াল জামাআহ ব্যতীত জিহাদের মত সুমহান আমলের তৌফিক অন্য কোন দলের নসীব হয়নি। পক্ষান্তরে ইসলামী সাম্রাজ্য ধ্বংসের পিছনে রাফেজীদের ভূমিকাই বেশি ছিল। আল্লাহ তাদের লাঞ্চিত করুন!.



দারসুল ফিকহ

জিহাদের আদব ও বিধিবিধান সমূহ

-শহীদ আব্দুল্লাহ আয্‌যাম রহ.

ইসলামী দাওয়াত প্রচার এবং মানবজাতিকে কুফুরের অত্যাচার থেকে মুক্ত করে ঈমানের শিষ্টাচারের দিকে নিয়ে আসা এবং দুনিয়া ও আখেরাতের অন্ধকার থেকে বের করে দুনিয়া ও আখেরাতের আলো পর্যন্ত পৌঁছে দেওয়ার জন্যই ইসলামে যুদ্ধকে (জিহাদ) বিধান হিসেবে দেওয়া হয়েছে।

আর একারণেই ইসলামী দাওয়াতের সামনে যে সকল রাজনৈতিক, অর্থনৈতিক, এবং সামাজিক জটিলতা বাধা হয়ে দাঁড়ায় তা ভেঙ্গে দেওয়ার জন্যই মূলত ইসলামে জিহাদকে বিধান হিসেবে দেওয়া হয়েছে।

বিষয়টিকে আমরা এভাবে ব্যক্ত করতে পারি যে, দুনিয়াবাসীদের নিকট দাওয়াত পৌঁছানোর সকল প্রতিবন্ধকতা ভেঙ্গে চুরমার করার জন্যই জিহাদের আগমন হয়েছে। অতএব মানুষ যদি এই দীন স্বেচ্ছায় গ্রহণ করে তাহলে তরবারি চালানো এবং রক্তপাত করার কোন প্রয়োজন নেই। মালামাল নষ্ট করা এবং ঘরবাড়ি ও স্থাপনা ধ্বংস করারও কোন প্রয়োজন নেই। কেননা এই দীন তো এসেছে সংস্কার ও উন্নয়ন সাধনের জন্য, ফ্যাসাদ কিংবা অরাজকতা সৃষ্টির জন্য নয়।

মুসলিম উম্মাহর ওপর জিহাদ ফরজ। কারণ তারাই তাওহীদের পতাকাবাহী এবং তারাই তাওহীদের দাওয়াত পৃথিবীর সব জায়গায় পৌঁছানোর জন্য আদিষ্ট। সুতরাং যদি কোন রাজনৈতিক সংগঠন কিংবা বর্তমান শাসনব্যবস্থার কারণে তাওহীদের দাওয়াতের মধ্যে কোন ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি হয়, তাহলে সেই প্রতিবন্ধকতা দূর করার জন্য আমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ করবো। কারণ তারা মানুষের নিকট দাওয়াত পৌঁছানোর ক্ষেত্রে আমাদের সামনে বাধা হয়ে দাঁড়িয়েছে। যদি দাওয়াতের ক্ষেত্রে আমাদের সামনে কোন রাজনৈতিক শক্তি, অর্থনৈতিক শক্তি, গোত্রিক ও রাষ্ট্রীয় শক্তি কিংবা আন্তর্জাতিক শক্তি বাধা হয়ে দাঁড়ায় তাহলে আমরা তাদের বিরুদ্ধে অস্ত্র তুলে নিতে বাধ্য হবো এবং তাদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাবো যতক্ষণ না তারা এই দীনের সামনে মাথানত করে এবং আমাদের জন্য দীন পৌঁছানোর সকল রাস্তা খুলে দেয়। যাতে আমরা ঐ সকল লোকদের উদ্ধার করতে পারি যাদের উদ্ধার করতে আমরা আদিষ্ট হয়েছি।

﴿ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ بَصِيرٌ ﴾

অর্থ: **'আর তাদের সাথে যুদ্ধ করতে থাক, যতক্ষণ না ফেতনা (শিরক, কুফুর ইত্যাদি) নির্মূল হয় আর দ্বীন (ইবাদত) সামগ্রিকভাবে আল্লাহর জন্য প্রতিষ্ঠিত হয়ে যায়। যদি তারা (অন্যায় থেকে) বিরত হয় তাহলে তারা যা করে আল্লাহ তা অবশ্যই দেখতে পান।'** (সূরা আনফাল, আয়াত ৩৯)

সুতরাং ফিতনা নির্মূল করা এবং ঐ সকল বাতিল উদ্দেশ্যের দলগুলো ভেঙ্গে দেওয়ার জন্যই জিহাদ, যারা মানুষকে আল্লাহর ইবাদত থেকে ফিরিয়ে মানুষের ইবাদত করতে বাধ্য করে। এখন তারা যদি আত্মসমর্পন করে এবং লোকদেরকে আল্লাহর পথ থেকে ফিরিয়ে না রাখে তাহলে মানুষ হত্যা করা এবং ঘরবাড়ি ধ্বংস করার কোনই প্রয়োজন নেই। ইসলাম মানুষকে (এমনকি তাগুতদেরও) দুনিয়াতে জাহিলিয়্যাতের অন্ধকার এবং আখেরাতে জাহান্নামের আগুন থেকে মুক্ত করতে চায়। আর এ কারণেই রাসূল সা. আলী রাযি. এর নিকট খাইবার যুদ্ধের ঝাণ্ডা অর্পণ করার সময় বলেছিলেন,

فَوَاللَّهِ لأَنْ يَهْتَدِيَ بِكَ رَجُلٌ وَاحِدٌ خَيْرٌ لَكَ مِنْ حُمْرِ النَّعَمِ.

অর্থ: **'আল্লাহর কসম! তোমার মাধ্যমে যদি একজন লোকও হেদায়েত পায় তাহলে এটা তোমার জন্য লাল উটের চেয়েও উত্তম।'**

মানব প্রভূদের হাতে জিম্মি অসহায় সম্প্রদায়কে উদ্ধার করার জন্যই জিহাদের প্রয়োজনীয়তা রয়েছে, সুতরাং অবশ্যই এই সকল প্রভূদেরকে বান্দার কাতারে এবং অসহায় ও দুর্বলদের স্বাভাবিকদের কাতারে এনে দাঁড় করাতে হবে। এসকল প্রভূরা যদি তাদের অবস্থান ত্যাগ করতে অস্বীকার করে তাহলে অবশ্যই তাদের অহংকার ভেঙ্গে দিতে হবে এবং তাদের স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে হবে।

আর এজন্য ইসলামে জিহাদের নির্ধারিত কিছু মূলনীতি রয়েছে। সবসময় এই মূলনীতির ওপরে থেকে জিহাদ করতে হবে এবং মুজাহিদকে একথা ভুলে গেলে চলবে না যে, তার জিহাদের আসল উদ্দেশ্য হল ইসলামী দাওয়াত প্রচার করা।

জিহাদের মূলনীতি:

১। কোন সম্প্রদায়ের সাথে জিহাদ করার পূর্বে অবশ্যই তাদের সামনে ইসলামী দাওয়াত পেশ করতে হবে। দাওয়াত পেশ করা ব্যতিত তাদের সাথে জিহাদ করা জায়েয নেই।

২। যারা মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে অংশ না নেয় তাদের হত্যা করা জায়েয নেই। আল্লাহ তাআলা বলেন,

﴿ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ ﴾

অর্থ: 'আর তাদের সাথে যুদ্ধ করতে থাক যতক্ষণ না ফেতনা (শিরিক, কুফুর ইত্যাদি) নির্মূল হওয়া পর্যন্ত।

قاتلوا এটা উভয়দিকে অংশীদারিত্ব বাচক ক্রিয়া। অর্থাৎ মুসলমানরা শুধুমাত্র যোদ্ধাদের সাথেই যুদ্ধ করবে। যাদের কোন শক্তি বা দাপট নেই এবং যাদের পক্ষ থেকে ফিতনার আশংকা নেই যেমন, বৃদ্ধ, নারী, শিশু, পঙ্গু এবং মানুষের সমাজ থেকে আলাদা হয়ে দূরে একাকি বাস করে এমন মানুষদের হত্যা করা জায়েয নেই।

৩। আসবাবপত্র ধ্বংস করা, গাছপালা কাটা, ঘর-বাড়ি পোড়ানো জায়েয নেই। তবে দাওয়াতের প্রতিবন্ধকতা দূর করার জন্য প্রয়োজন পরিমাণ জায়েয আছে।

৪। যুদ্ধের পরে অঙ্গচ্ছেদন এবং অঙ্গবিকৃতিকরণ জায়েয নেই।

৫। নতি স্বীকার করে আত্মসমর্পন করা এবং নিরাপত্তা চুক্তির পরও যুদ্ধ করা জায়েয নেই। এমনিভাবে প্রতিশ্রুতি পূরণ ও চুক্তি আদায় করার পরও তাদের সাথে প্রতারণা করা জায়েয নেই। আল্লাহ তাআলা বলেন,

﴿ إِلَّا الَّذِينَ عَاهَدْتُمْ مِنَ الْمُشْرِكِينَ ثُمَّ لَمْ يَنْقُصُوكُمْ شَيْئًا وَلَمْ يُظَاهِرُوا عَلَيْكُمْ أَحَدًا فَأَتِمُّوا إِلَيْهِمْ عَهْدَهُمْ إِلَى مُدَّتِهِمْ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَّقِينَ ﴾

অর্থ: 'তবে মুশরিকদের মধ্যে যাদের সাথে তোমাদের চুক্তি হয়েছে এবং যারা তোমাদের সে চুক্তি রক্ষায় কোন ত্রুটি করেনি কিংবা তোমাদের বিরুদ্ধে কাউকে সাহায্যও করেনি তাদের ব্যাপারটি আলাদা। মেয়াদ পূর্ণ হওয়া পর্যন্ত তোমরা তাদেও সাথে চুক্তি মেনে চলবে। নিশ্চয়ই আল্লাহ মোত্তাকীদের পছন্দ করেন।' (সূরা তাওবা, আয়াত ৪)

হাদীসে এসেছে,

عن أنس عن النبي صلى الله عليه و سلم قال لكل غادر لواء يوم القيامة

অর্থ: 'হযরত আনাস রাযি. থেকে বর্ণিত, রাসূল সা. বলেন, কিয়ামতের দিন প্রত্যেক প্রতারকেরেই নির্দিষ্ট একটা চিহ্ন থাকবে।' (সহীহ বুখারী, খন্ড ৩, পৃষ্ঠা ১১৬৪) এখন আমরা এ সকল মূলনীতি নিয়ে বিস্তারিত আলোচনা করবো। ইনশাল্লাহ।

দাওয়াত উপস্থাপন

যুদ্ধের পূর্বে দাওয়াত পেশ করার ব্যাপারে উলামায়ে কেরাম থেকে তিন রকম মতামত পাওয়া যায়।

১। যুদ্ধের পূর্বে শত্রুদের সতর্ক করা ওয়াজিব। ইতিপূর্বে তাদের কাছে দাওয়াত পৌছাক বা না পৌছাক। ইমাম মালেক রহ. এই মতটি গ্রহণ করেছেন।

২। তাদের নিকট দাওয়াত পৌছানো ওয়াজিব নয় বরং মুস্তাহাব। ইতিপূর্বে তাদের নিকট দাওয়াত পৌছাক বা না পৌছাক।

ইমাম মালেক রহ. তার মতের স্বপক্ষে দলীল হিসেবে ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণিত একটি হাদীস পেশ করেন।তিনি বলেন,

ما قاتل رسول الله صلى الله عليه و سلم قوما قط إلا دعاهم

অর্থ: 'রাসূল সা. কখনই দাওয়াত দেওয়া ব্যতিত কোন কওমের সাথে যুদ্ধ করেননি।' (নাইলুল আওতার ২৩০/৭) হাত্তাব রহ. বলেন, ইমাম মালেক রহ. বলেছেন, দাওয়াত দেওয়া ব্যতিত কখনই মুশরিকদের সাথে যুদ্ধ করা যাবে না। (মাওয়াহিবুল জালীল- ৩৫০/৩)

খারাজ (الخراج) নামক কিতাবে ইমাম আবূ ইউসুফ রহ. এর মতামত বিশ্লেষণ করলে বুঝা যায় যে, তিনিও ইমাম মালেক রহ. এর সাথে একমত । তিনি বলেন, 'আমাদের নিকট যত সংবাদ পৌছেছে তাতে দেখা যায় যে, রাসূল সা. কখনই কোন কওমকে আল্লাহ ও তাঁর রাসূলের দিকে আহবান করা ব্যতিত তাদের সাথে যুদ্ধ করেন নি।' (আল খারাজ- ৭০২)

عن سليمان بن بريدة عن أبيه قال : (كان رسول اللّه صلى اللّه عليه وآله وسلم إذا أمر أميرًا على جيش أو سرية أوصاه في خاصته بتقوى اللّه ومن معه من المسلمين خيرًا ثم قال اغزوا بسم اللّه في سبيل اللّه قاتلوا من كفر باللّه اغزوا ولا تغلوا ولا تغدروا ولا تمثلوا ولا تقتلوا وليدًا وإذا لقيت عدوك من المشركين فادعهم إلى ثلاث خصال أو خلال فأيتهن ما أجابوك فاقبل منهم

অর্থ: 'সুলাইমান ইবনে বুরাইদা রহ. তার পিতা থেকে বর্ণনা করেন, রাসূলুল্লাহ সা. যখন কাউকে কোন অভিযান বা সৈন্যদলের আমীর বানাতেন তখন তাকে এই বলে ওসিয়াত করতেন যে, সর্বদা আল্লাহকে ভয় করবে, তোমার সাথীদের কল্যাণের প্রতি লক্ষ রাখবে। অতঃপর তিনি বলতেন, যাও আল্লাহর নাম নিয়ে তাঁর রাস্তায় যুদ্ধ কর। এবং যারা তাঁর সাথে কুফুরি করে তাদের হত্যা কর। তোমরা যুদ্ধ করবে; কিন্তু কারো ওপর জুলুম করবে না। প্রতারণা করবে না। অঙ্গবিকৃতি করবে না এবং নারী হত্যা করবে না। মুশরিকদের সাথে মোকাবেলার পূর্বে তোমরা তাদেরকে তিন জিনিসের দিকে ডাকবে। তারা যেটা বেছে নেয় তোমরা তাদের থেকে সেটাই গ্রহণ করবে।' (নাইলুল আওতার ৩৩২/৭)

এক. তোমরা তাদেরকে ইসলামের দিকে আহবান করবে। যদি তারা ইসলাম গ্রহণ করে তাহলে তাদের সাথে যুদ্ধ করবে না; বরং তাদেরকে হিজরতের প্রতি আহ্বান করে বলবে তোমরা যদি হিজরত কর তাহলে মুহাজিররা যা পায় তোমরাও তা পাবে। যদি তারা হিজরত করতে অস্বীকার করে তাহলে তাদের বলবে, 'তোমরা যদি এখানে থাকো তাহলে আরবের মুসলমানদের মত তোমাদের ওপরও জুলুম নির্যাতন নেমে আসবে এবং তোমরা ফাই ও গনীমতের কোন অংশ পাবে না। তবে যদি তোমরা মুসলমানদের সাথে যুদ্ধ কর (তাহলে পাবে)।'

দুই. তারা ইসলাম গ্রহণ করতে অস্বীকার করলে তাদের জিযিয়া দিতে বলবে। যদি তারা জিযিয়া দেয় তাহলে তাদের থেকে তা গ্রহণ করবে এবং তাদের সাথে যুদ্ধ করবে না।

তিন. তারা জিযিয়া দিতে অস্বীকার করলে আল্লাহর নামে তাদের সাথে যুদ্ধ করবে।

৩। অধিকাংশ ইমামদের মতে পূর্বে তাদের নিকট দাওয়াত না পৌছে থাকলে দাওয়াত দেওয়া ওয়াজিব। আর পৌছে থাকলে ওয়াজিব নয়।

শাফেয়ী মাযহাব: নেহায়াতুল মুহতাজ نهاية المحتاج নামক কিতাবে রমালী রহ. বলেন, যদি আমরা একথা জানতে পারি যে, তাদের নিকট ইতিপূর্বে ইসলামী দাওয়াত পৌছেনি। তাহলে দাওয়াত পৌছা পর্যন্ত আমরা তাদের সাথে যুদ্ধ করা থেকে বিরত থাকবো। দাওয়াত দেওয়া ব্যতিত যদি কেউ যুদ্ধ করে এবং অন্য কাউকে হত্যা করে তাহলে সে গুনাহগার হবে এবং এজন্য তাকে মুক্তিপণ দিতে হবে। আর হ্যাঁ, ইতিপূর্বে যদি তাদের নিকট দাওয়াত পৌছে থাকে, তাহলে দাওয়াত দেওয়া ব্যতিতই তাদের সাথে কিতাল করা হবে। (নেহায়াতুল মুহতাজ ৪৬/৮)

হানাফী মাযহাব: সারাখসী রহ. বলেন, 'ইতিপূর্বে যদি তাদের নিকট দাওয়াত পৌছে থাকে তাহলে দাওয়াত পৌছানো না পৌছানো মুসলমানদের ইচ্ছাধীন। তারা চাইলে দাওয়াত পৌছাতে পারে আবার দাওয়াত পৌছানো ছাড়াই তাদের সাথে যুদ্ধ করতে পারে। কারণ তারা তো জানেই মুসলমানরা তাদের কাছে কী চায়। হ্যাঁ, এটাও সত্য কথা যে, পূর্বের সতর্কতা কখনো কখনো উপকারের পরিবর্তে ক্ষতির কারণ হয়; বরং পূর্বে দাওয়াহ পৌছে থাকলে, দাওয়াত দেওয়া ছাড়াই যুদ্ধ করা ভাল। (শরহুস সিয়ার, ৭৭/১)

দ্বিতীয় মাজহাব সমর্থনকারী আলেমগণ তাদের মতের স্বপক্ষে খুবই মজবুত এক দলীল পেশ করে থাকেন। তাহলো- আবদুর রহমান ইবনে আউফ রাযি. থেকে বর্ণিত একটি হাদীস, বুখারী ও মুসলিমে হাদীসটি উল্লেখ আছে। 'আব্দুর রহমান ইবনে আউফ রাযি. বলেন, আমি যুদ্ধের পূর্বে কাফেরদের ইসলামের দাওয়াত সম্পর্কে জানতে চেয়ে নাফে' রাযি. এর নিকট চিঠি পাঠালাম। তিনি আমাকে লিখে জানালেন, এটা ইসলামের শুরুতে ওয়াজিব ছিল। আর রাসূল সা. বনী মুস্তালিকের ওপর এমন সময় আক্রমণ করেছেন যখন তারা একেবারেই অসতর্ক ছিল এবং তাদের উটগুলো পানি পান করছিল। অতঃপর তিনি তাদের যোদ্ধাদের হত্যা করেছেন এবং তাদের পরিবারের অন্যান্য সদস্যদের বন্দী করেছেন। জুওয়াইরিয়া রাযি. এ যুদ্ধেই যুদ্ধবন্দী হয়েছিলেন। আব্দুল্লাহ ইবনে ওমর রাযি. আমার নিকট এমনই বর্ণনা করেছেন। এই যুদ্ধে তিনিও উপস্থিত ছিলেন।

দুই মাযহাবের (প্রথম ও দ্বিতীয়) মাঝে মতানৈক্যের মূল কারণ হচ্ছে, দুটি হাদীসের মাঝে পরস্পর বিরোধী বক্তব্য। একটি এই হাদীস অপরটি নিম্নে বর্ণিত ইবনে আব্বাস রাযি. এর হাদীস। ইবনে আব্বাস রাযি. বলেন, রাসূল সা. কোন কওমকে দাওয়াত দেওয়া ব্যতিত তাদের সাথে যুদ্ধ করেননি। ইমাম মালেক রহ. ইবনে আব্বাস রাযি. এর হাদীসটি গ্রহণ করেছেন। কারণ এটা কওলী (মৌখিক)। আর কওল ফেয়েলের (কাজের) ওপর প্রাধান্য পায়।

এবং দ্বিতীয় মাযহাব: (যারা দাওয়াত পৌছানোকে কোন অবস্থাতেই ওয়াজিব মনে করেন না।) নাফে রহ. হাদীসটি গ্রহণ করেছেন এবং তারা বলেন, গাজওয়ায়ে বানী মুস্তালিকে রাসূল সা. এর কার্যক্রমই ইবনে আব্বাস রাযি. এর হাদীসের জন্য নাসেখ (রহিত কারী)।

আর জমহুরগণ: (তৃতীয় মাযহাব গ্রহণকারী ওলামায়ে কেরাম) উভয় হাদীসের মাঝে যোগসূত্র কায়েম করাকে পছন্দ করেছেন এবং নাফে রহ. এর হাদীসে এদিকেই ইঙ্গিত পাওয়া যায়,

إنما كان ذلك في أول الاسلام

'ইসলামের শুরুর দিকে মানুষকে ইসলামের দিকে ডাকা হতো। অর্থাৎ ইতিপূর্বে যদি ইসলামের দাওয়াত পৌছে না থাকে তাহলে দাওয়াত পৌছাতে হবে আর যদি পৌছে থাকে তাহলে প্রয়োজন নেই।'

দুই হাদিসের মাঝে সমন্বয় করে আমল করাই উত্তম। কেননা কোনটাকে নসখ করা অথবা একটাকে আরেকটার ওপর প্রাধান্য দেওয়ার পূর্বে যদি একটাকে আরেকটার সাথে একত্র করে আমল করা যায় তাহলে তাই করতে হবে। এমনিভাবে ইবনে আব্বাস সা. এর হাদীস আম, অন্যদিকে নাফে রহ. এর হাদীস খাছ। আর খাছ আমের ওপর প্রাধান্য পায়।

এই হাদীসের আলোকে ইমাম আহমদ রহ. বলেন, দাওয়াত সব জায়গায় ছড়িয়ে গেছে এবং সব স্থানে পৌছে গেছে। কিন্তু যদি রোম, তুর্কিস্তানের পিছনে এমন কোন জাতি থাকে, যাদের নিকট দাওয়াত পৌছেনি তাহলে দাওয়াত দেওয়ার পূর্বে তাদের সাথে যুদ্ধ করা জায়েয নেই। কারণ রাসূল সা. এমনটিই করতেন। কিন্তু আমার জানা নেই যে এখনো কোন জাতি কি এমন আছে যাদের নিকট দাওয়াত পৌছেনি। বরং সব জায়গাতেই দাওয়াত পৌছে গেছে।

জমহুরের মতটিই আকলী এবং নকলী উভয় দিক থেকে প্রাধান্যযোগ্য। বুখারী রহ. বর্ণনা করেন, রাসূল সা. আনসারদের একটি দল আবূ রাফেকে হত্যা করতে পাঠালেন, অতপর আব্দুল্লাহ ইবনে আতীক রাযি. তার ঘরে প্রবেশ করে তাকে ঘুমন্ত অবস্থায় হত্যা করলেন। অর্থাৎ আব্দুল্লাহ ইবনে আতীক রাযি. আবূ রাফেকে (আব্দুল্লাহ ইবনে উবাই আল হাকীকাকে) সতর্ক করা ছাড়াই হত্যা করলেন।



মুমিনের জীবনে আল্লাহর সাহায্য প্রার্থনার গুরুত্ব

শায়েখ খালেদ আল হুসাইনান রহ.

যে মুমিন আখেরতের সবচে' বড় সম্মানজনক মর্তবা লাভের কামনা করে, অবশ্যই তাকে মহান আল্লাহর সাহায্য ও তৌফিক পেতে সচেষ্ট হতে হয়। প্রতিদিন আমরা নামাযে এ আয়াত إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ পাঠ করি। তবে এর মর্ম ক'জন বুঝি? অনেকেই জানে না 'আল্লাহর সাহায্য প্রার্থনার অর্থ কী? এটা যে মুমিনের রন্ধ্রে রন্ধ্রে মিশে আছে, এটা ছাড়া যে ইহকালীন-পরকালীন কোন কাজই সম্পন্ন করা সম্ভব নয়। যা সম্পন্ন হয় তা যে তারই অনুগ্রহ ও সহজীকরণের ফলেই হয় - এসব বিষয় কি আমরা ভাবি?

একটু ভাবুন:

এ আয়াতটিতে إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ

এ আয়াতের ব্যাখ্যায় শায়খ সা'দী রহ. বলেন, 'অর্থাৎ আমরা একমাত্র আপনারই এবাদত করি অন্য কারো নয়। আপনার কাছেই আমাদের সব আকুতি-মিনতি, অন্য কারো কাছে নয়।'

যেন তিনি বলতে চাচ্ছেন, আমরা আপনার এবাদত করি অন্য কারো নয়; আপনার কাছেই সাহায্য প্রার্থনা করি অন্য কারো কাছে নয়।

যেসব কথা কাজে আল্লাহ সন্তুষ্ট হন তাই এবাদত। চাই তা প্রকাশ্যে হোক বা গোপনে। আর আয়াতে إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ সাহায্য প্রার্থনা বলতে যাবতীয় কল্যাণ অর্জন ও অকল্যাণ দূর করণে আল্লাহর উপর ভরসা করাকে বোঝানো হয়েছে।

আল্লাহর এবাদতে নিমগ্নতা এবং তাঁর সাহায্য কামনাই চিরস্থায়ী সফলতার মাধ্যম এবং সমূহ অনিষ্ট থেকে রক্ষা পাওয়ার একমাত্র উপায়। সুতরাং এ দু'টো ব্যতীত মুক্তির পথ রুদ্ধ।

এবাদত গ্রহণযোগ্য হওয়ার জন্য শর্ত: এবাদত গ্রহণযোগ্যতা লাভ করবে যখন তা প্রিয় নবীর দিক নির্দেশনা মোতাবেক হবে এবং একমাত্র আল্লাহর সন্তুষ্টির নিমিত্তে তা করা হবে। এ দুটির সমন্বয় সাধন হলেই তা এবাদতের স্বীকৃতি পাবে। আয়াতে এবাদতের পর إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ তথা সাহায্য প্রার্থনার কথা বলা হয়েছে। অথচ, এবাদতের মধ্যেও সাহায্যের বিষয়টি রয়েছে। এর কারণ হল, বান্দা এবাদত পালনের ক্ষেত্রেও আল্লাহর সাহায্যের ভিখারী। তার সাহায্য ছাড়া বান্দা অচল।

হাফেজ ইবনে রজব রহ. বলেন, একমাত্র আল্লাহর কাছে সাহায্য এজন্য চাইতে হয় কেননা, তাঁর সাহায্য ছাড়া কল্যাণ লাভ করা কিংবা অকল্যাণ দূর করা বান্দার সাধ্যের বাইরে। ইহকালিন ও পরকালিন সকল কল্যাণ তাঁর অনুগ্রহেই সম্পন্ন হয়। সুতরাং আল্লাহ যাকে সাহায্য করলেন সে সাহায্য প্রাপ্ত, আর যাকে লাঞ্চিত করলেন সে হতভাগ্য। লা হাওলা ওয়ালা কুওওয়াতা-এর মর্মার্থ এটিই। কারণ, এর অর্থ হল আল্লাহর সাহায্য ব্যতীত এক অবস্থা থেকে আরেক অবস্থায় পরিবর্তিত হওয়ার ক্ষমতা বা যোগ্যতাই বান্দার নেই। এ (লা হাওলা......) বাক্যটির মাহাত্ম্য অনেক। এটিকে জান্নাতের একটি সুপ্ত ধনভাণ্ডার বলা যায়। বান্দা করণীয় কাজ বাস্তবায়ন করতে বর্জণীয় কাজ পরিত্যাগ করতে তার সাহায্যের ভিখারী। তাছাড়া পার্থিব সকল কাজে স্থিরতা, মৃত্যুকালিন ও তৎপরবর্তী বরযখ জগতের ভয়াবহতা এবং কেয়ামত দিবসের মহা দুর্যোগে দৃঢ়পদ থাকতে তাঁর সাহায্যের বিকল্প নেই। একমাত্র তিনিই এ মহা বিপদ থেকে উদ্ধার করতে পারেন। সুতরাং এসব ক্ষেত্রে যে তাঁর সাহয্যের শর্তাবলী পূরণ করবে তিনি তাকে সাহায্য করবেন।

রাসূল স. বলেন, তোমার উপকারে আসবে এমন কাজের কামনা কর এবং আল্লাহর সাহায্য প্রার্থনা কর। এ ক্ষেত্রে অপারগতা দেখিও না। -মুসলিম

আর যে আল্লাহর কাছে না চেয়ে অন্যের কাছে সাহায্য প্রার্থণা করে আল্লাহ তাকে তার উপরই ছেড়ে দেন। ফলে সে লাঞ্চিত হয়।

হযরত হাসান রহ. খলীফা উমর ইবনে আব্দুল আযীয রহ. এর নিকট এ উপদেশ লিখে পাঠিয়েছিলেন, 'আল্লাহ ছাড়া অন্য কারোকাছে সাহায্য চেও না। তাহলে তিনি তার উপরই তোমাকে ছেড়ে দিবেন।' পূর্ববর্তী কোন এক বুযুর্গ বলেছেন, হে আল্লাহ! আমি অবাক হই তাদের দেখে যারা আপনার পরিচয় পেয়েও অন্যের দুয়ারে হাত বাড়ায়। অবাক হই কিভাবে তারা আপনার পরিচয় পেয়েও অন্যের কাছে সাহায্য চায়।

ইবনুল কায়্যিম রহ. বলেন, ইবাদত পালনে এবং আল্লাহর সাহায্য কামনার ক্ষেত্রে মানুষ কয়েক শ্রেণীতে বিভক্ত:

১- যারা আল্লাহর ইবাদত ও সাহায্য প্রার্থনায় সচেষ্ট। আল্লাহর ইবাদতই তাদের কামনা-বাসনা। তাঁর কাছে এর শক্তি ও তৌফিক প্রার্থনাই তাদের উদ্দেশ্য।

২- ইবাদত ও আল্লাহর সাহায্য প্রার্থনায় যারা নিরস। যদি কখনও আল্লাহর সাহায্য কামনা করে তাহলে মনোবাঞ্ছা পূরণই তাদের উদ্দেশ্য থাকে। আল্লাহ তাআলার সন্তুষ্টি কামনা ও হক আদায়ের কোন ইচ্ছেই তাদের কল্পনায় থাকে না।

৩- যারা কিছুটা এবাদতগুজার বটে, তবে আল্লাহর সাহায্য প্রার্থনার ধারে কাছে তারা যায় না। তাওয়াক্কুল ও আল্লাহর সাহয্য প্রার্থনায় তারা বড়ই কৃপণ। ফলে তারা দুর্বলতা অক্ষমতা আর লাঞ্চনার গ্লানি নিয়ে বেঁচে থাকে। ৪- কিছু মানুষ আছেন যারা এবাদতের ধারে কাছে যান না, তবে আল্লাহর সাহায্য কামনায় তৎপর থাকেন। কারণ, সে যখন এটা উপলব্ধি করতে পারে যে, লাভ ক্ষতির দাতা একমাত্র আল্লাহই। আর উপকার অর্জন কিংবা অপকার প্রতিরোধ কোনটাই তার সাধ্যে নেই; তখন সে বাধ্য হয়েই নিজের কামনা চরিতার্থের আশায় আল্লাহর সাহায্য কামনার আশ্রয় নেয়। ফলে এজন্য সে কোন ভাল প্রতিদানেরও উপযুক্ত হয় না। সার কথা, এ চার শ্রেণীর মধ্যে প্রথম শ্রেণীর লোকেরাই সফল। আল্লাহ তাআলা আমাদের যাবতীয় সকল কাজে তাঁর সাহায্য কামনার তৌফিক দান করুন। আমীন!

দেশাত্মবোধ ও জাতীয়তাবাদ বনাম জিহাদ

আল্লামা ইদরীস কান্ধলভী রহ.

জিহাদ 'জাহদুন' ধাতুমূল থেকে নির্গত কর্তাবাচক শব্দ। যার অর্থ হল- জাতীয়তা, সাম্প্রদায়িকতা কিংবা দেশাত্মবোধে উদ্বুদ্ধ না হয়ে বাহাদুরী ও পৌরুষ জাহিরের খায়েশ না করে; সর্বোপরি সাম্রাজ্য ও ক্ষমতা বিস্তারের নেশায় প্ররোচিত না হয়ে শুধু আর শুধু আল্লাহর কালিমা সমুন্নত করার নিমিত্তে পার্থিব সকল মোহ ত্যাগ করে নিজের জীবনকে নিঃশেষে বিলিয়ে দেয়া। শরীয়তের পরিভাষায় একেই জিহাদ বলে। আল্লাহর বাণী সমুন্নত করা লক্ষ্য না হয়ে যদি পার্থিব ধন-সম্পদ অর্জন লক্ষ হয়, অথবা সত্য মিথ্যার তোয়াক্কা না করে দেশ কিংবা জাতির স্বার্থ রক্ষাই উদ্দেশ্য হয়, তাহলে আল্লাহ তাআলার নিকট তা জিহাদ বলে গণ্য হয় না। যুদ্ধ-সংগ্রাম তখনই জিহাদ হিসাবে স্বীকৃতি পাবে যখন তা নিছক আল্লাহর সন্তুষ্টির জন্য হবে। দুনিয়াবী স্বার্থসিদ্ধি থেকে সম্পূর্ণ মুক্ত হবে। মোট কথা, আল্লাহ তাআলার অনুগত বান্দাগণ তাঁর দ্রোহী বান্দাদের সাথে দ্রোহী হওয়ার কারণে যুদ্ধ করা এবং আল্লাহর রাস্তায় স্বীয় জীবনের সর্বোচ্চ বিসর্জন এবং উৎসর্গের নামই হল জিহাদ। তবে শর্ত হল, উক্ত বিসর্জন ও উৎসর্গ শুধু মাত্র এজন্যই হবে যে, আল্লাহর নাম বুলন্দ হবে এবং তাঁর বিধানাবলী অবমূল্যায়ন থেকে রক্ষা পাবে। এ ক্ষেত্রে দুনিয়াবী কোন উদ্দেশ্য না থাকা চাই। এমন উৎসর্গ ও বিসর্জনকে ইসলামে জিহাদ নামে নামকরণ করা হয়েছে।

যদি অর্থ বা দুনিয়াবী কোন স্বার্থ-উদ্দেশ্য হয়ে থাকে, অথবা ইসলামী অনুপ্রেরণা ছাড়াই সাম্প্রদায়িকতা, দেশ কিংবা জাতীয়তা উদ্দেশ্য হয়ে থাকে, তাহলে শরীয়তের ভাষায় তাকে জিহাদ বলবে না। **এ ব্যাপারে হযরত আবূ মূসা আশআরী রাযি. থেকে বর্ণিত আছে রাসূল স. কে জিজ্ঞেস করা হল, কেউ নিজের বীরত্ব প্রকাশ করার জন্য জিহাদ করে, আবার কেউ নিজের জাতি ও সম্প্রদায়ের জন্য জিহাদ করে, আবার কেউ নাম ও প্রসিদ্ধির জন্য জিহাদ করে -এর কোনটি জিহাদ ফি সাবীলিল্লাহ? তখন হুযুর স. বললেন,**

من قاتل لتكون كلمة الله هي العليا فهو في سبيل الله

"যে ব্যক্তি একমাত্র আল্লাহর কালিমা বুলন্দ করার জন্য জিহাদ করে সেই আল্লাহর রাস্তায় জিহাদ করছে। "

ইমাম বোখারী রহ. বোখারী শরীফের মধ্যে একটি অধ্যায়ের শিরোণাম দিয়েছেন باب لا يقال فلان شهيد (কোন ব্যক্তিকে 'অবশ্যই সে শহীদ' না বলা) কারণ, কারো মৃত্যুর সন্ধিক্ষণে অন্তরের অবস্থা কেমন ছিল তা তো কারো জানা নেই। উক্ত অধ্যায়ে একটি ঘটনা উল্লেখ হয়েছে যে, কোন এক যুদ্ধে মুশরিকদের সাথে মুসলমানদের সংঘর্ষ বাঁধল। তখন কায্‌মান নামী এক ব্যক্তি ও মুসলমানদের সাথে ছিল। আসলে সে মুনাফিক ছিল। যুদ্ধে সে মুশরিকদের সাথে বীরদর্পে যুদ্ধ করল এবং তার কীর্তি দেখাল। তখন সাহল ইবনে সাদ সায়েদী রাযি. বললেন, ইয়া রাসূলাল্লাহ! আজ তো ততটুকু কাজ করতে পারলাম না যতটুকু সে করেছে! হুযুর স. বললেন, শুনে রাখ! সে জাহান্নামী। অবশেষে সে কাফেরদের সাথে যুদ্ধ করতে করতে মারাত্মক আহত হল। ব্যাথার যন্ত্রণা সহ্য করতে না পেরে সে আত্মহত্যা করল।

হাফেজ ইবনে হাজার আসকালানী রহ. এই হাদীসের ব্যাখ্যায় বলেন, এই হাদীসের সাথে অধ্যায়ের শিরোনামের যোগসূত্র হল, সে আল্লাহর রাস্তায় জিহাদ করেনি; বরং নিজ সম্প্রদয়ের জন্য জিহাদ করেছিল। এজন্য তাকে শহীদ বলা যাবে না।

এ থেকে বুঝা গেল, যে ব্যক্তি নবীকে সাহায্য করার উদ্দেশ্যে যুদ্ধ করল; কিন্তু আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে যুদ্ধ করল না; বরং দেশ ও সম্প্রদায়ের জন্য যুদ্ধ করল, এমন ব্যক্তিকেও শহীদ বলা হবে না। জাতি গোষ্ঠির জন্য ইসলামী মুজাহিদদের বিরুদ্ধে যুদ্ধ করাকে জিহাদ বলার তো প্রশ্নই আসেনা।

হাফেজ বদরুদ্দিন আইনী রহ. বলেন, যুদ্ধের ময়দানে সর্ব প্রথম এই কায্‌মান নামী ব্যক্তিই অগ্রসর হয়েছিল। সর্বাগ্রে সে-ই কাফেরদের দিকে তীর নিক্ষেপ করেছিল। আর চিৎকার দিয়ে নিজ সম্প্রদায়কে ডেকে ডেকে বলছিল, হে আওস ও খাযরাজ সম্প্রদায়! নিজেদের বংশীয় মর্যাদা এবং সম্মান রাক্ষার্থে যুদ্ধে ঝাঁপিয়ে পড়। যখন সাহাবী কাতাদা ইবনে নোমান রাযি. তার পাশ দিয়ে অতিক্রম করে যাচ্ছিলেন তখন তিনি তার গুরুতর অবস্থা দেখে বললেন, তোমার জন্য শাহাদাত মোবারক হোক! তখন উক্ত আহত ব্যক্তি বলল, কসম খোদার! আমি ইসলামের জন্য যুদ্ধ করিনি। আমি তো আমার গোত্র ও জাতির জন্য যুদ্ধ করেছি।

স্পষ্টতই তার উদ্দেশ্য ছিল, গোত্র ও জাতির জন্য যুদ্ধ করা। আর এ জন্য জীবন দিলে কেউ শহীদ হতে পারে না। শুধুমাত্র আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে তাঁর রাস্তায় জিহাদ করা এবং জীবন বিলানোর দ্বারাই কেউ শহীদ হতে পারে। যে কোন যুদ্ধকে জিহাদ আর নিহতকে শহীদ বলার অধিকার কারো নেই।

উক্ত লোকটি পরে যখন আত্মহত্যা করল, তখন রাসূল স. বললেন ان الله ليؤيد هذا الدين بالرجل الفاجر আল্লাহ তাআলা ফাসেক ব্যক্তিদের দিয়েও দ্বীনের কাজ নেন। এ বর্ণনাটি উমদাতুল কারী باب لا يقال فلان شهيد অধ্যায়ে উল্লেখ আছে।

আল্লাহ তাআলা বলেন,

وَمَا أَصَابَكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعَانِ فَبِإِذْنِ اللَّهِ وَلِيَعْلَمَ الْمُؤْمِنِينَ (166) وَلِيَعْلَمَ الَّذِينَ نَافَقُوا وَقِيلَ لَهُمْ تَعَالَوْا قَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ أَوِ ادْفَعُوا

আর যেদিন দু'দল সৈন্যের মোকাবিলা হয়েছে; সেদিন তোমাদের উপর যা আপতিত হয়েছে তা আল্লাহ্‌র হুকুমেই হয়েছে এবং তা এজন্য যে, তাতে ঈমানদারদিগকে জানা যায়। আলে ইমরান-১৬৬

সেদিন মুনাফিকদের বলা হয়েছিল, আসো! আল্লাহর উদ্দেশ্যে আল্লাহর রাস্তায় কিতাল কর। আর যদি আল্লাহর জন্য জিহাদ করতে না পার, তাহলে অন্তত নিজ সম্প্রদায় ও পরিবার পরিজনের জন্য হলেও শত্রুদের মোকাবেলা কর। কারণ, শত্রুরা যদি প্রবল হয়ে যায়, তাহলে তারা তাদের প্রতিশোধ নেয়ার ক্ষেত্রে মুসলিম আর অমুসলিমের মাঝে কোন পার্থক্য করবে না; বরং সকলকেই গণহারে হত্যা করবে।

উল্লিখিত আয়াতটি মুনাফিক সর্দার আব্দুল্লাহ ইবনে উবাই ইবনে সালূল এর ব্যাপারে নাযিল হয়েছে। উহুদ যুদ্ধে মুসলমানরা একমাত্র আল্লাহর উদ্দেশ্যে লড়েছিল। আর আব্দুল্লাহ ইবনে উবাই ও অন্য মুনাফিকরা লড়েছিল শুধুই নিজ জাতি ও গোত্রের জন্য। এ থেকেও স্পষ্ট বুঝা যাচ্ছে যে, জাতীয়তা ও দেশাত্মবোধের ভিত্তিতে যুদ্ধ কখনই জিহাদ নয়। আয়াতে ادْفَعُوا -তোমরা শত্রুর মোকাবালা কর- এটাকে যে قَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ -আল্লাহর রাস্তায় কিতাল কর- এর সমান্তরালে উল্লেখ করা হয়েছে তার উদ্দেশ্য তাই, যা উপরে বর্ণিত হয়েছে।

বোখারী শরীফে আব্দুল্লাহ ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণিত আছে, (বদর যুদ্ধের সময়) কিছু মুসলমান -যারা মক্কায় অবস্থান করছিল আর কাফেরদের পক্ষে যুদ্ধে অবতীর্ণ হয়েছিল- তারা কাফেদের সংখ্যা বৃদ্ধির জন্য তাদের সাথে যোগ দিয়েছিল। তাদের মধ্যে যারা সাহাবায়ে কোরামদের হাতে মারা পড়েছিল, তাদের ব্যাপারে আল্লাহ তাআলা এ আয়াত নাযিল করেন,

إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءَتْ مَصِيرًا (97)

যারা নিজের অনিষ্ট করে, ফেরেশতারা তাদের প্রাণ হরণ করে বলে, তোমরা কী অবস্থায় ছিলে? তারা বলে, এ ভূখন্ডে আমরা অসহায় ছিলাম। ফেরেশতারা বলে, আল্লাহর পৃথিবী কি প্রশস্ত ছিল না যে, তোমরা দেশ ত্যাগ করে সেখানে চলে যেতে? অতএব, এদের বাসস্থান হল জাহান্নাম এবং তা অত্যন্ত মন্দ স্থান। -নিসা ৯৭

এ আয়াত যাদের ব্যাপারে নাযিল হয়েছিল তারা এমনই ছিল যে, ইসলামের দাবীদার হওয়া সত্ত্বেও জাতি গোত্রের জন্য ইসলামের মোকাবেলায় যুদ্ধে অবতীর্ণ হয়েছিল। (আল্লাহ আমাদের হেফাযত করুন)

মোট কথা– ইসলামী হুকুমত প্রতিষ্ঠার জন্য যে যুদ্ধ করা হয় তাকে জিহাদ বলে। আর ইসলামী উদ্দেশ্যকে সামনে না রেখে দেশীয় কাফেরদের সাথে যুক্ত হয়ে আগ্রাসী শত্রুর মোকাবিলা করা, দেশ ও জাতির আযাদীর জন্য যুদ্ধ করা কোনভাবেই জিহাদ হতে পারে না। আম্বিয়ায়ে কেরাম আ. স্বদেশীয় কাফেরদের সাথে মিলে কখনও যুদ্ধ করেননি। আর কাফেরদের সাথে মিলে কোন সমন্বিত রাষ্ট্রও গঠন করেননি; বরং নিজের সঙ্গীদের নিয়ে দেশ ত্যাগ করেছেন এবং কাফেরদের থেকে আলাদা হয়ে ভিন্ন কোন স্থানে অবস্থান করেছেন। সেখানে জিহাদের প্রস্তুতি নিয়েছেন। আর সর্ব প্রথম নিজের সেই বিদ্রোহী জাতির সাথে যুদ্ধ করেছেন এবং বিজয় করেছেন। প্রত্যেক রাসূলই সর্ব প্রথম নিজ গোত্রের সাথে জিহাদ করেছেন। তার পরে অন্য গোত্রের সাথে জিহাদ করেছেন।

আল্লাহ তাআলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قَاتِلُوا الَّذِينَ يَلُونَكُمْ مِنَ الْكُفَّارِ وَلْيَجِدُوا فِيكُمْ غِلْظَةً وَاعْلَمُوا أَنَّ اللَّهَ مَعَ الْمُتَّقِينَ (123)

হে ঈমানদারগণ, তোমাদের নিকটবর্তী কাফেরদের সাথে যুদ্ধ চালিয়ে যাও এবং তারা তোমাদের মধ্যে কঠোরতা অনুভব করুক, আর জেনে রাখ, আল্লাহ্‌ মুত্তাকীদের সাথে রয়েছেন। তাওবা -১২৩

রাসূল স. এর সব জিহাদই নিজের গোত্র, জাতি, আত্মীয়, বন্ধু-সজনদের সাথে করেছিলেন। কোন আগ্রাসী শত্রু বা কোন ভিনজাতির সাথে করেননি। বদর যুদ্ধের সময় তো মুহাজিরীনদের কারো সামনে পিতা ছিল, কারো সামনে ভাই ছিল, কারো সামনে চাচা, কারো সামনে মামা। আর না হয় আত্মীয় তো অবশ্যই ছিল। শুধু আল্লাহর জন্যই নিজেদের নির্মম তরবারীগুলো কোষমুক্ত হয়েছিল। আল্লাহ তাআলা তাদের সবার উপর সন্তুষ্ট, আর তারাও আল্লাহর উপর সন্তুষ্ট!

ঈমান এমন এক অনুপ্রেরণার নাম যার সামনে লাইলি মজনুর সব কাহিনী ম্লান হতে বাধ্য। কোরআন হাদীসে যে হিজরতের ফযিলতের কথা এসেছে তার উদ্দেশ্য তো এটাই যে, আল্লাহ এবং তাঁর রাসূলের জন্য নিজের পিতামাতা জায়াকন্যা, সন্তান সন্ততি, আত্মীয়-স্বজন সব ছেড়ে দেওয়ার প্রয়োজন হলে ছেড়ে দিতে হবে। গোত্র-জাতি তো আরো অনেক পরের কথা। সাহাবায়ে কেরাম রাযি. যখন হিজরত করেন তাদের মধ্যে যাদের জীবনসঙ্গী, প্রিয় স্ত্রী ইসলামের চেয়ে কুফরীকে প্রাধান্য দিয়েছিল এবং কুফরী অবস্থায় স্বজাতির মধ্যে থাকাকে পছন্দ

করে নিয়েছিল, তখন সেই সাহাবী জীবনসঙ্গীকে তালাক দিয়ে দিলেন। স্ত্রী-সন্তান, আত্মীয়-স্বজন, অর্থ-সম্পদ, ঘরবাড়ি সব ছেড়ে মহানবীর ডাকে সাড়া দিয়ে মদিনায় গিয়ে উপস্থিত হয়েছেন।

হে আমার ভাইগণ! হে আমার বন্ধুগণ! দেশ ও জাতীয়তাবাদ একটি ফিতনা। মুর্তি পূজার পরেই দেশ ও জাতীয়তাবাদের স্থান। তথাপি কুফুরান্তরে কুফর, শিরকান্তরে শিরক, জুলুমান্তরে জুলুম তো আছেই। আল্লাহ তাআলা বলেন,

إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ

মুমিনরা ভাই ভাই।

إِنَّ الْكَافِرِينَ كَانُوا لَكُمْ عَدُوًّا مُبِينًا

নিশ্চয়ই কাফেররা তোমাদের প্রকাশ্য শত্রু। নিসা-১০১

তাই আল্লাহ তাআলার এই কালামকে সামনে রেখে মুসলমানদেরকে নিজেদের ভাই এবং ভূপৃষ্ঠের সমস্ত কাফেরদেরকে শত্রু মনে কর।

বিঃ দ্রঃ আল্লাহ তাআলা الْكَافِرِينَ বহুচনের খবর -বিধেয়- এক বচন ব্যবহার করে عَدُوًّا বলেছেন, বহুবচন اعداء ব্যবহার করেননি। এর দ্বারা উদ্দেশ্য হল, ভূপৃষ্ঠে যত কাফের আছে তারা সবাই মুসলমানদের সাথে শত্রুতার ক্ষেত্রে এক ব্যক্তি তুল্য; তাদের মধ্যে সামান্যতম ভিন্নতা ও পার্থক্য নেই। আল্লাহ সত্যই বলেছেন। আমরা তার সাক্ষ্য দিচ্ছি।

জাতীয়তাবাদীদের একটি সংশয়:


জাতীয়তাবাদীদের একটি দাবী হল, একরাষ্ট্রে অবস্থানকারী মানুষ সবাই এক গোত্রের লোকের মত। এটা তাদের একটি বড় সংশয় এবং ভুল ধারণা ছাড়া অন্য কিছু নয়। তাদের বিশেষ মতাদর্শ হচ্ছে, যারা তাদের আকিদা এবং মতবাদকে সমর্থন ও তার সাথে যোগ দিবে তারাই তাদের বন্ধু। চাই সে যে দেশের বা রাষ্ট্রেরই হোক না কেন।

আর যারাই তাদের সেই আকিদা ও মতবাদের বিরুদ্ধে তারাই তাদের শত্রু। যদিও তারা তাদের পিতা, পুত্র, ভ্রাতা বা শিক্ষকই হোক না কেন। পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত যারাই এক মতবাদের সাথে সংযুক্ত হবে তারা যদিও পূর্ব পশ্চিমের দূরত্বে অবস্থান করুক; তবুও তারা কাছের ও একজাতি বলে পরিগণিত হয়। আর যারা ভিন্ন মতবাদের হবে তারা পস্পর ভাই ভাই হলেও তারা একে অপরের কাছে অন্তহীন দূরত্বে অবস্থিত বলে মনে করা হয়। বুঝাই যাচ্ছে যে, একত্বের সূত্র দেশ ও রাষ্ট্র নয়; বরং মতবাদই হল একতার সূত্র। অতএব শরীয়তে যদি একতার সূত্র ইসলাম এবং কুফরকে সাব্যস্ত করা হয় তাহলে তাকে পক্ষপাতিতা বা স্বজনপ্রীতি নামে কেন আখ্যায়িত করা হবে?

ইসলামের যাবতীয় বিধান ইসলাম এবং কুফরের পার্থক্যের উপর ভিত্তি করেই করা হয়েছে। মুসলমান এবং কাফের একে অপরের কাছ থেকে মিরাস পায় না। এরই সূত্র ধরে বেলাল হাবশী, সুহাইব রূমী, সালমান ফারসী ইসলামী ভ্রাতৃত্বের অন্তর্ভুক্ত হয়েছেন। আর আবু তালেবের মত আত্মোৎসর্গী চাচা ইসলাম গ্রহণ না করার কারণে জানাযার নামায এবং মুসলমানদের কবরে সমাহিত হওয়া থেকে বঞ্চিত হয়েছে। হুযুর স. যখন আবু তালেবের জন্য ক্ষমা প্রার্থনা করার ইচ্ছা করলেন তখন আল্লাহ তাআলা তা নিষেধ করতে এ আয়াত নাযিল করেছেন,

مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْجَحِيمِ (113)

নবী ও মুমিনের উচিত নয় মুশরেকদের মাগফেরাত কামনা করা, যদিও তারা আত্মীয় হোক একথা সুস্পষ্ট হওয়ার পর যে তারা দোযখী। তাওবা-১১৩



চারটি গরু নেকড়ে আর বিভক্তির গল্প

ইমাম আনোয়ার আল-আওলাকি রহ.

প্রিয় ভাই ও বোনেরা, আমি আপনাদের একটা গল্প বলবো। আপনারা অনেকেই হয়তো গল্পটা আগেও শুনেছেন। কিন্তু এই গল্পটা থেকে আমাদের জন্য অনেক কিছুই শেখার আছে।

গল্পটি চারটি গরুকে নিয়ে। তাদের মধ্যে একটি ছিল সাদা আর বাকি তিনটি ছিল কালো বর্ণের। তারা হিংস্র নেকড়ে পরিবেষ্টিত খুব বিপদজনক একটি জায়গায় থাকতো। কিন্তু তারা সবসময় একসাথে থাকতো, একে অপরের প্রতি খেয়াল রাখতো এবং চোখ কান খোলা রাখতো। ফলে শ্বাপদসংকুল এলাকায়ও তারা টিকে থাকতে পেরেছিল।

কিন্তু একদিন কালো গরু তিনটি গোপনে এক জায়গায় একত্রিত হলো। তারা বললো, সাদা গরুটা আমাদের জন্য বড্ড ঝামেলা সৃষ্টি করছে। আমরা কালো হওয়ায় রাতে আমাদের কেউ দেখতে পায় না, আমরা সহজেই লুকিয়ে থাকতে পারি। কিন্তু ঐ সাদা গরুকে অনেক দূর থেকেই চোখে পড়ে। ফলে আমরা ধরা পড়ে যেতে পারি। তাই এক কাজ করা যাক, আমরা তিনজন একসাথে থাকি, আর ঐ ঝামেলাটাকে আলাদা করে দিই।

কথামত সেইদিন থেকে তারা তিনজন, বেচারা সাদা গরুটিকে আলাদা করে দিলো। এদিকে নেকড়ে ছিল খুব চালাক। সে গরুগুলোর ভিতর বিভেদ বুঝতে পেরে সাদা গরুটিকে আক্রমণ করলো। কালো গরু তিনটি কোন বাধাই দিলো না। তাদের ভাইকে যখন টুকরো টুকরো করা হচ্ছিলো, তারা শুধু চেয়ে চেয়ে দেখলো।

কিন্তু নেকড়ে পরদিন রাতে তাদের তিনজনকে আক্রমণ করে বসলো। কারণ? নেকড়ে বুঝতে পেরেছিল, যেহেতু একটি গরু কম ছিল, তাই তারা এখন আগের তুলনায় দুর্বল। তাদের শক্তি অনেক কমে গেছে। ফলস্বরূপ নেকড়ে একটি কালো গরুকে ছিনিয়ে নিয়ে গেল।

পরদিন রাতে নেকড়ের কাজ আরো সহজ হয়ে গেল। কারণ এখন গরুর সংখ্যা আরো একটি কমে দুইটিতে এসে দাঁড়িয়েছিল। তারা অনেক চেষ্টা করলো, কিন্তু নেকড়ে আরো একটি গরুকে মেরে ফেলতে সক্ষম হলো। তার পরেরদিন মাত্র একটি গরুই বেঁচে ছিল। তাই নেকড়ে যখন তাকে আক্রমণ করতে আসলো, গরুটি বাধা দেয়ার পরিবর্তে প্রাণপণে ছুটতে শুরু করলো। নেকড়ে খুব ধীরে সুস্থে আগাচ্ছিল, কারণ সে জানে গরুটি একসময় ক্লান্ত হয়ে পড়বে। তাকে বাঁচানোর মত কেউ আর অবশিষ্ট নেই। সুতরাং তাড়াহুড়া না করে নেকড়ে যথাসময়ে গরুটির ঘাড়ে লাফিয়ে পড়লো। ঠিক তখনই, গরুটি খুব গুরুত্বপূর্ণ একটি কথা বললো, যে কথা থেকে আমরা শিক্ষা নিতে পারি। গরুটি বলেছিল,

'আমি তো সেদিনই মারা গিয়েছি, যেদিন সাদা গরুটি মারা গিয়েছিল। আমি নিজের মৃত্যুকে সেদিনই ডেকে এনেছিলাম। আমি এখন মারা যাচ্ছি না। আমি আজ মারা যাচ্ছি না। আমি সেদিনই মারা গিয়েছি, যেদিন আমি সাদা গরুটিকে নেকড়ের হাতে একাকি ছেড়ে দিয়েছিলাম।'

প্রিয় ভাই ও বোনেরা, নিশ্চয়ই আপনারা অনেকেই গল্পটির মূল বক্তব্য ইতিমধ্যেই ধরে ফেলেছেন। আমি এখানে কয়েকটি বিষয় নিয়ে আলোচনা করবো ইন শা আল্লাহ।

প্রথম শিক্ষাঃ

উম্মাহ গল্পটি মুসলিম উম্মাহর বর্তমান অবস্থার খুব ভালো একটি চিত্র উপস্থাপন করেছে। ঠিক এই ঘটনাই যেন ঘটে চলেছে বিশ্বজুড়ে। একের পর এক মুসলিম রাষ্ট্রের পতন হচ্ছে, আর আমরা কিছু না করে বসে বসে শুধু দেখেই যাচ্ছি। যখন ফিলিস্তিন দখল করা হলো, আমরা কিছুই করলাম না। তারপর কাশ্মির, চেচনিয়া, ফিলিপাইন। উম্মাহ নিশ্চুপ। তালিকার সর্বশেষ সংযোজন ইরাক। ইরাকে যখন হত্যাযজ্ঞ চলছে, আমাদের দেখা তখনো শেষ হয়নি। আপনার কি মনে হয় এখানেই এর সমাপ্তি? কখনো নয়! এরপর হয়তো একদিন সিরিয়ায় সমস্যা দেখা দিবে। আল্লাহই ভালো জানেন তালিকায় এরপর কোন দেশ। এই রাষ্ট্রগুলো আজকে দখল হয়নি। আমরা যেদিন প্রথম রাষ্ট্রটি দখল করে নিতে দিয়েছিলাম, সেদিনই আমাদের প্রত্যেকের পতন আমরা ডেকে এনেছি।

দ্বিতীয় শিক্ষাঃ

- তিনি খেতে পারছেন না কেননা অপারেশনের সময় তার অন্ত্রের কিছু অংশ সরিয়ে ফেলা হয়েছে, এটিও ঘটেছে আমেরিকান প্রহরায়।
- গুলিবিদ্ধ স্থানের সার্জারি করতে গিয়ে তার শরীরের প্রলেপের পর প্রলেপ জুড়ে সেলাই করা হয়েছে।
- তার শরীরে বুক থেকে শুরু করে পুরো ধড় জুড়ে অস্ত্রোপচারের বিশাল ক্ষত সৃষ্টি হয়েছে।

এ সব যন্ত্রণা নিয়ে, আমেরিকায় কারারুদ্ধকালীন পুরো সময়জুড়ে তাকে একবারও ডাক্তার দেখানোর সুযোগ দেওয়া হয়নি। আফগানিস্তানে তার অযত্ন-অবহেলায় অপারেশনের পর তার পেটে অবিরত অসহ্য ব্যথা হবার পরেও না। বরং এই ব্যথার জন্য তাকে দেওয়া হয়েছে আইবোপ্রোফেন নামের একটি ব্যথানাশক ঔষধ, যেটা কিনা লোকে খায় মাথাব্যথার জন্য!

এসব কিছুর পরেও, সরকারপক্ষের আইনজীবি বেহায়া এবং নির্লজ্জের মত তাকে ডাক্তার দেখানোর সুযোগ থেকে বঞ্চিত করার চেষ্টা অব্যাহত রাখার আস্পর্ধা দেখিয়ে গেলেন, যুক্তি দেখিয়ে চললেন আফিয়া নাকি 'নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ'। যখন বিচারক তাকে জিজ্ঞেস করলেন, কেন আফিয়াকে এভাবে একদম প্রাথমিক চিকিৎসা থেকেও বঞ্চিত রাখা হল, তখন এটর্নি সাহেব তোতলাতে শুরু করলেন এবং বললেন, 'আসলে তখন পরিস্থিতি খুব জটিল আকার ধারণ করেছিল', এবং নিজেদের দোষ ঢাকার জন্য প্রত্যাশিতভাবেই অত্যন্ত সস্তা একটা কুযুক্তি ধার করলেন, 'এটি আফিয়ার নিজের সিদ্ধান্ত যে তিনি পুরুষ ডাক্তারের কাছে নিজেকে দেখাতে চাননি'। আইনজীবি যখনই একথা বললেন, আফিয়া তাঁর জীর্ণশীর্ণ হাত তুলে অতিকষ্টে ডানে-বামে নেড়ে যেন বিচারককে বলতে চাইলেন, 'না! সে মিথ্যে বলছে!'। আমার খুব কষ্ট লাগল। চোখের সামনে এভাবে তাঁর বিরুদ্ধে ঝুরি ঝুরি মিথ্যা বলতে দেখে আফিয়ার চেহারায় প্রচণ্ড হতাশার ছাপ দেখা দিল। তার আইনজীবি তখন তার কাছে গিয়ে তার হাতটি ধরে পায়ের উপর বসিয়ে দিলেন এবং হাত বুলিয়ে তাকে শান্ত করলেন।

শুনানি যখন শেষ হল, আমার মাথায় তখন ইবনুল কায়্যিম রহ. এর একটি সুগভীর উক্তি বারবার মনে পড়তে লাগল, তিনি বলেছিলেন, একজন বান্দা আল্লাহর নৈকট্য অর্জন করবে না ততক্ষণ, যতক্ষণ না, 'শেষ প্রতিবন্ধকটি অবশিষ্ট থাকবে যা থেকে শয়তান তাকে তাড়া করে এবং বান্দাকে অবশ্যই এই প্রতিবন্ধকের মোকাবেলা করতে হবে। যদি কেউ এই বাধা থেকে রক্ষা পায় তাহলে তারা হলেন আল্লাহর নবী এবং রাসূলগণ, যারা সৃষ্টির সেরা। এটি হল শয়তানের সেই প্রতিবন্ধকতা যেখানে শয়তানের বাহিনী মু'মিন বান্দার উপর চড়াও হয় এবং বিভিন্ন প্রকারে তার ক্ষতিসাধন করেঃ হাত, জিহবা এবং অন্তর দ্বারা। ঈমানের মাত্রা অনুযায়ী এই পরীক্ষার মাত্রাও ভিন্ন হবে। বান্দার ঈমান যতবেশি হবে, শত্রু ততবেশি করে তার বাহিনীকে বান্দার বিরুদ্ধে লেলিয়ে দেবে ও পৃষ্ঠপোষকতা করবে। শয়তান তার অনুসারী ও মিত্রদের সহযোগিতায় বান্দাকে গুড়িয়ে দিতে চাইবে। এই বাধাকে এড়িয়ে যাবার কোনো উপায় নেই, কেননা আল্লাহর দিকে আহবানে সে যত দৃঢ়তার পরিচয় দেবে এবং আল্লাহর অর্পিত আদেশ পালনে ব্রতী হবে, শয়তান ততবেশি করে মূর্খলোকদের মাধ্যমে তাকে ধোঁকা দিতে তৎপর হবে। কাজেই, যে বান্দা তার শরীর ঈমানের বর্মে আচ্ছাদিত করে আল্লাহর রাহে, আল্লাহর নামে শত্রুকে মোকাবেলা করার দায়িত্ব নিজের কাঁধে তুলে নিল, তার এই ইবাদাতই হল সকল ইবাদাতের মাঝে শ্রেষ্ট ইবাদাত'।

ইবনুল কায়্যিম রহ. এর এই কথাগুলো আদালতের সেই দৃশ্যে পরিষ্কারভাবে আমার চোখের সামনে ফুটে ওঠে। আদালতে আফিয়ার শরীরে দুর্বলতা আর নাজুকতার ভাব থাকলেও, সারাটা সময় জুড়ে আমি তার মধ্যে সুস্পষ্ট সম্মান ও শক্তির একটি ছাপ দেখতে পাচ্ছিলাম। আদালতে তার সবকিছু, আইনজীবির মিথ্যা অভিযোগে মাথা ঝাঁকিয়ে প্রতিবাদ; যে হিজাবের কথা এ ধরণের ভয়ানক পরিস্থিতিতে বেশিরভাগ মানুষের মনেই থাকার কথা না, আদালতকক্ষে সে হিজাবে নিজেকে আবৃত রাখার প্রতি তীক্ষ্ণ মনোযোগ; আদালত কক্ষে এফবিআই এজেন্ট, ইউএস মার্শাল, রিপোর্টার, অফিসিয়াল-সকলের এই নুয়ে-পড়া-দুর্বল-ছোটখাট-শান্তদর্শন এই মহিলার দিকে ভয়ার্ত চোখে চেয়ে থাকা এ সব কিছু একটা জিনিষ নির্দেশ করে, আর তা হল এদের সবাই আফিয়ার একটি জিনিষকে নিয়েই শঙ্কিত আর ভীতসন্ত্রস্ত, আর সেটি হল আমাদের এই বোনের ঈমান।

এই হল আমাদের প্রিয় বোনের অবস্থা, কুফফারদের হাতে বন্দি এক মুসলিম নারীর

কী বলার আছে আমার ?

মুসলিম বন্দী মুক্ত করার ওয়াজিব দায়িত্বের কথা বলে আমি আমার এ লেখা শেষ করব না। আমি খলিফা মু'তাসিমের উদাহারণ টেনে এনে বলব না দেখুন তিনি কেবল মুসলিম নারীকে উদ্ধার করার জন্য একটা শহর ধসিয়ে দিয়েছিলেন। আমি সালাহ দ্বীন কিংবা উমর বিন আ'ব্দুল 'আযীয এর কথা আপনাদেরকে শোনাব না যারা কিনা হাজার হাজার মুসলিম বন্দীদের উদ্ধার করেছিলেন। এ চমৎকার গল্পগুলো আপনাদের সামনে বলার লোভ আজকে আমাকে সংবরণ করতে হবে। কেন জানেন? কারণ, দুঃখের কথা এই নয় যে আফিয়া বন্দী। বরং দুঃখের কথা হল, পাঁচ লক্ষ মুসলিমের শহরে মাত্র অল্প কিছু মুসলিমও আফিয়ার শুনানির দিনে উপস্থিত থাকার কাজটাকে ঝামেলার ব্যাপার মনে করে নিজের গা বাঁচাতেই বেশি আগ্রহী। দুঃখ হল এই, পুরো আমেরিকা যুক্তরাষ্ট্রের একটি মুসলিম সংগঠন এই বোনটির পক্ষে এগিয়ে আসল না, তার পক্ষে একটি শব্দও উচ্চারণ করল না। ইবনুল কায়্যিম রহ. ঠিকই বলেছিলেন,

'যদি গায়রত (উম্মাহকে আগলে রাখার প্রবল ঈর্ষা) মানুষের হৃদয় ত্যাগ করে চলে যায়, তবে সে হৃদয় থেকে ঈমানও হারিয়ে যায়।'

দুর্ভাগ্যজনকভাবে এমন একটা সময়ে যখন আমাদের বেশিরভাগই দ্বীনুল আরবের অনুসারী হয়ে কেবল নামায-রোযা নিয়েই পড়ে আছে, তখন আফিয়া সিদ্দিক্বীকে কিভাবে সাহায্য করা যেতে পারে, সে শিক্ষা দেওয়ার ব্যাপারে সবচেয়ে উপযুক্ত শিক্ষক হতে পারতেন একমাত্র আফিয়া নিজেই।



দেশ কোন দিকে যাচ্ছে?

আহমেদ রফিক

আজকাল যেখানেই যাই একটা কথা প্রায় সবখানেই শোনা যায়– ভাই দেশ কোন দিকে যাচ্ছে, কী হচ্ছে, কী হবে? এমন প্রশ্ন ক'বছর আগেও তেমন একটা শোনা যেত না। কারণ তখন পরিস্থিতি যতো ঘোলাটেই হোক না কেন, মানুষ দেশের শেষ গন্তব্য সম্পর্কে মোটামুটি একটা স্বচ্ছ ধারণা রাখতো–হয় 'এ' দল নয়তো 'বি' দল। এর বাইরে যে কিছু হতে পারে এমন ধারণাই কারো ছিলো না। কিন্তু এখন মনে হয় সবাই এই ছকের বাইরে ভিন্ন কিছু একটা আঁচ করছে। হয়তো জানেনা তা কী–কিন্তু অন্য রকম কিছু যে হতে যাচ্ছে সেটা টের পাচ্ছে।

হ্যা, আমি কোনো রাজনৈতিক বিশ্লেষক না হলেও, আম জনতার একজন হিসেবে আমারও তেমনই ধারণা। আমার এই ধারণার পেছনে কারণ হলো, একটি সমাজ ও রাষ্ট্রব্যবস্থা ভেঙ্গে পড়ার কিছু চিহ্ন আছে। আমি সেই চিহ্নগুলো দেখতে পাচ্ছি। একই সাথে এই ব্যবস্থা ভেঙ্গে নতুন কী ব্যবস্থা আসছে তা-ও কিছুটা বোধ হয় সচেতন সমাজ অনুমান করতে পারছে।

কোনো সমাজব্যবস্থা ভেঙ্গে পড়ার পূর্বে যে পরিস্থিতি সৃষ্টি হয়, আমার ধারণা তার সবই এখানে আস্তে আস্তে তৈরি হয়েছে, হচ্ছে। মোটা দাগে তা কয়েক ভাগে ভাগ করা যায়।

১. খোদ সেই ব্যবস্থার উপর থেকে গণমানুষের আস্থা উঠে যাওয়া।

আমাদের স্বাধীনতা যুদ্ধের পেছনে অনেক কারণ থাকলেও আমার মনে হয় প্রধানতম কারণ হলো, বাংলাদেশীদের উপর পাক শাসকদের নানা রকম বৈষম্যমূলক আচরণ। এ দৃষ্টিতে এ স্বাধীনতা অর্জনের পেছনে এদেশীয় নেতাদের চেয়ে পাকিস্তানী মাথামোটা শাসক শ্রেণীই অধিক কৃতিত্বের দাবীদার। ভারতীয় প্রোপাগাণ্ডা আংশিক দায়ি হলেও মূলত তাদের অবিচার আর খামখেয়ালিপনার কারণেই এদেশের জনগণ তাদের উপর আস্থা হারিয়েছিলো। এ যুদ্ধের পেছনে প্রত্যক্ষ কোনো আদর্শিক কারণ ছিলো না। রুটিরুজি আর ভূ-রাজনৈতিক আধিপত্য বিস্তার নিশ্চিতকরণ ও বজায় রাখাই ছিলো মূল কারণ। যে দেশে নির্বিশেষে সাধারণ মানুষ শোষণের বিরুদ্ধে যুদ্ধে যোগ দিয়েছে সেখানে ইদানিং হাইব্রীড ক্যালক্যাশিয়ান যোদ্ধাদের মুখে আমরা শুনতে পাই, 'ধর্মনিরপেক্ষ গণতন্ত্র প্রতিষ্ঠাই নাকি ছিলো এ যুদ্ধের মূল কারণ। আমি জানি না সত্যিকার মুক্তিযোদ্ধারা আদৌ এই তত্ত্ব জানতেন কি না; কিংবা জানলে যুদ্ধ করতেন কি না। যাই হোক, তাদের সেই ধর্মনিরপেক্ষ গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে এবং তার আসল-নকল, বানোয়াট-সত্যিকার সকল রূপই এই জাতি দেখেছে। একনায়কতান্ত্রিক গণতন্ত্র, আমলাতান্ত্রিক গণতন্ত্র, সামরিক উর্দির গণতন্ত্র, সামরিক ফ্লেভারের বেসামরিক গণতন্ত্র, পারিবারিক গণতন্ত্র–সব ফ্লেভারই জাতি চেখে দেখেছে এবং খুব ভালভাবেই উপলব্ধি করতে পেরেছে যে, এ ব্যবস্থা কখনোই গণকল্যাণমুখী ছিলো না, নয় এবং কখনো হওয়া সম্ভব নয়। এটাও জনগণ বুঝে গেছে যে, এ ব্যবস্থায় তাদের অধিকার হলো কেবল কোন দল লুটপাট করবে– 'এ' দল, না 'বি' দল–তা নির্ধারণ করা।

সবচেয়ে বড় যে ফর্মুলাটি গণমানুষের সামনে ঝুলিয়ে রাখা ছিলো তা হলো 'জনগণই সকল ক্ষমতার উৎস'। জনগণকে ছলে-বলে-কলে-কৌশলে বুঝানো হচ্ছিলো যে, তারাই আসল শাসক। কারণ, তাদের ভোটেই শাসক নির্বাচিত হয় কিন্তু সেই আমজনতা যখন ভোট দিতে গিয়ে শুনলো যে 'চাচা/চাচি! আমরা থাকতে আপনাদের এতো কষ্ট কইরা ভোট দেওন লাগবো না, আঙ্গুলে কালি মাইখা বাড়িতে গিয়ে আরাম করেন'; যখন তারা দেখলো যে জনগণের ভোট ছাড়াও যথারীতি সরকার গঠন হয়ে গেলো, দেশও চললো, তখন ওসীমুদ্দিন কসীমুদ্দীনরাও বুঝে গেলো যে, তারা আসলে ক্ষমতার উৎস নয়; এটা নিছক একটা প্রতারণা। কিন্তু এখন দলীয় সুবিধাভোগী চামচা ছাড়া গণমানুষেরা আর এ ব্যবস্থা রক্ষার জন্য মাঠে নামবে না। কারণ তারা বুঝে গেছে এটা আসলে তাদের ব্যবস্থা নয়।

২. ব্যবস্থার পরিচালকদের উপর থেকে আস্থা উঠে যাওয়া

Messenger is always equally important like the message itself. এমন কি 'কী' বলেছে আর 'কে' বলেছে এটা অনেক সময়ই অধিক গুরুত্ব বহন করে। এজন্য নবীদেরকে আল্লাহ জীবনের শুরু থেকেই বিশেষভাবে গড়ে তুলেছেন। যেকোনো আদর্শের প্রচারনার ক্ষেত্রে আদর্শ ও তার প্রচারক সমানুপাতিক গুরুত্ব রাখে। অনেক ক্ষেত্রে



আদর্শের প্রচারকদের নীতি-নৈতিকতা ও ব্যক্তিত্ব অধিক গুরুত্ব বহন করে। এ কারণে মানব ইতিহাসের শ্রেষ্ঠতম ব্যক্তিত্ব হওয়া সত্ত্বেও আসমানী বাণী প্রচার শুরু করার পর নবীদের ব্যক্তিত্বকে প্রশ্নবিদ্ধ করার হেন উপায় নেই যা কাফিররা অনুসরণ করেনি। অথচ এই বাণী প্রচার শুরুর আগে তাদেরকে তারা সমাজের সবচেয়ে বিশ্বস্ত ব্যক্তি হিসেবে সম্মান করত। যে নবী মুহাম্মাদ সা. কে মক্কার কুরাইশরা 'আল আমীন' উপাধী দিয়েছিলো তাকেই তারা, মিথ্যাবাদী, যাদুকর, কবি, পাগল ইত্যকার নানা অপমানজনক অপবাদ দিয়েছে। তাদের প্রজাতীয় অপপ্রচারের মূল লক্ষ্য যতোটা না ব্যক্তি মুহাম্মাদ, তার চেয়ে অনেক বেশি ছিলো তার প্রচারিত বাণী। তার উপর আক্রমণের উদ্দেশ্যই ছিলো তার ব্যক্তিত্বকে প্রশ্নবিদ্ধ করার মধ্য দিয়ে তার আনীত বাণীকে প্রশ্নবিদ্ধ করা।

রাজনৈতিক মতবাদ হিসেবে গণতন্ত্রও এর ব্যতিক্রম নয়। এদেশের যেসকল বড় বড় নেতাদের মাধ্যমে বড় কিছু হয়েছে তাদের সকলের উপরই গণমানুষের একটা আস্থা ছিল। তাদের আদর্শ সঠিক হোক বা ভুল সেটা ভিন্ন কথা; কিন্তু জনগণ বিশ্বাস করতো যে তারা সত্যিই গণমানুষের কল্যাণের জন্য রাজনীতি করতেন। তাদের জীবনধারা তাদের কর্মকাণ্ডের মধ্যেও ফুটে উঠতো। একারণে তাদের কথায় লক্ষ লক্ষ মানুষ মাঠে নেমে আসতো গাটের পয়সা খরচ করে। তাদের জনসভায় যোগ দেওয়ার জন্য টাকা দিয়ে লোক ভাড়া করতে হতো না।

এর বিপরীতে আমরা দেখতে পাই, বর্তমানে দলমত নির্বিশেষে রাজনৈতিক দলগুলোর নেতৃবৃন্দের উপর থেকে গণমানুষের আস্থা উঠে গেছে। দলীয় সুবিধাভোগী চামচা, কিংবা পুর্বসূরী নেতাদের প্রতি অন্ধ ভালোবাসা হেতু দলকানারা ব্যতীত আজকাল কেউই কোনো রাজনীতিককে নিস্বার্থ মনে করে না। যে বামরা গরীব-দুঃখীদের বন্ধু সেজে একটা মুখোশ অনেক কৌশলে ঝুলিয়ে রেখেছিলো তা-ও খসে পড়ে গেছে। লুটপাট আর চুরি-ডাকাতি নিয়ে এসব দলের মধ্য নীতিগত কোনো দ্বিমত নেই। মারামারি কেবল 'কে' করবে তা নিয়ে। আর একারণেই আমরা দেখেছি যে, এক দলের শাসকদের হাতে বিদেশি হানাদারদের মতো নির্যাতনের শিকার হওয়া সত্ত্বেও, যুদ্ধের মতো এক দিনে শত শত মানুষ নিহত হওয়া সত্ত্বেও, অন্য দলের আহবানে সাধারণ জনগণ সরকার পতনের আন্দোলনে মাঠে নেমে আসেনি। কারণ তারা জানে যে, এখন এরা যতো নীতিকথাই কপচাকনা কেন; এরা বস্তুত সেই একই মুদ্রার ওপিঠ মাত্র। নিছক মুদ্রা উল্টানোর জন্য কখনো সাধারণ জনগণ মাঠে নামে না। মুদ্রা উল্টানোর জন্য মাঠে নামে কেবল অপরপিঠের সুবিধাভোগীরা। সাধারণ জনগণ তখনই মাঠে নামে যখন মুদ্রা পালটে দেওয়ার মতো আস্থা কারো উপর পায়।


আপনি একজন কৃষক, দিনমজুর, কুলি, মুচি, নাপিত থেকে নিয়ে শুরু করে নিচু থেকে উঁচু, ছোট থেকে বড়, শিক্ষিত থেকে অশিক্ষিত–যে কোনো শ্রেণী-পেশার মানুষকে জিজ্ঞাসা করে দেখেন, রাজনীতিক কিংবা বুদ্ধিজীবী শ্রেণীর কাউকে এরা নূন্যতম বিশ্বাস করে কি না। এরা সব যে নিছক স্বার্থান্বেষী ধান্দাবাজ এ ব্যাপারে কারো বিন্দুমাত্র সন্দেহ নেই। এরা যে মোটেই গণমানুষের কল্যাণের জন্য রাজনীতি করে না তা এরা সেভাবে জানে, যেভাবে নিজ হাতের পাঁচ আঙ্গুলকে তারা জানে। এদের কোনো গলাবাজি নীতিকথায় তারা বিশ্বাস করে না। কোনো ব্যবস্থার রক্ষকদের উপর থেকে আস্থা উঠে যাওয়া তার আশু পতন ছাড়া আর কিসের আলামত হতে পারে?

৩. নিজেকে নিরাপত্তাহীন ভাবা

সাধারণত নিরাপত্তাহীনতা দু' ধরণের। ১. চোর, ডাকাত, ছিনতাইকারী দুষ্কৃতিকারীদের কারণে নিরাপত্তাহীনতায় ভোগা। ২. রাষ্ট্রীয় যে বাহিনীর দায়িত্ব নিরাপত্তা দেওয়া, তাদের কারণে নিরাপত্তাহীনতায় ভোগা।

কোনো ব্যবস্থার পরিবর্তন ও নতুন ব্যবস্থা আনয়নের জন্য রক্ত ও জীবন হলো আসল মূল্য। এ মূল্য পরিশোধ ছাড়া কখনো ব্যবস্থার পরিবর্তন সম্ভব নয়। আদর্শের জন্য জীবনবাজী রেখে কাজ করে যাওয়া কিছু মানুষ সব সময় সব আদর্শেই কিছু না কিছু থাকে। কোথাও কম কোথাও বেশি। তবে সাধারণভাবে সব মানুষই নিরাপদ, নির্ঝঞ্ঝাট ও শান্তিপূর্ণ জীবন অধিক পছন্দ করে। এটাই স্বাভাবিক। যুদ্ধ-বিগ্রহ, রক্তপাত, জীবন হারানো কিংবা জীবন হরণ কোনোটাই মানুষের পছন্দের কাজ নয়। কিন্তু এই নিরাপত্তা যদি তাদের হাতেই হারায় যারা নিরাপত্তা রক্ষায় নিয়োজিত, তারা যদি চেকপোস্ট বসিয়ে দিনে দুপুরে মানুষ অপহরণ করে নিয়ে মেরে ফেলে, যেখানে সেখানে লাশ পড়তে থাকে, খালে-বিলে, নদি-নালায় ভেসে উঠতে থাকে, ঘর থেকে বের হতে যদি মানুষ নিরাপত্তাহীনতায় ভোগে, অন্যায়ভাবে যদি রাষ্ট্রীয় বাহিনীর হাতে তাদেরকে গুম-খুন, হত্যা ও নির্যাতনের শিকার হতে হয়- তখন তাদের ভাবনা পালটে যায়। এভাবে চলতে থাকলে এক পর্যায়ে তারা ভাবতে শুরু করে যে, 'আরে মরতে তো হচ্ছেই–তো কিছু করেই মরি'। তখন আদর্শবাদী মানুষের ক্ষুদ্র দল ভারী হতে থাকে। সাধারণ জনগণ এসে তাদের সাথে যোগ দেয় এবং তাদের সংস্পর্শে এসে তারাও আদর্শবাদী হয়ে ওঠে। জীবন বিলিয়ে দেয় পরিবর্তনের জন্য, সমাজখেকোদের হাত থেকে আপামর জনসাধারণকে রক্ষার জন্য।

এই পর্যায়টি যখন শুরু হয়ে যায় তখন পরিবর্তন আর কিছুতেই ঠেকানো যায় না; বন্দুকের নলের জোরে হয়তো কিছু দিন বিলম্বিত করা যায়। চারিদিকের পরিস্থিতি দেখে মনে হচ্ছে দেশ পরিবর্তনের দিকে এগিয়ে যাওয়ার প্রথম ধাপে পা দিয়েছে। ভাবতে ভালোই লাগে। পরিবর্তন যেহেতু হবেই, হোক সে পরিবর্তন কল্যাণের, গণ মানুষের অধিকার প্রতিষ্ঠার, মানবরচিত ব্যবস্থার জঞ্জাল থেকে মানুষের প্রভুর দেওয়া জীবনব্যবস্থার পথে এগিয়ে যাবার।



কারাগারের ভয় আমার নেই কিন্তু কবরে যাবার ইচ্ছাও আমার নেই

আবু হামজা

পুরান ঢাকায় কেন্দ্রীয় কারাগারের দেয়াল ঘেঁষে বহুবার চলে গিয়েছি। কখনও বা চক বাজারের ঐতিহ্যবাহী জ্যামে আটকে থেকেছি আর উঁচু প্রাচীরের অন্যপাশের মানুষগুলোর জীবন নিয়ে কৌতুহল দেখিয়েছি। কিন্তু যখন আমি নিজে ঐ ভুবনের বাসিন্দা হয়েছি তখন সত্যিকারভাবে উপলব্ধি করেছি কীভাবে একটা মানুষের জীবন একটা চার দেয়ালের মাঝে স্থির হয়ে যায়। কীভাবে সেকেন্ডের কাটা মিনিটে রূপান্তরিত হয় আর মিনিটের কাটা ঘন্টায়। কীভাবে একটা সামান্য দেয়াল মানুষকে তার এতদিনের ভোগ করা স্বাধীনতার মূল্য অনুধাবন করায়। রিক্সার টুংটাং আওয়াজ আর বাদাম ওয়ালার "বাদাম বাদাম" হাকেও যে এতটা মধু আছে তা জেলখানার এই উঁচু দেয়ালই আমাকে প্রথম অনুভব করিয়েছে।

জীবনে বহুবার আমার পাশ দিয়ে প্রিজন ভ্যানকে যেতে দেখেছি এবং ভ্যানের ছোট জানালা দিয়ে উৎসুক চোখগুলো দেখে তাদের জন্য ইনসাফের দোয়া করেছি। কিন্তু আমি নিজে যখন ঐ ভ্যানের সাওয়ারি হয়েছি এবং নিঃশ্বাস নিতে কষ্ট হয় এই রকম ঠাসাঠাসি ভিড়ে ঘন্টার পর ঘন্টা আটকে থেকেছি, মাঘ মাসের শৈতপ্রবাহের শীতেও দরদর করে ঘেমে শরীরের পোশাক চুবচুবা করে ভিজিয়েছি তখন সত্যিকারভাবে বুঝতে পেরেছি 'মানবাধিকার' একটি কাল্পনিক শব্দ মাত্র। একে শুধু অভিধান আর নেতানেত্রীদের ভাষণেই পাওয়া যায়। বাস্তবে এর কোনই অস্তিত্ব নেই। ভেবে বিস্মিত হয়েছি কেন আমাদের দেশে ২০ জনের ধারন ক্ষমতাসম্পন্ন প্রিজন ভ্যানে ৫০ জনকে ঠেশে ঢুকানো হয় আর আমাদের তথাকথিত মানবধিকার কর্মীরা তা দেখেও না দেখার ভান করেন।

জেল কাউকে একদম ভেঙ্গে ফেলে আবার কাউকে আরো মজুবুত করে গড়ে তোলে। আলহামদুলিল্লাহ, জেল আমাকে ভাঙতে পারেনি বরং নতুন এক উদ্দম দান করেছে। এই জেলখানাই আমাকে সাইয়্যেদিনা ইউসুফ আলাইহি ওয়াসাল্লামের বন্দীদশার অনুভূতি শিক্ষা দিয়েছে যা কোন কিতাব আমাকে কখনই দিতে পারেনি। এই জেলই আমাকে আমার বোন আফিয়া সিদ্দিকার কষ্ট যতটা হৃদয়ঙ্গম করিয়েছে তা কোন মিডিয়া কখনো পারে নি।

দীর্ঘ প্রায় এক বছর অন্যায় ভাবে কারাবন্দী জীবন কাটিয়েছি। মানুষ হিসেবে যখনই কিছুটা কষ্ট হয়েছে তখনই ইউসুফ আলাইহি ওয়াসাল্লাম এবং আফিয়া সিদ্দিকার ঘটনা আমাকে অনুপ্রেরণা জুগিয়ে নতুন শক্তি দিয়েছে। আমার সেলের একদিকের দেয়ালে বড় করে লিখে রেখেছিলাম,

These are the best days of my life

মানুষ অবাক হতো। কিন্তু আমাকে দেখে আমার লেখা বিশ্বাসও করতো। শুধু এই লেখাটা দেখার জন্যই অনেকে আমাদের তালিমের হালাকায় ভিড় জমাতো আর অদ্ভুত এক স্বপ্নদৃষ্টি প্রায় প্রতিটা দিন আমি মুক্ত আকাশে ভেসে বেড়ানো পাখিদের দিকে তাকিয়ে তাদের প্রতি ঈর্ষা প্রকাশ করেছি আর গুনগুন করে তিলাওয়াত করেছি

أَوَلَمْ يَرَوْا إِلَى الطَّيْرِ فَوْقَهُمْ صَافَّاتٍ وَيَقْبِضْنَ ۚ مَا يُمْسِكُهُنَّ إِلَّا الرَّحْمَٰنُ ۚ إِنَّهُ بِكُلِّ شَيْءٍ بَصِير

অর্থাৎ, তারা কি লক্ষ্য করে না, তাদের মাথার উপর উড়ন্ত পক্ষীকুলের প্রতি পাখা বিস্তারকারী ও পাখা সংকোচনকারী? রহমান আল্লাহ-ই তাদেরকে স্থির রাখেন। তিনি সর্ব-বিষয় দেখেন। (সুরা মুলক : ১৯)

জেলের পুরো সময়টাই আমি দুটি পাখার ঘোরে আচ্ছন্ন ছিলাম। বার বার আল্লাহ তাআ'লার কাছে দোয়া করেছি যেন তিনি আমাকে তার দুশমনের শৃংখল থেকে নিরাপদ রাখেন কিন্তু তাদের বুলেট থেকে বঞ্চিত না করেন। এই দুনিয়াতে যেমন আছি ভালোই আছি কিন্তু জান্নাতে যেন তিনি দয়া করে আমাকে দুটি মস্তবড় পাখা দান করেন। আমি এই বেহায়া পাখিগুলোর ওপর কিছুটা প্রতিশোধ নিতে চাই।

আমি অনেক ভাইদের দেখেছি জেলের ভয়ে জড়সড়। এরা দুনিয়ার সামান্য আরাম আয়েশ হারানোর ভয়ে আর জেল হাজত এড়ানোর জন্য জেনে বুঝে আল্লাহ্ প্রদত্ত হক থেকে চোখ লুকিয়ে বেড়ায়। কেউ কেউ এমনকি আল্লাহর হুকুম লুকাতে মিথ্যার আশ্রয় নিতে পর্যন্ত কিছু মাত্র দ্বিধা করছে না। ভাই একটু চোখ খুলে দেখুন। যে কারাগারকে আপনি এত ভয় পাচ্ছেন তা আসলে কিছুই না। প্রকৃত ভয়ের জায়গা হচ্ছে কবর যা এড়ানোর কোন বেবস্থাই হয়ত আপনি নিচ্ছেন না।

জেল থেকে বেরুবার পর আমি যতবারই কবরস্থানের পাশ দিয়ে গিয়েছি ততবারই কবরের দিকে তাকিয়ে বলেছি, "হায় কবর! হায় কবর! নিশ্চয়ই তুমি অতি কঠিন ঠিকানা। বন্দীত্বের পূর্বে যেমন স্বাধীনতা কি জিনিস আমি বুঝিনি, মৃত্যুর পূর্বেও তেমনি হায়াতের মর্মও বুঝতে পারছি না। কারাগারের ভয় আমার নেই কিন্তু কবরে যাবার ইচ্ছাও আমার নেই।"

ইয়া আল্লাহ্! ইয়া মাবুদ! আমি মৃত্যু চাই না, হায়াত চাই। কবর চাই না সবুজ পাখির সিনা চাই। এক জোড়া পাখা চাই। আপনার রেদা (সন্তুষ্টি) চাই আর দ্বিদার চাই। আপনি আমাকে মৃত্যু থেকে হেফাজত করুন। কবর থেকে দূরে রাখুন। একটা বুলেট আমার জন্য মঞ্জুর করুন যা আমার সিনাকে ভেদ করে যাবে। আমাকে শাহাদাত দান করুন। আমাকে কবুল করুন।

আমিন, ইয়া রব্বুল আলামিন।

ওয়াসসালাম

$1,589,776,591,407

ইরাক আফগান যুদ্ধে আমেরিকার প্রকৃত ক্ষয়ক্ষতির পরিমাণ

হাসান ইমতিয়াজ

আঠারো শতাব্দীতে 'টমাস ক্যান' নামে একজন প্রখ্যাত ইংরেজ সাহিত্যিক ছিলেন। খ্যাতনামা পশ্চিমা সাহিত্যিকদের মধ্যে তাকে গণ্য করা হত। তিনি একবার আমেরিকার ব্যাপারে মন্তব্য করেছিলেন, শক্তিমানদের ক্ষমতার দাপট ততদিন থাকে যতদিন তারা দুর্বলদের নিগ্রহের মত ভুল পন্থা অবলম্বন করে। তার মন্তব্যের পর্যালোচনায় না গিয়েও যদি ইতিহাসের দিকে তাকানো হয় তাহলে এটা প্রতীয়মান হয় যে, অমুসলিম বড় বড় শক্তিগুলোর পতন তখনই তরান্বিত হয়েছে যখন তারা জুলুম নিপীড়নের পথ বেছে নিয়েছে। আর এসব বৃহৎ শক্তিগুলোর পতন ঐসব মানুষের হাতেই হয়েছে যাদেরকে দুর্বল ভাবা হয়। ইসলামের সূচনাকালের অসম যুদ্ধগুলোতে তখনকার পরাশক্তিগুলোর লজ্জাজনক পরাজয় এবং পরেরদিকের ঐতিহাসিক যুদ্ধগুলোতে স্বৈরাচার শক্তিগুলোর একের পর এক পরাজয়বরণ এর জ্বলজ্যান্ত প্রমাণ। ইতিহাসের সে সূত্র ধরেই বলা যায়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পরিবর্তিত মুসলিম দেশগুলোতে বিশেষ করে ইরাক আফগানিস্তানে নিরীহ মানুষের উপর হামলা, সেনা-সমাবেশ ঘটিয়ে 'জোর যার মুল্লুক তার' নীতিতে আগ্রাসী ভূমিকায় অবতীর্ণ হয়ে আমেরিকা ও পশ্চিমাবিশ্ব পতনের দ্বারপ্রান্তে এসে উপনীত হয়েছে। আমেরিকা নিজেদের সামরিক শক্তি ও সমরাস্ত্র নিয়ে অহংকার করে। নিজেদের স্বয়ংসম্পূর্ণ মনে করে। তবে তাদের এ দুটি গর্বের বস্তু যখন সংকটাপন্ন হবে তখন তাদের পরাজয় অবধারিত হয়ে পড়বে। এটা স্পষ্ট।

আসুন দেখা যাক বিগত তের বছরের ইরাক-আফগানিস্তান যুদ্ধে আমেরিকার প্রকৃত ক্ষয় ক্ষতির পরিসংখ্যান, যা তাদের স্বীকরোক্তি থেকেই বেরিয়ে এসেছে।

২০০১ এর ১৭ অক্টোবর আমেরিকার নেতৃত্বে বিশ্ব কুফরীশক্তি আফগানিস্তান আক্রমণ করে অত্যাধুনিক সমরাস্ত্রে সজ্জিত বিশাল সৈন্য বহর নিয়ে। যারা সার্বক্ষণিক বিপুল অর্থনৈতিক সাপোর্ট পাচ্ছিল। উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত এক অপ্রতিরোধ্য বাহিনীই মনে করা হত তাদের। এক রকম নিশ্চিতই ছিল যে, সামান্য সময়ের ঝটিকা অভিযানেই তালেবানের যুদ্ধের স্বাধ মিটে যাবে। তাদের নাম নিশানা চিরতরে মুছে যাবে। যুদ্ধের ব্যয়ও সামান্যই হবে। তখন পশ্চিমা বিশ্লেষকদের বিশ্লেষণ ছিল 'যদি যুদ্ধ দীর্ঘ হয় তাহলে আমেরিকার পরাজয় নিশ্চিত। কারণ এর ফলে আমেরিকার সার্বিক ক্ষয়ক্ষতি বহুগুণে বেড়ে যাবে, যা এক সময় চূড়ান্ত পরাজয়ে সমাপ্ত হবে।

এখন আমেরিকা বুঝতে পারছে তাদের ধারণা সম্পূর্ণ ভুল ছিল। কারণ, দিন কয়েকের অভিযান ভেবে উদ্যমতার সাথে যে যুদ্ধ শুরু হয়েছিল তা এক দীর্ঘমেয়াদী মরণফাঁদে পরিণত হয়েছে। সে ফাঁদে তাদের হাজার হাজার সেনা খোয়া গেছে। আহত হয়ে রাষ্ট্রের বোঝা হয়েছে আরো বেশি। আর অর্থনৈতিকভাবে ঋণের ভারে হয়েছে নুজ্য। আমেরিকার ক্ষয়ক্ষতি সম্পর্কে দু'ধরণের জরিপ হয়েছে। একটি সরকারী ও সেনাবাহিনীর পক্ষ থেকে করা হয়েছে। আরেকটি জরিপ ঐসব প্রতিষ্ঠান ও সংগঠেনের পক্ষ থেকে যারা নানা কারণে এ আগ্রাসনের বিরোধিতা করে আসছে। আশ্চর্যের ব্যাপার হল উভয় পরিসংখ্যানের মাঝে আকাশ-পাতাল তফাৎ পরিলক্ষিত হয়। যেমন, পেন্টাগনের রিপোর্ট বলছে ইরাক-আফগানিস্তানে আমেরিকার এ পর্যন্ত ৭ হাজার ৬ শত ৯৮ জন সৈন্য প্রাণ হারিয়েছে। অন্যদিকে অবসর প্রাপ্ত আমেরিকান সেনা কর্মকর্তাদের আধাসরকারী সংগঠন মৃতের সংখ্যা ৭৮ হজার ৬০০ বলে দাবী করেছে। এমনিভাবে আহত সৈন্যদের সংখ্যা পেন্টাগন বলছে, ৪১ হাজার ৩০। কিন্তু 'এন্টিওয়ার' নামক একটি সংগঠন তাদের ওয়েবসাইটে এ সংখ্যা ১ লক্ষ দাবী করেছে। তবে অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তাদের সংগঠন ইরাক আফগান যুদ্ধে আমেরিকান আহত সৈন্যদের সংখ্যা ৬ লক্ষ বলে দাবী করেছে। তাদের যুক্তি, আমেরিকান সামরিক নিয়ম অনুসারে যে সব যুদ্ধাহত সৈনিকদের চিকিৎসার জন্য আমেরিকা আনা হচ্ছে তাদের জন্য বরাদ্ধ এতই বেড়ে গেছে যে, এর ফলে অবসরপ্রাপ্ত সেনাদের ভাতার ক্ষেত্রে এর প্রভাব পড়েছে মারাত্মকভাবে। তারা বলেছে, এখন পর্যন্ত ৬ লক্ষ আহত সৈন্যের চিকিৎসা দেয়া হয়েছে। যাদের যুদ্ধ চলাকালীন চিকিৎসা দেয়া হয়েছে তারা এর অন্তর্ভুক্ত নয়।

কংগ্রেস যুদ্ধের মোট ব্যয়ের পরিমাণ অনুসন্ধানের জন্য একটি কমিটি গঠন করেছে। সিভিল প্রশাসন ও সৈন্যদের ব্যয়ের পরিমাণ যাচাই করে দেখা যাদের দায়িত্ব। বলা হয়, সংগঠনটি এ কাজে ছাড় দিতে নারাজ। এমনকি তারা পুরো আমেরিকান প্রশাসন অর্থাৎ, রাষ্ট্র ও জনগনের আমদানী রপ্তানী সার্বক্ষণিক তদারকি করে থাকে। এ সংগঠনটি তাদের এক রিপোর্টে বলেছে, ২০০১ সাল থেকে এখন পর্যন্ত আমেরিকান সরকার প্রতি ঘন্টায় ১০ দশমিক ৫৪ হাজার মিলিয়ন ডলার ব্যয় করেছে। যার মধ্যে ৮০ ভাগই ব্যয় হচ্ছে যুদ্ধ ক্ষেত্রে।

বিগত চৌদ্দ বছরে যে পরিমাণ অর্থ ব্যয় হয়েছে এ খাতে তা ইতিহাসের সবচে' বড় ব্যয় এত সন্দেহ নেই। ৯/১১ এর পর থেকে ২০১০ পর্যন্ত ইরাক আফগানিস্তান যুদ্ধের জন্য যে বাজেট অনুমোদিত হয়েছে তার পরিমাণ ৩ হাজার ট্রিলিয়ন ২৯১ বিলিয়ন ডলার। ফ্রান্সের 'লুফিগার্ড' নামে একটি পত্রিকা এ পরিসংখ্যানটি সত্যায়ন করেছে। ফ্রান্সের এ ম্যাগাজিনটি ১৪ অক্টোবর ২০০৮ সালে 'যুদ্ধ ব্যয়' শিরোনামে একটি বিশেষ সংখ্যা বের করেছিল। যাতে যুদ্ধের যাবতীয় ব্যয় উল্লেখ করা হয়েছে। অন্য দিকে আরব নিউজ নামক একটি অনলাইন ম্যাগাজিনের অনুসন্ধান বিভাগের মহাপরিচালক আব্দুল মুনিম তার গবেষণা প্রতিবেদনে আমেরিকার প্রচার মাধ্যমের বরাত দিয়ে উল্লেখ করেছেন, আফগানিস্তান ও ইরাকে এ পর্যন্ত আমেরিকার ছয় লক্ষ যুদ্ধ সরাঞ্জাম সম্পূর্ণভাবে ধ্বংস হয়েছে। আহত নিহত ও যুদ্ধের জন্য অনুপযুক্ত সৈন্যের সখ্যা ১০ লক্ষের বেশি। 'আলকিফাহ' নামে একটি আরবী সাপ্তাহিক ম্যাগাজিন ইরাক আফগানিস্তান যুদ্ধ সম্পর্কে একটি বিস্তারিত রিপোর্ট প্রকাশ করেছে। যাতে কংগ্রেসের একজন দায়িত্বশীল মেম্বার জেমস্ মিক গ্যাফরনের বরাতে উল্লেখ করা হয়েছে –ইরাক আফগানিস্তানে গড়ে দৈনিক ২৪৬ মিলিয়ন ডলার আমেরিকার গচ্চা দিতে হচ্ছে। এ রিপোর্টে এও বলা হয়েছে যে, যেসকল আমেরিকান সেনা, কর্মচারী ও পর্যটক প্রাণ হারিয়েছে তাদের সংখ্যা ১০ হাজারের অধিক। স্বর্তব্য যে, এ রিপের্টটি ২০০৭ সালের।

আমেরিকার সরকারী ব্যাংকের পরিসংখ্যান মতে, যুদ্ধ শুরুর পূর্বে আমেরিকার উপর আবশ্যক ঋণের পরমাণ ছিল ১৬ বিলিয়ন ডলার। কিন্তু বর্তমানে তা বেড়ে ১৭শ বিলিয়ন ডলারে পৌঁছেছে। রাষ্ট্রীয় ট্রেজারী দৈনিক ২ দশমিক ৫৬ বিলিয়ন ডলার লোকসান টানছে। ২০০৮ সাল থেকে ৭ মিলিয়ন সরকারী কর্মকর্তা-কর্মচারীর বেতন বন্ধ রয়েছে। শোনা যাচ্ছে আমেরিকা এখন প্রতি মাসে ৪৬ বিলিয়ন ডলার কাগজের নোট ছাপাচ্ছে। যা অর্থনীতিতে দারুণ প্রভাব ফেলছে।

নিকট ভবিষ্যতে আমেরিকাকে যে সব দেশের ঋণ পরিশোধ করতে হবে তা হল, জাপান ৫৪৬ বিলিয়ন ডলার। চীন ৪০০ বিলিয়ন ডলার। ব্রিটেন ২৪৪ বিলিয়ন ডলার। সৌদি আরবসহ অন্যান্য দেশ ১২৩ বিলিয়ন ডলার।

খোদ আমেরিকান বিশেষজ্ঞদের এক অনুসন্ধান–প্রতিবেদনে স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে যে, একদিকে যেমন আমেরিকান সৈন্য হতাহতের প্রকৃত সংখ্যা এখনও স্পষ্ট নয়, অর্থাৎ, তাদের পেন্টাগনের পক্ষ থেকে প্রকাশিত পরিসংখানের উপর আস্থা নেই। অন্য দিকে এ যুদ্ধে আমেরিকার ট্রিলিয়ন ট্রিলিয়ন ডলার ক্ষতি হয়েছে। অনুসন্ধান রিপোর্টের সদস্য সিনেটর 'বব চর্কার' -যিনি ডেমোক্র্যাটিক পার্টির একজন নেতা- তিনি লিখেছেন, আল কায়েদার ১৯ সদস্য চার-পাঁচ লাখ ডলার খরচ করে নাইন ইলেভেন ট্র্যাজেডির জন্ম দিয়েছিল। যাতে প্রাণ হারিয়েছে ৩ হাজার মানুষ। সম্পদহানি হয়েছে ৭০০ থেকে ১০০০ বিলিয়ন ডলার। কিন্তু এ ঘটনার পর আমেরিকা যখন ইরাক ও আফগানিস্তান হামলা করল তখন এ ক্ষতির পরিমাণ চারগুণ বেড়ে গেছে।

আমেরিকার আরেকটি সংগঠন ক্ষয় ক্ষতির পরিসংখ্যান এভাবে করেছে:

Cost of Military Action Aganist ISIS
Evry hour, tarxpayers in the United States are paying $312,500 for cost of Military Aganist ISIS.
$1,468,258,411

Cost of War in Afganistan
Evry hour, taxpayers in the United States are paying $10.17 million for cost of War in Afganistan.
$771,354,515,671

প্রতি ঘন্টায় আমেরিকান সরকার জনগনের ট্যাক্সের টাকা থেকে যুদ্ধে কী পরিমাণ ব্যায় করে ভেবে দেখুন।

Cost of War in Iraq
Evry hour, taxpayers in the United States are paying $365,297 for cost of War in Iraq
$818,521,924,758

Total cost of Wars Since 2001
Evry hour, taxpayers in the United States are paying $10.54 million for Total cost of Wars Since 2001
$1,589,776,591,407

সার কথা, আমেরিকার এ অন্যায় যুদ্ধে যা অর্জন হয়েছে তা হল-

১. ১১- সেপ্টেম্বর হামলায় ৩ হাজার মানুষের মৃত্যু এবং ১০ হাজার বিলিয়ন ডলার সম পরিমাণ সম্পদের ক্ষয়-ক্ষতি।
২. ২০০১ সাল থেকে এ পর্যন্ত আফগানিস্তান ও ইরাকে ১০ লক্ষ সৈন্য আহত- নিহত পঙ্গু হয়েছে।
৩. এ পর্যন্ত আমেরিকার
৬ লক্ষ সামরিক সরঞ্জাম ধ্বংস হয়েছে।
৪. সামরিক ব্যয় ৩ হাজার ২৯১ বিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে।
৫. আমেরিকার বৈদেশিক ঋণ ৭০ বিলিয়ন ডলার থেকে বেড়ে ১০০ বিলিয়ন ডলারে পৌঁছেছে।
৬. ২০০৮ সাল থকে ৭০ লাখ কর্মচারির বেতন-ভাতা বন্ধ করে দেয়া হয়েছে।
৭. দিন দিন ক্ষয় ক্ষতির পরিমাণ বেড়েই চলছে।

অবশেষে দেখা যাবে নির্মম পরাজয়ের গ্লানি নিয়ে পাততাড়ি গুটিয়ে আমেরিকা পালাতে বাধ্য হচ্ছে। বিশ্বের নিপীড়িত জনতা যমানার ফেরাউনদের শেষ-কৃত্য দেখার অপেক্ষায় রইল।

পারস্যের এক সত্যসন্ধানী যুবকের গল্প

নাজমুস সাকিব

পারস্যের এক নওজোয়ান। অগ্নিপূজারক বাবার বিরাট ভূ সম্পত্তি। প্রভাব প্রতিপত্তি, ধর্মীয় নেতৃত্ব, সব দিকেই প্রথম কাতারে থাকা বাবার ছেলে মানেই তো অন্যকিছু! বাবার ছায়া ধরে হাঁটি হাঁটি করে ছেলেও পেল ধর্মীয় পুরোহিতের একটা পদ। বাবার আদেশে ধর্মীয় রীতিনীতি পালন করতে একেবারে এক পায়ে খাড়া ছিল সে। ছেলের হাতে দায়িত্ব দিয়ে বাবাও মন দিলেন খামারের কাজে।

একদিন বাবার খামারে যাওয়া হল না। কি মনে করে ছেলেকে বললেন যেতে। আজ না হয় খামারেই যাক সে। পিতার একান্ত বাধ্য ছেলেও পথ ধরলো খামারের।

চলতে চলতে পথেই পড়ে এক গির্জা। গির্জা থেকে তখন ভেসে আসছিল খ্রিষ্টানদের প্রার্থনার শব্দ। সে কখনো গির্জার ইবাদত দেখেনি। কৌতুহলী সে ফারসি যুবক কি মনে করে ঢুকে পড়লেন গির্জায়। মুগ্ধ হয়ে দেখলেন তাদের প্রার্থনা। মনে মনে বলতে লাগলো, 'আমরা যে ধর্মের অনুসারী, তা থেকে এ ধর্ম অতি উত্তম।'

খামার গেল গোল্লায়, নওজোয়ান সেই গির্জায় সারাটাদিন কাটিয়ে দিল! এর মধ্যেই জানতে পারলো এই ধর্মের উৎস নাকি শামে।

এদিকে সন্ধ্যার পরে ঘরে ফিরে এসে যখন তার বাবাকে সব খুলে বলল, বাবা তো রেগেমেগে অগ্নিশর্মা!

'বেটা! ঐ ধর্মে কল্যাণ নেই! তোমার ও তোমার পিতৃপুরুষের ধর্ম তার চাইতে উত্তম।'

ছেলের আসন্ন ধর্মত্যাগের শঙ্কায় ভীত বাবা বুঝি কেঁপে কেঁপে উঠলেন। ছেলের ভয়াবহ বিপদ টের পেয়ে তার পায়ে ডান্ডাবেড়ি পরিয়ে বেঁধে রাখলেন।

এদিকে ছেলেও অস্থির হয়ে পড়লো। কিছু একটা বোধহয় ঠিক হচ্ছেনা। এ কোন ধর্ম পালন করছে সে? অস্থির যুবক অবশেষে কোনরকমে গির্জায় সংবাদ পাঠালো যে, শাম অভিমুখে কোন কাফেলা গেলে তাকে যেন জানানো হয়। কপাল ভালো, মিলেও গেল একটা কাফেলা। সুযোগ আর ছাড়লো না সে।

পিতৃপুরুষের ধর্ম, আচার, সংস্কৃতি সব পেছনে ফেলে সেই ফারসি নওজোয়ান পালিয়ে গেল। কাফেলার সাথে নওজোয়ানও গিয়ে পৌঁছালো শামে। সময় নষ্ট করার মানুষ না সে। গিয়েই খবর নিলো এ ধর্মের সবচে জ্ঞানী ব্যক্তিকে। সবাই বললো বিশপ, গির্জার পুরোহিত।

যুবকটি খুঁজে ঠিকই বের করে ফেলল বিশপকে। গিয়ে বলল, 'আমি খ্রিষ্টধর্মের প্রতি আকৃষ্ট হয়েছি। আমার ইচ্ছা, আপনার সাহচর্যে থেকে আপনার সেবা করবো। আপনার নিকট থেকে শিক্ষালাভ করবো ও আপনার সাথে প্রার্থনা করবো।' বিশপ তাকে গ্রহণ করলেন। যুবক সোৎসাহে বিশপের সেবা করতে লাগল। কিন্তু কিছুদিন না যেতেই একটা কঠিন ধাক্কা খেলো সে। এ বিশপ যে আগাগোড়াই অসৎ! বিশপ সবাইকে বয়ান করে বেড়ায় তোমরা দান খয়রাত কর, আল্লাহর রাস্তায় খরচ কর। অথচ কেউ যখন আল্লাহর রাস্তায় খরচ করার জন্যে কিছু তার হাতে তুলে দেয়, সে তা আত্মসাৎ করে বসে। যুবক দেখলো এভাবে দীর্ঘদিন ধরে প্রায় সাত কলসি স্বর্ণ জমিয়ে ফেলেছে বিশপ! এমন ধর্মগুরুর প্রতি এক রাশ ঘৃণা নিয়ে যুবক দিনানিপাত করতে লাগলো। হঠাৎই একদিন মারা গেল সে। খ্রিষ্টানরা তাকে কবর দিতে এলে যুবক খুলে দেয় তার সমস্ত কুকীর্তির ভান্ডার। সত্য উন্মোচিত হলে সবাই বলে, 'আমরা একে দাফন করবোনা।'

অতঃপর সবাই তখন নতুন আরেক জনকে বিশপের স্থান দিল। এই বিশপ ছিলেন চরিত্রের দিক থেকে অনেক উঁচুতে অবস্থানকারী। যুবক তাকে অত্যন্ত শ্রদ্ধা করতো। সেই পাদ্রীর মৃত্যুর মুহূর্তে যুবক তাকে জিজ্ঞাসা করলো,'জনাব, আপনার মৃত্যুর পর আমাকে কার সাহচর্যে কাটাবার উপদেশ দেবেন?'

তিনি বললেন, 'যে সত্য আমি আঁকড়ে ধরেছি, তার ধারক আর কেউ আছে বলে আমি জানিনা। তবে 'মসুলে' এক ব্যক্তি আছেন,তার নাম অমুক, তিনি এ সত্যের এক বিন্দুও পরিবর্তন করেন নি। তুমি তার সাহচর্য গ্রহণ কর।'

পাদ্রীর মৃত্যুর পর যুবক আবার নেমে পড়ে তার সত্য সন্ধানী যাত্রায়। মাওসেলে গিয়ে খুঁজে বের করে সেই উস্তাদকে। তাকে সব খুলে বলে। উস্তাদ তাকে তার সাথেই রেখে দিলেন।

তবে আল্লাহর ইচ্ছে ছিল তাকে আরো পরীক্ষা করবেন। সেই উস্তাদও মারা গেলেন। মৃত্যুর সময় তার শিয়রে বসে যুবক সেই একই প্রশ্ন করলো,'আপনার মৃত্যুর পর আমাকে কার সাহচর্যে কাটাবার উপদেশ দেবেন?'

উস্তাদ জবাব দিলেন, 'নাস্সিবীনে' অমুক নামে একজন ব্যক্তি আছেন। তুমি তার সাথে মিলতে পারো।'

যুবক আবার নেমে পড়লো নাস্সিবীনের উদ্দেশ্যে। কাঙ্ক্ষিত উস্তাদের দেখা পেয়ে তাকে সমস্ত কিছু খুলে বলল। তিনি যুবককে তার কাছে রেখে দিলেন।

অদ্ভুত জীবন ছিল যুবকের। অদ্ভুত ছিল তার তাকদীর। সে পাদ্রীর মৃত্যুর সময়ে সেই একই প্রশ্ন আবার করলো যুবক,

'আপনার মৃত্যুর পর আমাকে কার সাহচর্যে কাটাবার উপদেশ দেবেন?'

উস্তাদ উত্তর দিলেন,'আম্মুরিয়াতে' একলোক আছেন। তুমি তার কাছে যাও।'

যুবক আবার এগিয়ে চললো আম্মুরিয়াতের উদ্দেশ্যে। খুঁজে পেলো সেই ব্যক্তিকে। খুলে বলল সমস্ত কাহিনী। তিনি তাকে নিজের কাছে রাখলেন।তবে আল্লাহর যেন ইচ্ছেই ছিল এই যুবকের জীবনটা আরো অভিযাত্রাময় করে তুলবেন। তার এই উস্তাদও মারা গেলেন। মৃত্যুর আগে যখন যুবক তাকে তার পরবর্তী উস্তাদের ব্যাপারে জিজ্ঞেস করে, তিনি বলেন,

'বৎস! আমরা যে সত্যকে ধরে রেখেছিলাম, সে সত্যের উপর ভূপৃষ্ঠে অন্য কোন ব্যক্তি অবশিষ্ট আছে বলে আমার জানা নেই। তবে অদূর ভবিষ্যতে আরব দেশে একজন নবী আবির্ভূত হবেন। তিনি ইব্রাহীমের দ্বীন নতুনভাবে নিয়ে আসবেন। তিনি তার জন্মভূমি থেকে বিতাড়িত হয়ে বড় বড় কালো পাথরের জমিনের মাঝখানে খেজুর উদ্যান বিশিষ্ট ভূমির দিকে হিজরত করবেন। দিবালোকের ন্যায় সুস্পষ্ট কিছু নিদর্শন থাকবে তাঁর। তিনি হাদিয়ার জিনিস খাবেন, কিন্তু সাদকার জিনিস খাবেন না। তাঁর দু কাঁধের মাঝখানে নবুয়্যাতের মোহর থাকবে। তুমি পারলে সে দেশে যাও।'

সালমান নামের সেই সত্যসন্ধানী ফারসি যুবক যেন তাঁর জীবনের অন্যতম কঠিন পরীক্ষায় অবতীর্ণ হলেন। কারো কাছে যাওয়ার নেই। কারো কাছে ধর্ম শিক্ষা করার সুযোগ নেই। আপন বলে কেউ নেই। সাথে তার শুধুমাত্র উস্তাদের এক ভবিষ্যৎ বাণী আর তার উপর অগাধ বিশ্বাস। যুবক নতুন করে উঠে দাঁড়ালেন।

শুরু হল তার রোমাঞ্চকর এক যাত্রা।কোন উস্তাদ নেই। কোন পথপ্রদর্শক নেই। কোন শিক্ষক নেই।

সত্যানুসন্ধানে অদম্য পারস্য যুবক সালমান রাযি. কিছুটা থমকে গেলেন। বেশ কিছুটা দিন একা একাই কাটিয়ে দিলেন আম্মুরিয়াতে। কিছুদিন পরেই সেখানে কিছু আরব ব্যবসায়ী এল। সালমান রাযি. দেখলেন এই তো সুযোগ আরব দেশে যাওয়ার! তিনি ব্যবসায়ীদের দিলেন এক লোভনীয় প্রস্তাব।

'আপনারা যদি আমাকে সঙ্গে করে আরব দেশে নিয়ে যান, বিনিময়ে আমি আপনাদের আমার এই গরুগুলো আর এ ভেড়াটা আপনাদের দিয়ে দেব।'

আরবরা এ প্রস্তাব লুফে নিল। ফলে আরবদের সাথে আরব দেশের উদ্দ্যেশ্যে রওনা হলেন সালমান রাযি.। কিন্তু সালমান রাযি. কি জানতেন কী অপেক্ষা করছে তার জন্যে?

মদীনা আর শাম- এই দুই অঞ্চলের মাঝামাঝি 'ওয়াদি আল কুরা' নামক স্থানে যখন কাফেলাটি পৌঁছালো, ব্যবসায়ীরা সালমানকে রাযি. এক ইহুদীর কাছে দাস হিসেবে বিক্রি করে দিল! চরম বিশ্বাসঘাতকতার শিকার হয়ে সালমান রাযি. সেই ইহুদীর দাস হয়ে গেলেন।

তারপরেও সালমান রাযি. তার দাসত্ব মেনে নেন। মেনে নেন বাস্তবতাকে। এরই মাঝে ঘটে আরেক ঘটনা। সেই ইহুদী মালিকের এক চাচাতো ভাই এসে একদিন সালমানকে রাযি. কিনে নেন। শাপে বর যেমন হয়, সালমানের রাযি. এর জন্যেও তেমনই হল। নতুন মালিক তাকে নিয়ে পথ ধরলেন মাদীনা মুনাওয়ারার!

মদীনা পৌঁছেই যেন সালমানের রাযি. কাছে দিবালোকের মত সব পরিষ্কার হয়ে গেল। এ যে সেই শহর!

'আল্লাহর কসম! আমি যখন এই শহর দেখি, আমি তখনই বুঝে যাই এটাই সেই জায়গা যার কথা আমার উস্তাদ আমাকে বলেছিলেন!'

সময় বয়ে যায়। সালমান রাযি. সেই ইহুদীর দাস হিসবে কাজ করতে লাগলেন। আর অপেক্ষা করতে লাগলেন সেই রাসূলের, যিনি ইব্রাহীমের দ্বীন নিয়ে হাজির হবেন। একদিন সালমান রাযি. খেজুর গাছে উঠে কি যেন করছিলেন। তার মালিক গাছের নিচে বসে ছিল। এমন সময় তার এক চাচাতো ভাই এসে বলল,

'বানী কীইলা ধ্বংস হোক। তারা কিবা (মদীনা) তে এক লোকের চারপাশে সমবেত হয়েছে, যে কিনা মক্কা থেকে এসে দাবি করছে সে আল্লাহর রাসূল!'

সালমানের রাযি. কানে এই কথা যেতেই তিনি রীতিমত কাঁপতে শুরু করলেন। লাফ দিয়ে নেমে এসে তিনি সেই ব্যক্তিকে জিজ্ঞাসা করলেন

'কি বললে তুমি? কী বললে?'

এ কথা শুনতেই তার মনিব রাগে ফেটে পড়লো আর ঠাস করে এক চড় বসিয়ে দিল সালমানের রাযি. গালে।

'এর সাথে তোমার সম্পর্ক কি? যাও কাজে যাও!'

সালমান রাযি. দমলেন না। কিছু খেজুর জমা ছিল তার। সেগুলো নিয়ে সেদিন সন্ধ্যাতেই তিনি রাসূল সা. এর কাছে গেলেন। কিছু খেজুর তাকে দিতে গিয়ে বললেন,

'আমি শুনেছি আপনি একজন পূণ্যবান ব্যক্তি। এ সামান্য কিছু জিনিস আমি সদকার উদ্দেশ্যে জমা রেখেছিলাম। আমি দেখছি অন্যদের তুলনায় আপনারাই (রাসূল ও তার সাহাবীগণ) এর অধিক যোগ্য।'

তীক্ষ্ণ দৃষ্টি দিয়ে সালমান রাযি. যা লক্ষ্য করলেন, তাতে তার বিস্মিত হবার পালা। রাসূল সা. খেজুরগুলো সাহাবীদের খেতে নির্দেশ দিলেন, কিন্তু নিজে ধরেও দেখলেন না। সালমানের রাযি. মনে মনে ভাবছেন- প্রথম ইঙ্গিত পেয়ে গেছি! উস্তাদ বলেছিলেন,

'তিনি হাদিয়ার জিনিস খাবেন, কিন্তু সদকার জিনিস খাবেন না।'

সালমান রাযি. ফিরে এলেন। এবার আরো কিছু খেজুর জোগাড় করলেন। কিছুদিন পর আবার গেলেন রাসূল সা. এর কাছে। খেজুর এগিয়ে দিয়ে বললেন-

'আমি দেখলাম আপনি সদকার জিনিস খান না। তাই এবার কিছু হাদিয়া নিয়ে এসেছি আপনাকে দেয়ার উদ্দেশ্যে।'

এবার তিনি নিজেও খেলেন, সাহাবীদেরকেও খেতে নির্দেশ দিলেন। সালমান রা. এবার আরো খুশি হলেন। কারণ দ্বিতীয় নিদর্শনটিও যে মিলে গেলো।

রাসূল সা. এবার তা নিজেও খেলেন, সাহাবীদেরও খেতে নির্দেশ দিলেন।

কিছুদিন পরের কথা। একদিন রাসূল সা. তাঁর এক মৃত সাহাবীকে দাফন করছিলেন। তার পরনে ছিল একটা ঢিলেঢালা পোষাক। সালমান রাযি. এসে তাকে সালাম দিলেন। এবার সালমান রাযি. শেষ নিদর্শন খুঁজতে লাগলেন।

'তাঁর দু কাঁধের মাঝখানে নবুয়্যাতের মোহর থাকবে'

সালমান রাযি. বার বার রাসূলাল্লাহ সা. এর পেছনে দৃষ্টি ঘোরাতে লাগলেন। উঁকি ঝুঁকি মারতে লাগলেন। একটাবার যদি দেখা যায়! কিভাবে যে দেখা যায়!

এদিকে রসূল সা. সালমানের কণ্ড দেখছিলেন। তিনি নিজেই ইচ্ছে করে তার চাদরটি পেছন দিক থেকে কিছুটা নামিয়ে দিলেন। এ ছিলো এক অদ্ভুত ও চমকপ্রদ ঘটনা। রাসূল সা. এর দুই কাধের সামান্য নিচে বিদ্যমান নবুওতের মোহর দেখতে পেলেন।

সালমান রাযি. আর নিজেকে ধরে রাখতে পারলেন না। এত বছরের সাধনা, এত কষ্ট, এত যন্ত্রনা, নিজের সাথে, নিজের কওমের সাথে এত যুদ্ধ, এতটা পথ যাত্রা, এত অপেক্ষার পর যখন চোখের সামনে আল্লাহর একজন সত্য নবী দন্ডায়মান থাকেন, তখন নিজের আবেগকে ধরে রাখা কোন মানুষের পক্ষেই হয়তো সম্ভব ছিল না। সালমান রাযি. নবুয়াতের সেই মোহরের ওপর হুমড়ি খেয়ে পড়লেন আর চুমুতে চুমুতে ভরিয়ে দিলেন। দু চোখে তার অঝোর ধারায় পানি ঝরছে। এ এক অভূতপূর্ব দৃশ্য। এক আবেগময় দৃশ্য। যা কখনই কেউ দেখেনি। যারা সালমানকে রাযি. চেনেনা, তারা কখনই বুঝতে পারবেনা এই আবেগের পেছনে কী লুকিয়ে আছে।

এবার রসূল (সা) তার দিকে ফিরে তাকালেন এবং তার কাহিনী জানতে চাইলেন, সালমান রাযি. তার সমস্ত কাহিনী খুলে বললেন। সেই গির্জা থেকে শুরু করে তার দাসত্বের জীবন পর্যন্ত। এযে তাওহীদের সন্ধানে বিস্ময়কর এক যাত্রার গল্প। রাসূল সা. তাকে অনুরোধ করলেন যেন তিনি নিজ মুখেই সবাইকে এই গল্প শোনান। সালমানও রাযি. সব সাহাবীকে তার গল্প শোনালেন। এ যে রূপকথাকেও হার মানায়!

কিন্তু একটা ঝামেলা তখনও ছিল। সালমান রাযি. তখনও সেই ইহুদীর দাস। রাসূল সা. তাকে তার মনিবের সাথে একটা মুক্তি চুক্তি করার পরামর্শ দিলেন। সালমান রাযি. চুক্তি করলেন। চুক্তি মতে সালমান মনিবকে ৪০ আউন্স স্বর্ণ দেবেন আর ৩০০ খেজুরের চারা লাগিয়ে দেবেন ও তার দেখাশোনা করে দেবেন।

সালমান রাযি. রাসূলুল্লাহ সা. কে এই চুক্তির কথা বললে তিনি সাহাবীদেরকে ডেকে বলেন,'তোমরা তোমাদের এ ভাইকে সাহায্য কর।'

সবাই পাঁচ, দশ, বিশ, ত্রিশ করে যে যা পারলেন খেজুরের চারা দিলেন। অবশেষে তার ৩০০ চারা যোগাড় হয়ে গেল। এরপর তিনি রাসূল সা. নির্দেশমত গর্ত করলেন। রাসূল সা. নিজে তার সাথে গিয়ে সেখানে নিজ হাতে চারা রোপণ করলেন। চারাগুলো বেড়ে উঠলো।

কিন্তু তখন স্বর্ণ পরিশোধ করা বাকি। চিন্তিত সালমান রাযি. একদিন দেখলেন রাসূল সা. তার জন্যে মুরগীর ডিমের মত একটা স্বর্ণজাতীয় জিনিস নিয়ে এসে ধরিয়ে দিয়ে বললেন,'যাও। তোমার চুক্তি মোতাবেক পরিশোধ কর।'সালমান রাযি. বললেন,'এতে কি তা পরিশোধ হবে?'রাসূলুল্লাহ সা. বললেন, 'ধর। আল্লাহ এতেই পরিশোধ করবেন।'সালমান রাযি. যখন তার এই গল্প বলছিলেন তখন বললেন,'আল্লাহর কসম! ওজন করে দেখলাম তাতে ৪০ আউন্সই ছিল!'অবশেষে চুক্তি পূর্ণ করে সালমান রাযি. মুক্তি লাভ করলেন। অন্যান্য মুহাজির সাহাবিদের মত সালমানকেও রাযি. রাসূল সা. একজন আনসার সাহাবীর সাথে ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ করে দেন। তার ভাই ছিলেন আবু দারদা রাযি.।

এই ছিল সালমান রাযি. গল্প। সালমান আল ফারিসির রাযি. গল্প। যে বিস্ময়কর অভাবনীয় অভিযাত্রার গল্প সালমান আল ফারিসি রাযি. নিজের মুখেই ইবন আব্বাসকে রাযি. বর্ণনা করেছিলেন। সে এক বিখ্যাত হাদীস।

তাওহীদের পথে, আল্লাহর ইবাদতের পথে, সত্যের পথে ত্যাগ স্বীকার ও দুঃসহ অভিযাত্রার এক অনবদ্য মহাকাব্য রচনা করেছিলেন সালমান আল ফারিসি রাযি.। তার এই 'দুর্গম গিরি কান্তার মরু' সদৃশ অভিযাত্রা যুগে যুগে, কালে কালে প্রেরণা যুগিয়েছে সত্য সন্ধানী মানুষদের। সত্যের পথে অবিচল থাকা আর জীবনে তাওহীদ প্রতিষ্ঠার জন্যে যে ঐতিহাসিক অভিযাত্রায় তিনি নেমেছিলেন, তা আমাদের সকলকেই নতুন করে ভাবতে শেখায় যে, ইসলাম কোন Taken for granted জীবন বিধান নয়। মুসলিম হতে পারা আল্লাহর পক্ষ থেকে কোন ফ্রী সার্ভিস নয়। এটা অর্জন করতে হয়। ইসলামকে অনুসন্ধান করতে হয়। ইসলামকে চেতনায় ধারণ করতে হয়। তবেই না আমরা মুসলিম।

সালমান আল ফারিসির রাযি. ইসলামের পথে আসার যে মোহনীয় অভিযাত্রার বর্ণনা আমরা পড়েছি, তাতে শুধু অবাক হলেই আমাদের দায়িত্ব শেষ হয়না। এই বিস্ময়কয় অভিযাত্রা থেকে আমাদের শিক্ষা নেয়া প্রয়োজন। এটা এমন এক যাত্রা, যা থেকে সত্য অনুসন্ধান করার যে চেতনা আমাদের লালন করা উচিৎ, তার একটা স্পষ্ট ধারণা ও চিত্র আমাদের সামনে ফুটে ওঠে।তাহলে কিভাবে আমরা এই অভিযাত্রা থেকে শিক্ষা নেব? সালমান আল ফারিসির রাযি. ইসলামের পথে যাত্রাকে কয়েকটা ভাগে ভাগ করে ফেলা যায়। প্রতিটা ভাগেই রয়েছে গভীর শিক্ষা। (সমস্ত প্রশংসা আল্লাহ তাআলার।)

অনুসন্ধিৎসু মানুসিকতা

সালমান আল ফারিসি রাযি. যখন প্রথম খৃস্টানদের গির্জায় তাদের প্রার্থনা শুনতে পান, তিনি তাতে আগ্রহী হয়ে ওঠেন ও ভেতরে প্রবেশ করেন। এ থেকে স্পষ্ট ফুটে ওঠে তার অনুসন্ধিৎসু মানসিকতা। সত্যকে খুঁজে পেতে হলে নিজের মানসিকতাকে প্রশস্ত করার কোন বিকল্প নেই। সালমান আল ফারিসি (রা) যদি তাদের প্রার্থনা দেখে, 'আরে ধুর! এইসব কী আজগুবি কাজ?' বলে পাশ কাটিয়ে চলে যেতেন, তবে হয়তো তিনি সত্যের সন্ধানে সার্থক হতেন না।

উপস্থিত প্রমাণকে গুরুত্ব প্রদান

সালমান আল ফারিসি রাযি. সারাটি দিন সেই গির্জায় কাটিয়ে দেন। তাদের প্রার্থনা দেখেন, তাদের কথা শোনেন। তাদের অবলোকন করেন। এতে সত্যানুসন্ধানে সময় প্রদানের প্রয়োজনীয়তা বোঝা যায়। তিনি যদি ঢুকেই এদিক ওদিক চেয়ে 'কী সব হাবিজাবি' বলে বের হয়ে যেতেন, তবে তিনি তাদের দ্বীনের ব্যাপারে অল্পই জানতে পারতেন।

দ্বীনের মূল অন্বেষণ

সালমান আল ফারিসি রাযি. পাদ্রীদের কাছে জিজ্ঞাসা করেছিলেন তাদের এই ধর্মের উৎস কোথায়? কিভাবে এল? কোথা থেকে এল? তারা জানায় এ ধর্মের উৎস শাম। এখান থেকে বোঝা যায় সত্য ধর্ম খুঁজে পেতে অন্যান্য ধর্মের মূল উৎসগুলোর ব্যাপারে জ্ঞানলাভ করা, উৎসের বিশুদ্ধতা সম্বন্ধে জ্ঞাত হওয়ার প্রয়োজনীয়তা রয়েছে।

আপোষহীনতা

সন্ধ্যায় ঘরে ফিরে এসে বাবাকে সব খুলে বলেন সালমান রাযি.। বাবা যথারীতি এর ঘোর বিরোধিতা করলেও সালমান আল ফারিসি রাযি. সরাসরি তাকে বলে দেন,আল্লাহর কসম! এ ধর্ম আমাদের ধর্মের চাইতে উত্তম। সালমান রাযি. তার পিতাকে অত্যন্ত ভালোবাসতেন ও শ্রদ্ধা করতেন। কিন্তু সত্যের পথে থাকতে তার আবেগকে তিনি প্রাধান্য না দিয়ে স্পষ্টভাষায় ও অবলীলায় সত্য উচ্চারণ করেছেন।

অন্যায়ের সামনে মাথা নত না করা

তার পিতা তাকে বেঁধে রাখার পরেও তিনি বাঁধন খুলে শামে পালিয়ে যান। এতে আমরা দেখতে পাই সত্যকে প্রতিষ্ঠা করতে অন্যায়ের বিরোধিতা করার শিক্ষা। তার পিতা তার ওপর জুলম করলেও তিনি পিতার কাছে মাথা নত না করে বেরিয়ে পড়েন সত্যের উদ্দেশ্যে।

সর্বোত্তম শিক্ষার অন্বেষণ

সালমান আল ফারিসি রাযি. শামে পৌঁছেই শামবাসীকে জিজ্ঞাসা করেন, তোমাদের মধ্যে এই ধর্মের সবচেয়ে বড় পন্ডিত কে? তিনি চাইলে যে কারো থেকেই এই ধর্মের দীক্ষা নিতে পারতেন। কিন্তু তিনি খুঁজে বের করেছেন শ্রেষ্ঠ শিক্ষককে। আমরা খাবার খেতে চাইলেও যেখানে সবচে ভালোটা খেতে চাই, কিন্তু দ্বীনের শিক্ষার ব্যাপারে আমাদের অনেকের সেই দিকে খেয়াল থাকেনা। সালমান ফারসির রাযি. এই অনুসন্ধান আমাদের চোখে আঙ্গুল দিয়ে বিশুদ্ধ জ্ঞান অন্বেষার শিক্ষা দান করে।

বিনয় ও অমায়িকতা

সালমান আল ফারিসি রাযি. যখন বিশপকে সামনে পেলেন, তিনি তাকে তার শিক্ষক হতে অনুরোধ করলেন। বিনিময়ে তিনি তার সেবক হিসেবে নিজেকে নিয়োজিত করার প্রস্তাব দিলেন। এখান থেকে দেখা যায় তার অমায়িকতা ও বিনয়ের দৃষ্টান্ত। এটা প্রত্যেক জ্ঞান অন্বেষীর জন্যে কর্তব্য যে, জ্ঞান অন্বেষণের জন্যে বিনয়ী হতে হবে। অমায়িক হতে হবে। অতি আবেগ কিংবা ঔদ্ধত্য অন্তরে লালন করে জ্ঞান অন্বেষণ কখনো সফল হয়না।

বিশপের অসততা ও সালমান রাযি.'র সিদ্ধান্ত

সালমান রাযি. কিছুদিন যেতেই বিশপের অসততা দেখতে পেলেন। তার মন ভেঙ্গে গেল। হতাশ হয়ে পড়লেন। কিন্তু তিনি কি সেই ধর্মের দীক্ষা ছেড়ে দিয়েছিলেন? সত্যের সন্ধানে যাত্রা থামিয়ে দিয়েছিলেন? বলেছিলেন কি? 'আরে এদের আলেমরাই তো ঠিক নাই! ধর্ম কি ঠিক থাকবে!' এই চিন্তা করে তিনি আবার তার দেশে ফিরে যাননি; বরং তিনি এগিয়ে গেছেন নতুন কোন শিক্ষকের খোঁজে, যিনি তাকে সঠিকভাবে শিক্ষা দেবেন। অনেকেই আছেন, যারা কতিপয় মুসলিমের অসৎ আচরণ দেখে ইসলামকে ঘৃণা করতে শেখেন। তাদের জন্য সালমান রাযি.'র এই বিচক্ষণ সিদ্ধান্ত একটি প্রাণবন্ত শিক্ষণীয় উদাহরণ।

ধৈর্যশীলতা

সালমান রাযি. একের পর এক উস্তাদের কাছে ছুটে গেছেন সত্যের দেখা পাওয়ার জন্যে। একজন মারা গেছেন তো তিনি নতুন উদ্যমে পরবর্তী উস্তাদের উদ্দেশ্যে বেরিয়ে পড়েছেন। এতে সত্যকে খুঁজে নিতে তার অপরিসীম ধৈর্য আমাদের ধৈর্যশীলতার শিক্ষা দেয়। অনেকেই সত্য দ্বীনের ব্যাপারে দুই চার লাইন পড়েই মনে করেন হয়ে গেছে। আর দরকার নাই। আমি অনেক জেনেছি। অথচ তারা কতই না বিভ্রান্তিতে আছে!

লজ্জাকে প্রশ্রয় না দেয়া

সালমান আল ফারসি রাযি. যখন দাস হিসেবে বিক্রি হয়ে যান, তখন তিনি অপমানিত হলেও তা প্রকাশ না করে এগিয়ে গেছেন সামনে। এমনকি মদীনায় যখন তাকে নিয়ে যাওয়া হয়, তখন এই ভেবে তিনি উৎফুল্ল ছিলেন যে, এই তো সেই শহর যেখানে আল্লাহর রাসূল সা. আসবেন। সেই ক্ষণের জন্যে তিনি দিন গুনছিলেন আর দাসত্ব করছিলেন এক ইহুদীর। শুধু তাই না। যখন প্রথম রা রাসূলুল্লাহ সা. এর মদীনা আসার খবর শুনতে পেলেন, তিনি গাছ থেকে নেমে দৌঁড়ে খবর প্রদানকারীর কাছে যান। যার ফলে তাকে মনিবের চড় খেতে হয়। এত অপমান সহ্য করেছেন শুধু সত্যানুসন্ধানের জন্য।

পূর্বে প্রেরিত কিতাবের তথ্য যাচাই

সালমান রাযি. তাঁর উস্তাদের কাছ থেকে ইঞ্জিল ও তাওরাতে রাসূল সা. ব্যাপারে যা যা বলা ছিল তা বাস্তবতার সাথে মিলিয়ে দেখলেন। এবং হুবহু মিল পেয়ে তাঁর নবুয়াতের ব্যাপারে নিশ্চিত হলেন। সালমান রাযি. এর এই নীতি অনুসরণ না করার ফলে বর্তমানে বেশ কিছু ধর্ম বিকৃত হয়ে গেছে। যদিও তাদের আলেমরা ঠিকই রাসূল সা. এর ব্যাপারে তাদের কিতাবে উল্লিখিত ভবিষ্যদ্বাণীর ব্যাপারে অবগত; কিন্তু বাস্তবতার সাথে মিলিয়ে দেখতে তারা একেবারেই রাজি নন। ফলে তারা অভিশপ্ত জাতিতে পরিণত হয়েছে।

সত্যানুসন্ধানে একাগ্রতা

সালমান আল ফারসি রাযি. চাইলে অল্প পরিশ্রমেই তার যাত্রা শেষ করে দিতে পারতেন। কিন্তু তিনি সত্যের একেবারে নিকটে না পৌঁছে যাত্রা বিরতি করতে রাজি ছিলেন না। আবু হুরাইরার রাযি. এর সেই হাদীসেই তা ফুটে উঠেছে, যেখানে রাসূল সা. বলেছিলেন-

'তার নামে শপথ যার হাতে আমার প্রাণ! 'ঈমান' যদি আস সুরাইয়া (সপ্ত তারকারাজি) এর কাছেও থাকতো, তাহলে এদের (সালমান আল ফারসি রাযি. এর) মত মানুষগুলো ঠিকই তা খুঁজে নিত।'

এর মাধ্যমে স্পষ্ট বোঝা যায় সত্যের সন্ধান পেতে কতটা ইখলাস প্রয়োজন, কতটা একাগ্রতা প্রয়োজন। সত্য যেখানেই থাকুক, আমি তার সন্ধান নিয়ে ছাড়বই- এই মানসিকতার দীক্ষা আমরা পাই সালমান আল ফারসির রাযি. জীবন থেকে।

আল্লাহ আমাদের সবাইকে সালমান আল ফারসির রাযি. জীবনের এই দুঃসাহসিক ও বিস্ময় জাগানিয়া সত্যের পথে যাত্রার গল্প থেকে সঠিক শিক্ষা লাভ করার তাওফীক দান করুন।

কুড়ান মতি

আমার জীবন, অনুভব,
অনুভূতি জুড়ে রয়েছে জিহাদ,
পবিত্র জিহাদ।

ইমাম আবদুল্লাহ আযযাম

ইমাম আহমদ ইবনে হাম্বল (রহঃ)

-মাওলানা আসেম উমর

''তোমাদের প্রতিজ্ঞা থেকে আমরা পাই হিম্মত''

ইমাম আহমদ বিন হাম্বল রহ. ১৬৪ হিজরী মোতাবেক ৭৮০ খ্রিষ্টাব্দে বাগদাদে জন্মগ্রহণ করেন। জন্মের আগেই তাঁর পিতার ইন্তেকাল হয়। যার ফলে তাঁর আম্মা সর্বাত্মক সাহসিকতা এবং হিম্মতের সাথে তাঁকে লালন-পালন করেন। শিশুকালেই তিনি কুরআন হিফজ করেন। তিনি দীনি ইলমের মধ্যে হাদীসের প্রতি বিশেষ দৃষ্টি দেন। আল্লাহ তাআলা তাঁকে অসাধারণ স্মৃতিশক্তি দিয়েছিলেন। তাঁর দশ লক্ষ হাদীস মুখস্ত ছিলো। ফেকাহ শাস্ত্রে আল্লাহ তাআলা তাঁকে এতো মর্যাদা দিয়েছেন যে, আজ পর্যন্ত ইসলামী বিশ্বে তাঁর ফেকাহ বিদ্যমান। হাদীস শাস্ত্রে তাঁর 'মুসনাদে আহমদ' অসাধারণ সৃষ্টিকর্ম।

ইমাম শাফেয়ী রহ. (১৫০-২০৪ হিজরী/৭৬৭-৮২০ ঈসায়ী) বলেন, আমি এমন অবস্থায় বাগদাদ ছেড়েছি, যখন সেখানে আহমদ বিন হাম্বলের চেয়ে বড় কোনো মুত্তাকীও ছিল না, কোনো ফকীহও ছিল না।

মসনদে হাদীসে বসলে হাদীসের তালেবানরা পতঙ্গের ন্যায় তাঁর চারপাশে জমা হতো। তাঁর একেকটি দরসে পাঁচ হাজার করে শ্রোতা থাকতো। আত্মসম্মানবোধে তাঁর উপমা তিনি নিজেই। তিনি কখনো তৎকালীন শাসকগোষ্ঠীর কোনো হাদিয়া গ্রহণ করেননি। তাঁর নম্রতা এবং ভদ্রতা এতো বেশি ছিলো যে, ইয়াহইয়া বিন মুঈন (১৫৮-২৩৩ হিজরী/ ৭৭৫-৮৪৮ ঈসায়ী) এর মতো ইমাম সাক্ষী দেন, আমি আহমদ বিন হাম্বলের মতো লোক দেখিনি। আমি তাঁর সাথে ৫০ বছর ছিলাম। তিনি কখনো আমাদের সামনে নিজের যোগ্যতা এবং সৌন্দর্য নিয়ে গর্ব করেননি।

ইমাম আহমদ বিন হাম্বল রহ. এবং খলকে কুরআনের ফেতনা

খলিফা মামুনুর রশীদ (১৯৮-২১৮ হিজরী/৮১৩-৮৩৩ ঈসায়ী) ইউনানী দর্শন এবং যুক্তি দ্বারা প্রভাবিত ছিলো। তার শাসনামলে মুতাযেলা ফেরকা খুব শক্তিশালী হয়। তাদেরকে সে সময়ের আলোকিত বুদ্ধিজীবি মনে করা হতো। তারা প্রত্যেক বিষয়কে আকল দ্বারা পরখ করায় অভ্যস্ত ছিলো। (মনে রাখা উচিত, বর্তমানের মডার্ন ইসলামের ঝাণ্ডাবাহী মুবাল্লিগগণ, নামিদামি বিশ্ববিদ্যালয়ের প্রফেসরগণ এ যুগের মুতাযেলা। তারা প্রতিষ্ঠিত দীনকে আকল দ্বারা পরখ করার পর মেনে নেন। যদি কোনো হাদীস অথবা কোনো হুকুম তাদের ক্ষুদ্র আকলে বুঝে না আসে, তাহলে তা প্রত্যাখ্যান করেন।)

মুতাযেলারা নতুন নতুন ইখতেলাফের মাধ্যমে উম্মতে মুসলিমার ঐক্যকে টুকরো টুকরো করেছে। ইসলামের দুশমন শক্তিগুলো সাধারণ বিষয়কে জনসাধারণের সামনে এমনভাবে উপস্থাপন করে, যেন এটাই ইসলামের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। তারা ইলমী এবং দর্শনশাস্ত্রের আলোচ্যবিষয়কে কুফর ও ঈমানের বিষয়বস্তুতে রূপান্তরিত করে। আল্লাহ তাআলার স্বত্তা এবং গুণাবলির ব্যাপারে মানুষের অন্তরে এমন এমন প্রশ্ন সৃষ্টি করে যে, সাধারণ মানুষ পেরেশান হয়ে যায়। এমনিভাবে তারা একটা বিষয় উপস্থাপন করে- 'কুরআন মাকলুক, নাকি মাখনুক নয়?' মুতাযেলারা কুরআন মাখলুক হওয়ার কথা বলে। তৎকালীন হুকুমত তাদের পৃষ্ঠপোষক ছিলো। আর তাদের মোকাবিলায় ছিলেন মুহাদ্দিসীন ও ফুকাহায়ে কেরামের বিশাল দল। যারা ছিলেন আহলে সুন্নাত ওয়াল জামাতের ধারক বাহক। আহলে সুন্নাত 'কুরআন' মাখলুক না হওয়ার পক্ষে অর্থাৎ আল্লাহর কালাম হওয়ার পক্ষে ছিলেন। চক্রান্তের বিষয়বস্তুর মূল উদ্দেশ্য ছিলো- মুসলমানদের অন্তর থেকে কুরআনের বড়ত্ব, গুরুত্ব এবং মর্যাদা বের করে দেয়া। যাতে উম্মত হেদায়াতের মূল ঝর্ণা থেকেই দূরে ছিটকে পড়ে। ইমাম আহমদ বিন হাম্বল রহ. এর দূরদৃষ্টি এই ফেতনার দূরাগত প্রভাব দেখছিলো। সুতরাং হককে হক এবং বাতিলকে বাতিল প্রমাণ করার জন্য সাহাবায়ে কেরামের পদাঙ্ক অনুসরণ করে ইমাম সাহেব রহ. সবকিছু কুরবানী করার সিদ্ধান্ত নিয়ে ফেলেন।

খলীফা মামুন 'খলকে কুরআনে'র মাসআলাকে খুবই গুরুত্ব দেয়। ২১৮ হিজরীতে বাগদাদের গভর্ণর ইসহাক বিন ইবরাহিমের নামে বিস্তারিত এক ফারমান পাঠায়। যাতে মুহাদ্দিসীনে কেরামের কঠোর সমালোচনা এবং তুচ্ছ তাচ্ছিল্য করা হয়। তাঁদেরকে 'খলকে কুরআনে'র আকিদায় ইখতেলাফ করার কারণে- তাওহীদে ত্রুটি, সাক্ষী গ্রহণযোগ্য নয়, ফাসাদপ্রিয় ইত্যাদি আখ্যায় আখ্যায়িত করা হয়। (বর্তমানেও মুতাযেলা নামক বাতিলদের সামনে মাথা না নোয়ানো ব্যক্তিদেরকে ফেতনাবাজ, সন্ত্রাসী বলা হয়।) হাকিমকে হুকুম করা হলো, যেসব লোক এই মাসআলার পক্ষে না আসবে, তাদেরকে তাদের পদ থেকে বরখাস্ত করে দাও। তারপর মামুন আরো কঠোরতা করলো। সরকারী কর্মকর্তা এবং আলেমগণের জন্যও এই ব্যাপারে মুতাযেলাদের রক্ষণাবেক্ষণ করা বাধ্যতামূলক করে দিলো। ইসহাক বড় বড় আলেমদের একত্রিত করলো এবং তাদের সাথে এ মাসআলার ব্যাপারে আলাচনা করলো। তারপর এই আলাচনা লিখে মামুনের নিকট পাঠিয়ে দিল। মামুন সবকিছু পড়ে খুবই রাগান্বিত হলো এবং সেসব আলেমগণের মধ্যে বাশার বিন ওয়ালিত ও ইবরাহিম বিন মাহদীকে হত্যার নির্দেশ দিল। আর বাকিদের

ব্যাপারে লিখলো, যারা নিজের রায় থেকে ফিরে না আসবে তাঁদেরকে পায়ের উপর ঝুলিয়ে তার নিকট পাঠিয়ে দেয়ার জন্য। বাকি আলেমগণের মোট সংখ্যা ছিলো ত্রিশ; কিন্তু তাঁদের মধ্যে কেবল চারজন নিজের রায়ের উপর স্থির থাকেন তাঁরা হলেন, ইমাম আহমদ বিন হাম্বল রহ., সাজ্জাদাহ, কওয়ারিরী এবং মুহাম্মাদ বিন নুহ রহ.। তাঁদের মধ্যেও সাজ্জাদাহ দ্বিতীয় দিন এবং কওয়ারিরী তৃতীয় দিন নিজের অবস্থান থেকে সরে আসেন।

ইমাম সাহেব এবং মুহাম্মাদ বিন নুহ রহ. শেষ পর্যন্ত নিজের অবস্থান ধরে রাখেন। সুতরাং ইমাম সাহেব রহ. এবং মুহাম্মাদ রহ. কে হাতকড়া এবং বেড়ি লাগিয়ে মামুনের নিকট তরসুসে (বর্তমান তুরস্কের একটি শহর) পাঠিয়ে দেয়া হয়। সম্ভবত হাতকড়া এবং বেড়ি এমন বরকতময় হাত-পায়ে চুমো দেয়ার জন্যই বানানো হয়েছিলো। ইমাম সাহেব রহ. এর সহযাত্রী এবং সহমর্মী অন্যান্য স্থানের উলামায়ে কেরামও ছিলেন। এসব উলামায়ে কেরাম রাস্তায় থাকাবস্থায়ই মামুনের মৃত্যুর খবর আসে। সুতরাং সকল উলামায়ে কেরামকে বাগদাদের গভর্ণরের নিকট বাগদাদ পাঠিয়ে দেয়া হয়। পথেই মুহাম্মাদ বিন নুহ রহ. এর ইন্তেকাল হয়ে যায়।

মামুনের পর মুতাসিম খলিফা হয়। মামুন তার স্থলাভিষিক্তকে খলকে কুরআনের মাসআলার ব্যাপারে কঠোরভাবে অসীয়ত করেছিলো– যেনো সে এই শিক্ষার উপর আমল করে। সুতরাং মুতাসিমের সামনে ইমাম আহমদ বিন হাম্বল রহ. কে মুনাযারা (তর্কযুদ্ধ) করার জন্য আনা হলো। ইমাম সাহেব রহ.কে যখন মুনাযারার জন্য আনা হয়, তখন তাঁর পায়ে চারটি বেড়ি লাগানো ছিলো। তিন দিন পর্যন্ত মুনাযারা হয়। কিন্তু ইমাম সাহেব রহ. আপন বিশ্বাস থেকে বিচ্যুত হননি। বাগদাদের হাকিম ধমক দিলো, যদি তুমি কথা না মানো তাহলে কঠিন শাস্তি দেয়া হবে। এমন জায়গায় ফেলে দেয়া হবে যেখানে কখনো সূর্যের আলা পৌঁছে না।

আখেরাতের সওদায় যাঁদের অন্তর ভরপুর, যাঁদের সিনা নবুওয়াতের নূরে আলোকিত, তাঁদের জন্য দুনিয়া কেড়ে নেয়ার ধমকি অথবা আলো থেকে বঞ্চিত করার হুমকি কোনো অর্থ বহন করে না। সুতরাং তিনি কোনো ধমকে প্রভাবিত হলেন না। ভরা মজলিসে সরকারী উলামা–মাশায়েখের সাথে মুনাযারা করতে থাকেন। তাঁর একটাই জবাব ছিলো, তোমরা যা বলছো তার পক্ষে কুরআন হাদীসের কোনো প্রমাণ নিয়ে আস, আমি তা মেনে নেবো। তাঁর সাহসিকতা এবং নির্ভিকতা খলিফা মুতাসিমকে প্রভাবিত করলো। যার ফলে সে ইমাম সাহেব রহ. এর উপর নরম হতে লাগলো। সে ইমাম সাহেব রহ.কে বলল, যদি আপনি আমার অগ্রজের হাতে না লাগতেন, তাহলে কখনো আমি আপনাকে স্পর্শ করতাম না। কিন্তু দরবারী উলামা–মাশায়েখ তাকে উত্তেজিত করতে থাকে। মানুষ বলবে, মুতাসিম তার ভাই মামুনের বিশ্বাস থেকে সরে গেছে।

সরকারী উলামা–মাশায়েখদেরও সীমাবদ্ধতা ছিলো। এই মাসআলার ব্যাপারে সরকারী পৃষ্ঠপোষকতা থেকে যে পুঁজি ভাগে আসতো, তা–ই ছিলো তাদের পেটের ইন্ধন। কুরআন–সুন্নাহ নিয়ে তাদের কী গরজ পড়েছে? তাদের উদ্দেশ্য একটাই, খায়েশ পূর্ণ করা, দুনিয়ার স্বাদ উপভোগ করা, রাষ্ট্রীয় পদের ফায়দা লোটা এবং সরকারী দরবার থেকে পাওয়া টাকাকড়ি দিয়ে ঘরের সিন্দুক পূর্ণ করা। এ ব্যাপারে তাদের কোনো মাথাব্যথা ছিলো না যে, ইতিহাস তাদের ব্যাপারে কী বলবে, আগামী প্রজন্ম তাদেরকে কিভাবে স্মরণ করবে, আখেরাতে মুহাম্মাদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সামনে তারা কোন অবস্থায় দাঁড়াবে– আকায়ে মাদানী সাল্লাল্লাহু আলাাইহি ওয়াসাল্লামের বন্ধুদের সাথে নাকি দুশমনদের সাথে?

তারপর তৃতীয় দিন মুতাসিম ইমাম রহ.কে বললো, আল্লাহ তোমার উপর রহম করুন, তুমি আমার কথা মেনে নাও, আমি তোমাকে মুক্ত করে দেবো। তিনি জবাব দিলেন, কুরআন ও হাদীস থেকে কোনো প্রমাণ নিয়ে আসো।

ইমাম আহমদ বিন হাম্বলের হাত কেটে ফেল

মুতাসিম খুব রাগান্বিত হলো। জল্লাদকে হুকুম দিলো, তাঁর হাত কেটে দাও। জল্লাদ তাকে চাবুকের দুই ঘা বসিয়ে দিল। তারপর অন্য জল্লাদ নিয়ে আসা হলো। এভাবে প্রত্যেক জল্লাদ পূর্ণ শক্তিতে দুই ঘা করে মেরে পিছনে হটে গেলো। উনিশ চাবুক মারার পর মুতাসিম পুনরায় ইমাম সাহেবের সামনে এসে বললো, কেনো নিজের প্রাণের মায়া করছো না? আল্লাহর কসম! তোমার জন্য আমার মন কাঁদে।

যে আল্লাহকে রব হিসেবে মেনে নেয় এর উপর অবিচল থাকে, এমন আত্মবিশ্বাসীদের জন্য আসমান থেকে রহমতের ফেরেশতা নেমে আসে। যাঁরা তাদের অন্তরকে প্রশান্তি দিতে থাকেন এবং হকের উপর প্রতিষ্ঠিত রাখেন। আজও আল্লাহ তাআলার এই সুন্নত প্রতিষ্ঠিত আছে। আজও দুনিয়া জুড়ে কারাগারগুলো এমনিভাবে সেসব আল্লাহ ওয়ালাদের দিয়ে ভরে আছে, যারা বাতিলের সামনে মাথা নোয়াতে অস্বীকার করেছে। যদি জুলুমের সামনে কেউ না দাঁড়াতো, তাহলে প্রত্যেক জালেম বিজয়ী হতো। প্রত্যেক অত্যাচারী কামিয়াব এবং সফল হয়ে যেতো। আর দুর্বল হৃদয়ের মানুষরা ছন্নছাড়া হয়ে যেতো এবং নিজেদের বিশ্বাস, দৃষ্টিভঙ্গি এবং সুনির্দিষ্ট আশা ছেড়ে অত্যাচারী আর জালেমের দীন গ্রহণ করতো।

চাবুকের উনিশ ঘা খাওয়ার পরও ইমাম সাহেব রহ. এর আত্মবিশ্বাস এবং প্রতিজ্ঞায় সামান্যতমও ফাঁটল ধরেনি। তিনি সেই জবাবই দিলেন, যা প্রথমে দিয়েছিলেন। মুতাসিম পুনরায় চাবুক মারার হুকুম দিলো। তারপর তিনি জ্ঞান হারিয়ে ফেলেন।

সেই চাবুকের ব্যাপারে কথিত আছে, তা এমন চাবুক ছিলো, যদি তার একটি ঘাও কোনো হাতিকে মারা হতো, তাহলে হাতি চিৎকার করে পালিয়ে যেতো। ইমাম সাহেব রহ. রোযা ছিলেন। কেউ বলল, আপনার জান বাঁচানোর জন্য এই আকিদা মেনে নেয়ার সুযোগ আছে; কিন্তু তিনি তার প্রতি কোনো ভ্রুক্ষেপই করলেন না। লোকেরা তাঁকে বুঝাতে চাইলেন এবং জান বাঁচানোর হাদীস শুনালেন। তিনি জবাব দিলেন, তাহলে খাব্বাব রা. এর হাদীসের জবাব কী? যাতে

বলা হয়েছে- প্রথমে কিছু লোক এমন ছিলো, যাদের মাথার উপর করাত চালিয়ে দেয়া হতো, তারপরও তাঁরা নিজের দীন থেকে সরে আসতো না। একবার কোন একজন তাঁকে জিজ্ঞেসা করলো, আপনি এসব করছেন আপনার ভয় হয় না? এর জবাবে তিনি বলেন, ভয়তো সে পাবে যার অন্তরে ব্যাধি রয়েছে। ইমাম সাহেব রহ.কে দু'বছর চার মাস কারাগারে রাখা হয়। এসময়ে ৩৩/৩৪ বার চাবুক মারা হয়। আল্লামা সায়্যিদ আবুল হাসান আলী নদবী রহ. 'তারিখে দাওয়াত ওয়া আযীমত' গ্রন্থে লেখেন, ইমাম আহমদ রহ. এর উপমাহীন দৃঢ়পদ এবং অটলতার দরুন এই ফেতনা চিরদিনের জন্য খতম হয়ে যায়। ফলে মুসলমানরা এক ভংকর দীনি ফেৎনা থেকে নিরাপদ হয়ে যায়। যারা দীনের সেই ক্রান্তিকালে তৎকালীন হুকুমতের সঙ্গ দিয়েছে, সময়ের সাথে পরিবর্তন হয়েছে এবং মাসলাহাতের দোহাই দিয়ে কাজ করেছে, তারা অখ্যাত হয়ে গেছে তাদের দীনি এবং ইলমী গ্রহণযোগ্যতা হারিয়ে গেছে। পক্ষান্তরে ইমাম আহমদ রহ. এর শাণ বহুগুণ বৃদ্ধি পেয়েছে, তাঁর মহব্বত আহলে সুন্নাত ওয়াল জামায়াত এবং সহীহ আকিদাসম্পন্ন মুসলমানদের পরিচয় হয়ে আছে। তাই তাঁর সমকালীন ব্যক্তিত্ব কুতাইব বলেন, যখন তোমরা কাউকে দেখবে আহমদ বিন হাম্বলের সাথে তার মহব্বত আছে, তাহলে বুঝে নিবে সে সুন্নাতের অনুসারী। অপর একজন আলেম আহমদ বিন ইবরাহিম দাওরাকী রহ. বলেন, যাকে তোমরা আহমদ বিন হাম্বলের সমালোচনা করতে শুনবে, তার ইসলামকে তোমরা সন্দেহের চোখে দেখবে। [তারিখে দাওয়াত ওয়া আযীমাত ১:১০০]

ইমাম সাহেব ৭৭ বছর বয়সে ১২ রবিউল আওয়াল জুমার দিন ২৪১ হিজরী/৮৫৫ ঈসায়ীতে মাবুদে হাকীকির সাথে মিলিত হন। ইন্তেকালের সংবাদ শুনতেই গোটা শহর ছুটে আসে। তার জানাযার মতো এতো ভিড় ইতোপূর্বে অন্য কারো জানাযায় দেখা যায়নি। জানাযায় অংশগ্রহণকারীদের সংখ্যার ব্যাপারে বলা হয়, ৮লক্ষ পুরুষ এবং ৬০ হাজার নারী উপস্থিত ছিলো। অবিচলতার এই ইতিহাস ওই সওদাগর কখনোই বুঝতে পারবে না, যার শিরায় শিরায় মাসলাহাত প্রবাহিত হয়। যে দীনের প্রত্যেকটা বিষয়কে দুনিয়াবী লাভ-ক্ষতির মাপকাঠিতে পরখ করার পর তা হক-বাতিল হওয়ার ফায়সালা করে। তাদের দৃষ্টিতে এসব অবিচলতাকে জযবার অতিরঞ্জন, প্রাবল্য এবং হেকমত ও মাসলাহাত পরিপন্থী-ই মনে হবে।

অতীত আমাদের আয়না

খলকে কুরআনের ফেতনার ব্যাপারে হুকুমতের সঙ্গ দানকারীদের সরকার- বাহবা দিবে, তাদের জ্ঞান-গরিমা, মধ্যমপন্থা এবং উদার মন মানসিকতার জয়ধ্বনি দেয়া হবে। শাহী দরবার থেকে তাদের ব্যাপারে দেশপ্রেমিক, দেশ ও জাতির দরদী, শান্তিবাদী এবং কল্যাণকামী হওয়ার খেতাব দেয়া হবে। কিন্তু এসব খেতাব এবং সম্মান পৃথিবীর ইতিহাসে সংরক্ষিত আছে? আল্লাহ মালুম, তৎকালীন হুকুমতের পৃষ্ঠপোষকতা সত্ত্বেও উম্মতে মুহাম্মদিয়া- সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এসব সরকারী উলামাদের কিভাবে স্মরণ রেখেছে? হুকুমতের পক্ষ থেকে সম্মান দেয়ার পরও মুসলমানগণ তাদেরকে কী মর্যাদা দিয়েছে? তাদের নাম জানে এমন কতজন আছে বর্তমানে? অথবা তাদের মোকাবিলায় ইমাম আহমদ বিন হাম্বল রহ. কে তৎকালীন হুকুমত ফেতনাবাজ, ফসাদপ্রিয় ইত্যাদি নাম দিয়েছিলো। আল্লাহ তাআলা তাকে কেমন ইজ্জত দিয়েছেন? তার জন্য রহমতের দোয়া করে। এটাই ইতিহাসের সবক। কিন্তু ইতিহাস থেকে উপদেশ গ্রহণকারী খুব কমই থাকে। অতীতের ইতিহাসকে অতীতের মতই মস্তিস্ক থেকে অতীত হয়ে যায়। এ কথা চিন্তা করে না যে, বর্তমানেও তেমন ইতিহাস লেখা হচ্ছে। যার ফলে মানুষ তার যুগে ঘটমান ঘটনাপ্রবাহ সেই দৃষ্টিতে দেখে না, যে দৃষ্টিতে ইতিহাসকে দেখে থাকে। বর্তমানের ঘটনাগুলোকে খুবই সীমাবদ্ধ দৃষ্টিতে দেখে। কেউ কোনো দলের গণ্ডিতে, কেউ মাযহাবের গণ্ডিতে, কেউ দেশের গণ্ডিতে বন্দী হয়ে এগুলো দেখে। এমনিভাবে নিজের যুগের রাষ্ট্রের বক্তব্য অনুযায়ী যাদের বিরোধিতা করছে, তাদেরকেও রাষ্ট্রের দৃষ্টিতে দেখার চেষ্টা করে। তারা এ কথা ভুলে যায়, আহমাদ বিন হাম্বল রহ. এর বিরোধীরাও তাকে রাষ্ট্রের বিদ্রোহী, আমীরুল মুমিনীনের অবাধ্য, উম্মতের মধ্যে ফাঁটল সৃষ্টিকারী, হেকমত এবং মাসলাহাত পরিপন্থী হিসেবে দেখেছিলো।

প্রত্যেক যুগের হক্ব-বাতিলের মৌলিক রূপ এক রকমই হয়ে থাকে। প্রতিপক্ষ এবং অস্ত্র ভিন্ন হতে পারে। তাদের মোকাবিলাকারী এবং তাদের যুদ্ধক্ষেত্র ভিন্ন ভিন্ন হতে পারে তবে মূল ভিত্তি একই হয়। কিন্তু মানুষ বর্তমানকে ভুলে যায়। আল্লাহর অগণিত রহমত বর্ষিত হোক ইমাম আহমদ বিন হাম্বল রহ. এর উপর। তার পদাঙ্ক অনুসরণকারীদের উপর, যারা তারই মত কন্টাকাকীর্ণ পথ মাড়িয়ে মনযিলের দিকে এগিয়ে যাচ্ছে। যতদিন পর্যন্ত বিশ্ব চরাচরে হক-বাতিলের লড়াই অব্যাহত থাকবে, ততদিন এই ইতিহাসের পুনরাবৃত্তি ঘটতেই থাকবে। বাতিল যেই আকৃতি নিয়েই আসুক না কেনো, হকের পক্ষ থেকে কোনো আবু হানিফ রহ. অথবা কোনো ইমাম আহমাদ বিন হাম্বল রহ. অবশ্যই দাঁড়িয়ে যাবে।

পাকিস্তানের ফেরাউন- পারভেজ মোশাররফ প্রত্যেক ভ্রষ্টতার পৃষ্ঠপোষাক। এটা কিভাবে হতে পারে যে, বাতিল প্রকাশ্যে ভ্রষ্টতা ছড়াবে অথচ হকের সারি থেকে কেউ তার মোকাবিলায় দাঁড়াবে না? যদি এমনটি-ই হতো তাহলে হক বাতিলের লড়াইয়ের ইতিহাস অপূর্ণ থেকে যেতো। সুতরাং আল্লাহ তাআলা সেই ইতিহাসকে পূর্ণ করার জন্য পারভেজ মোশাররফের মোকাবিলায় হকের ইমাম, শহীদ মাতা-পিতার গাজি ছেলে, গাজি আব্দুর রশীদ শহীদ রহ. কে পাঠিয়েছেন। যাতে আহলে হক্বকে কেউ অপবাদ দিতে না পারে যে, হে অতীত ইতিহাস নিয়ে গর্বকারী! তোমাদের কী অবস্থা?

গাজি আব্দুর রশীদ রহ. নিজেকে এবং জামিয়া হাফসার ছাত্রীদের কুরবানী দিয়ে বস্তুত বর্তমানের ইতিহাসকে কলঙ্কের হাত থেকে বাঁচিয়েছেন। হে আল্লাহ! অসংখ্য অগণিত রহমত বর্ষণ কর গাজি শহীদ রহ. এর উপর এবং সেসব আত্মমর্যাদাবান ছাত্রীদের উপর, যারা পুরুষদের পক্ষ থেকে কুরবানী দিয়ে দীনি মর্যাদার মান বাঁচিয়েছে।

মোল্লা মুহাম্মদ ওমরের মোটরসাইকেল

১৯৯৪ সালের গ্রীষ্মকাল। মধ্য এশিয়ার একটি দেশে দুজন আরোহী মোটর সাইকেলে করে ছুটে চলেছেন। বাহনটিতে দুজন আরোহী। কিছুদিন আগেই তারা কয়েকজন মিলে একটি আলোড়ন সৃষ্টিকারী ঘটনা ঘটিয়ে ফেলেছেন। একটি অন্যায়ের প্রতিবাদ, একটি সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ। তিনি কাজটি করার জন্য যাদের সহায়তা পেয়েছিলেন তারা সবাই মাদ্রাসার ছাত্র। সুশীল সমাজের বিশিষ্টজনদের কর্মব্যস্ততা এতই বেশি যে তাদের ফুরসত নেই মানুষের বিপদাপদে এগিয়ে যাবার। আরো কিছু লোক এগিয়ে এসেছিলেন সেই মোটর সাইকেল আরোহীদের আহবানে সাড়া দিয়ে। তাদের কেউ স্থানীয় ব্যবসায়ী কিংবা স্বচ্ছল কৃষক। তাদের ছোট্ট দলটি গঠিত হয়েছিল মাদ্রাসার শরীয়াহ বিভাগে অধ্যয়নরত ছাত্র, মৌলভীদের নিয়ে। গ্রামের লোকদের জন্য সময়টি ছিল উৎসবের। বিয়ের অনুষ্ঠান, বরযাত্রী চলছে দলবেঁধে; কিন্তু যুদ্ধবিধ্বস্ত দেশটির হাইওয়েতে কোন নিরাপত্তা নেই, ডাকাত আর চোরের দলের উৎপাত এতটাই বেড়ে গিয়েছে যে, রাস্তার পাশে মরা লাশ পড়ে থাকলেও তা লোকজনের কাছে একটি স্বাভাবিক ঘটনা। এতটাই স্বাভাবিক যে, কেউ গাড়ি থামিয়ে লাশটিকে কবর দেয়া দূরে থাক, পথচারীরা পর্যন্ত দুবার ফিরে তাকানোর প্রয়োজন বোধ করে না। এহেন পরিস্থিতিতে, যে বিপদের আশংকা ছিল, ঘটলো তা-ই। বরযাত্রীদের দল হাইওয়ে ডাকাতদলের খপ্পরে পড়ল। হতাহতের ঘটনা ঘটল। মহিলাদের উঠিয়ে নেয়া হল অপহরণ আর ধর্ষণের জন্য।

স্থানীয় পুলিশ-প্রশাসনের গণ্ডারের চামড়ায় সাধারণত ময়না তদন্তের আগে অনুভূতি হয় না। মাদ্রাসার একজন মোল্লা এই ঘটনায় ব্যাপকভাবে আক্রান্ত হলেন। তিনি বের হলেন 'আমর বিল মা'রুফ ওয়ান নাহি আনিল মুনকার' এর ডাকে, সাথে ছিল মাদ্রাসার ছাত্ররা, যাদের বলা হয় তালেব। তালেবের বহুবচন 'তালেবান' মানে অনেকগুলো ছাত্র। কিছু মহিলাদের উদ্ধার করা সম্ভব হলো, আবার অনেকে ইতোমধ্যে নির্যাতনের শিকার হয়ে মৃত্যুবরণ করেছেন। গ্রামের লোকজনের আবেদনে যে প্রশাসন নির্বিকার ছিল সেই প্রশাসনকে বসিয়ে রাখার কোন মানে হয় না। কাবুলের শাসক রব্বানীর অনুগত গভর্ণর ও তার প্রশাসনকে কান্দাহার প্রদেশের গ্রামের লোকেরা বের করে দিল। শ্রদ্ধা আর ভালোবাসার সাথে তারা স্বেচ্ছায় তাদের দেখভাল করার দায়িত্ব তুলে দিল যে লোকটির হাতে তাঁর নাম মোল্লা মুহাম্মদ ওমর মুজাহিদ। যিনি সবার আগে এগিয়ে গিয়েছিলেন চোর আর ডাকাতদলের হাত থেকে মুসলিম নারীদের ইজ্জত রক্ষা করার ডাকে সাড়া দিয়ে। কিন্তু স্রোতের বিরুদ্ধে দাঁড়িয়ে, একা এভাবে এগিয়ে যাবার শক্তি তিনি কোথায় পেলেন? কিভাবে তিনি বাকি লোকদেরকেও সাহসী অগ্রযাত্রার সাথী করে নিলেন? আসুন শুনি তাঁর নিজের জবানীতে, 'তখন আমি মাদ্রাসায় পড়ালেখা করি, মাদ্রাসাটি ছিল 'সানজ সার' শহরে, কান্দাহারে। আমার সাথে আরও প্রায় ২০ জনের মত সহপাঠী ছিল। এরপর দেশে বিপর্যয় ছড়িয়ে পড়ল, খুন, হত্যা, লুটতরাজ, ডাকাতি এগুলো সহ্যের সীমা ছাড়িয়ে গেল, আর দেশের নিয়ন্ত্রণ ছিল দুর্নীতিবাজ, বাজে সমাজপতিদের হাতে। 'এই সমাজের অবস্থার উন্নতি ঘটবে, আবার সবকিছু স্বাভাবিক হয়ে আসবে' সবচেয়ে আশাবাদী লোকেরাও এমন আশা করা ছেড়ে দিয়েছিল। এমনকি আমি নিজেও তাদের মতই ভাবছিলাম। এরপর নিজেকেই বললাম, 'আল্লাহ তায়ালা কখনো কাউকেই তার শক্তি সামর্থের বাইরে কোনো কাজের দায়িত্ব চাপিয়ে দেন না' (সূরা বাকারাহ, আয়াত ২৮৬) এরপর আমাকে অনুপ্রাণিত করার জন্য এই আয়াতটিই যথেষ্ট ছিল, নইলে আমি হয়তো এই বিষয়গুলো ছেড়ে দিতাম। কারণ কোন কিছুই আমার সামর্থের মধ্যে ছিল না।

কিন্তু আমি আল্লাহর ওপর ভরসা করলাম, খাঁটি ভরসা। আর যে কেউ আল্লাহর ওপর এ পূর্ণ তাওয়াক্কুল করে, তার আশা কখনো হতাশায় পরিণত হয় না। মানুষ হয়তো ভাবতে পারে, কখন এই আন্দোলন শুরু হল? কারা এর পিছনে ছিল? অর্থায়ন কারা করল? পরিচালনা করল কারা? আর নিয়ন্ত্রণ করল কারা? আমি তাদের বলব, এই আন্দোলন তো শুরু হয়েছে সেদিন, যেদিন আমি আমার মাদ্রাসাতে টেবিলের ওপর বইটি ভাঁজ করে রেখে সাথে আরেকজন ভাইকে নিলাম, এরপর আমরা দুজনে মিলে পায়ে হেঁটে জানযাওয়াত এলাকার দিকে গেলাম। এরপর সেখান থেকে আমি একটি মোটরসাইকেল ভাড়া নিলাম। যে আমাকে ভাড়া দিয়েছিলেন তার নাম ছিল 'শুরুর'। এরপর আমরা তালুকান এলাকায় গেলাম। আর এভাবেই আমাদের আন্দোলন শুরু হল।

আপনাদের মনে যদি অন্যকোন চিন্তা উঁকি দিয়ে থাকে তাহলে সেগুলো ঝেড়ে ফেলুন! এরপর আমরা এক মাদ্রাসা থেকে আরেক মাদ্রাসার ছাত্রদের সাথে দেখা সাক্ষাত শুরু করলাম। ছাত্রদের যে সকল হালাকা (স্টাডি সার্কেল) ছিল সেগুলোতে যেতাম। একদিন সকাল বেলায় আমরা একটি 'স্টাডি সার্কেলে' যাওয়ার পর দেখলাম, সেখানে ১৪ জনের মতো ছাত্র অবস্থান করছে। এরপর আমি তাদেরকে একত্রিত করলাম আমার চারপাশে, আর বললাম, 'আল্লাহর দীন এখন মানুষের পায়ের নিচে, মানুষ প্রকাশ্যে বেহায়াপনা, অশ্লীলতা করছে, খারাপ কাজ করছে, আর অপরদিকে যারা দীন মেনে চলার চেষ্টা করছে তারা তাদের দীনকে গোপন করে আছে, আর অসৎ লোকেরা পুরো এলাকায় নিয়ন্ত্রণ স্থাপন করে আছে। তারা মানুষের সম্পদ চুরি করে, রাস্তায় তারা মানুষের ইজ্জত হানি করে, খুন করে। এমনকি যদি কারো মরা লাশ রাস্তার ওপর পড়েও থাকে, তাহলে

মানুষ নির্বিকার চিত্তে তার পাশ দিয়ে হেঁটে চলে যায়। গাড়ি চালিয়ে চলে যায় আর দেখে রাস্তার ওপর একটা মরা পড়ে আছে। কোন লোক যে এসে লাশটাকে তুলে নিয়ে গিয়ে দাফন করবে তাও খুঁজে পাওয়া যায় না।

আমি তাদেরকে আরও বললাম, 'এই রকম জরুরী অবস্থার মধ্যে শুধু পড়ালেখা নিয়ে ব্যস্ত থাকা সম্ভব না, চালিয়ে যাওয়াও সম্ভব না। আর এই সমস্যাগুলো স্লোগান দিয়ে সমাধান করা সম্ভব না, যার পিছনে কোন সমর্থন নেই। আমরা তালেবে ইলম এই দুর্নীতির বিরুদ্ধে ওঠে দাঁড়াতে চাই। যদি তোমরাও সত্যি সত্যি চাও আল্লাহর দীনের জন্য কাজ করতে, তাহলে আমাদের মাদরাসার আঙ্গিনা ছেড়ে বেরিয়ে আসতে হবে। এ ছাড়া আর কোন উপায় নেই।

আর আমি তোমাদেরকে খুলে বলছি, একটা মানুষও আমাদেরকে একটা পয়সা দিয়ে সাহায্য করার ওয়াদা করেনি। তাই তোমাদের এরকম মনে করার কোন কারণ নেই, আমরা আল্লাহর দীনের জন্য কাজ করব আর বিনিময়ে অন্য কেউ আমাদের খাবারের ব্যবস্থা করে দিবে, বরং মানুষের কাছ থেকেই অনুরোধ করে আমাদের নিজেদের খাদ্য ও সাহায্য চেয়ে নিতে হবে।'

আমি বলেছিলাম, 'এটা একদিনের কাজ নয়, এক সপ্তাহ, এক মাস কিংবা এক বছরের কাজও নয়, বরং এতে অনেক দীর্ঘ সময় লাগতে পারে। তোমরা কি সেটা করতে তৈরি আছ?'

'গ্রীষ্মের সেই দিনগুলো ছিল খুব গরমের। মনে হতো যেন কালো রঙয়ের কেটলীতে কেউ পানি গরম করছে আর আমি তাদেরকে এ বলে উৎসাহিত করতে লাগলাম যে, 'আজ এই রকম পরিস্থিতিতে তোমরা নিজ নিজ কেন্দ্রে বসে থাকতেই বেশি পছন্দ করছো! অথচ তারা সরাসরি আল্লাহর দীনের সাথে যুদ্ধ ঘোষণা করেছে। আর আমরা কিনা দাবী করছি আমরা আল্লাহর দীনের লোক! শরীয়াহর ছাত্র, অথচ আমরা শরীয়াহর সমর্থনে কোন কাজ করছি না!' কাজেই তোমরা বলো তোমরা কি এই কাজগুলো করতে তৈরি আছো?' কিন্তু সেই চৌদ্দজনের মাঝে একজনও খুঁজে পাওয়া গেল না, যে এই কাজ করতে তৈরি আছে, তারা বলল, 'জুমার দিনে হয়তো আমরা এই কাজগুলোর কিছু কিছু কাজ করতে পারি।' আমি বললাম, 'তাহলে সপ্তাহের বাকি দিনগুলোতে কে এই কাজগুলো করবে?' আমি আল্লাহকে আমার সাক্ষী মেনে বলছি, এটাই ছিল বাস্তবতা, আর আমি যাবতীয় ইজ্জতের মালিক আল্লাহর সামনে শেষ বিচারের দিনে এই ঘটনার সাক্ষ্য দিব। আমাদের এই আন্দোলন আল্লাহর ওপর খাঁটি তাওয়াক্কুলের-ই ফল ছিল। কেননা, সেদিন যদি আমি ঐ কয়েকজন ছাত্রের ওপর ভিত্তি করে অন্যদের প্রতিও একই রকম ধারণা করে বসে থাকতাম, তাহলে হয়তো আমি নিজেও আমার পড়ালেখায় মন দিতাম। মাদ্রাসায় ফেরত যেতাম; কিন্তু আমি আল্লাহর নামে যে শপথ করেছিলাম তা পূর্ণ করার দিকে মন দিলাম। আমি যে শপথ করেছিলাম তা পূর্ণ করেছি, আর আল্লাহও আমাকে পরিচালিত করেছেন যেমনটা আজকে আপনারা দেখছেন।

এরপর আমি আরেকটি পাঠশালাতে গেলাম। সেখানে প্রায় সতেরজন ছাত্র ছিল। আমি তাদেরকেও উদ্ভূত পরিস্থিতি ও আমাদের করণীয় সম্পর্কে বিশদভাবে আলোচনা করলাম। এবার এই হালাকার সতেরজনের সবাইকেই পাওয়া গেল যারা আমাদের প্রস্তাবে আল্লাহর দীনের জন্য কাজ করতে রাজী ছিল। সবার মাঝে অসাধারণ এক বন্ধন গড়ে ওঠে। ছেলে-বুড়ো, নারী-পুরুষ সবার প্রতি সবাই ছিল খুব আন্তরিক। মোটকথা, কাজটি ছিল সম্পূর্ণ শরঈ ভিতের ওপর দাঁড়িয়ে। তাই এ কাজের শুরু থেকেই আমাকে একের পর এক পরীক্ষার সম্মুখীন হতে হয়েছে। এরপর আমরা যে একটি মোটর সাইকেল ভাড়া করেছিলাম, সেটিতে চড়ে একের পর এক মাদ্রাসা, স্কুল ও স্টাডি সার্কেলে ভ্রমণ করতে লাগলাম। আল্লাহর শোকর অল্প সময়ের মধ্যেই তিপ্পান্নজন লোক আল্লাহর ওপর পূর্ণ ভরসা করে কাজের জন্য তৈরি হয়ে গেল। এরপর আমি তাদেরকে আগামীকাল দেখা হবে বলে মাদ্রাসায় ফেরত আসলাম। কিন্তু তারা রাতের বেলায় সবাই একসাথে 'সানয সার' এ এসে হাজির হল। আর এটাই ছিল শুরু। আমাদের পরিকল্পনার বয়স চব্বিশ ঘণ্টা পার হবার আগেই আমাদের কাজ শুরু হয়ে গেল। ফযরের নামাজের পর সেখানে উপস্থিত একজন বলল, "আজকে রাতে আমি স্বপ্নে দেখলাম, ফেরেশতারা 'সানয সার' এলাকায় প্রবেশ করছে, আমি তাদের সাথে মুসাফহা করলাম। ওহ! কি কোমল ছিল তাদের হাতের পরশ। পরদিন সকাল দশটার দিকে হাজী বিশর নামক এক ভাই থেকে দু'টা গাড়ি চেয়ে নিলাম। তিনি একজন ব্যবসায়ী। তিনি আমাদেরকে দুটো গাড়ি দিলেন, একটা ছোট কার, আরেকটা বড় কার্গো ট্রাক। এরপর আমরা সব ছাত্রদের 'কাশক নুখুদ' এলাকার দিকে সরিয়ে নিলাম। বাদবাকি অন্যান্যরাও আমাদের সাথে যোগ দিল। যখন একসাথে অনেক লোক জমায়েত হল, আমরা লোকদের কাছ থেকে অস্ত্র ধার করলাম। আর এভাবেই শুরু হয়েছিল আমাদের প্রতিরোধ আন্দোলন।' তাঁর বক্তব্য শেষ- আল্লাহ তাকে হেফাযত করুন, বিজয় দান করুন এবং মুজাহিদিনদের সাহায্য করুন। আমিন।

হ্যাঁ, এটাই ছিল আন্দোলনের সূত্রপাত। আমেরিকা ইসলামিক আমিরাতের ওপর হামলে পড়ার আগ পর্যন্ত যা এক ধারায় চলছিল। যখন আমেরিকা এই ইসলামিক রাষ্ট্রের সাথে যুদ্ধ ঘোষণা করল, তারা ইতিহাসকে যেন পাল্টে দিল, তারা সাম্প্রতিক অতীতের এই বাস্তবতাকেও পাল্টে দিতে চাইল। তালাবাদের নাম দেয়া হল বিদেশী এজেন্ট, পাকিস্তানী ইন্টেলিজেন্সের দেশীয় রক্তপিপাসু দোসর, লুটেরা, হাইওয়ে ডাকাত, খুনী- যারা কিনা যমীনে নিজেদের কর্তৃত্ব ও অনাচার প্রতিষ্ঠা করতে চায়!!! আরও কত সহস্র পন্থায় অভিযোগ, ধোঁকা, চক্রান্ত করা হল এই ইসলামিক ইমারাহ'র বিরুদ্ধে। যে সকল লেখক বুদ্ধিজীবী এ ইমারার বিরুদ্ধে তাদের কলমবাজী করেছিল, মিথ্যার বিষ ছড়িয়ে ছিল এরা মূলত বিকৃত মন-মানসিকতার শিকার স্বজাতির গাদ্দার, পরজীবী। সত্যানুসন্ধানী মানুষগণ জানেন, তালেবান কোনদিনই পাকিস্তানী ইন্টেলিজেন্সের খেলনা ছিল না। এখন আমেরিকা এবং পাকিস্তান সরকার উভয়েই তাদের দিকে এক তীরে লক্ষ্যভেদ করার চেষ্টা করছে। আর এখন তালেবান সারা দুনিয়ার কাছে প্রমাণ করে দিয়েছে যে, তারাও রাজনীতি বুঝে। তারা আমেরিকানদের ফাঁদে পা দেয় না, মুনাফিকদের ফাঁদে পড়ে না।

আমরা পুনরায় ফেরত যাচ্ছি সেই আন্দোলনের ঘটনাপ্রবাহের দিকে, 'কান্দাহারে শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার খবর খুব দ্রুত ছড়িয়ে পড়তে লাগল, দলে দলে তালেবে ইলমদের বহর আসতে লাগল, কান্দাহারের সীমানাবর্তী দক্ষিণ-পশ্চিম প্রদেশগুলো থেকে জনসাধারণ আসতে লাগল, তারাও এই তালেবে ইলমদের কাছে অনুরোধ জানাল যেন তাদের প্রদেশের কর্তৃত্ব নেয়া হয় এবং সেখানেও শরীয়াহ প্রতিষ্ঠা করা হয়। তারা সেই প্রদেশগুলোতে কর্তৃত্ব ও শরীয়াহ আইন প্রতিষ্ঠা করার ব্যাপারে সহায়তা করতে লাগলেন। আর এভাবেই, তালিবান ('তালিবান'- 'তালেব' শব্দটির পশতু বহুবচন, যার অর্থ ইসলামী শরীয়াহ'র ছাত্রবৃন্দ-) আফগানিস্তানের এক পঞ্চমাংশ অংশের ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করল, কোন ধরণের লড়াই ছাড়াই, বরং এখানে মানুষের নিরাপত্তা কামনা ও শরীয়াহ প্রতিষ্ঠিত করার ইচ্ছাই ছিল প্রধান শক্তি। আলেম, মৌলভী, মোল্লাহদের সামাজিক মর্যাদার কারণে; শরীয়াহর ইলমের ছাত্রদের প্রতি মানুষের সম্মানবোধের কারণে কোন রকম বড় বাঁধা ছাড়াই তালেবানরা সামনের দিকে অগ্রসর হতে লাগল উত্তরের প্রদেশ, পূর্বে সবদিকে। আর কাবুলের শাসক রব্বানীর কাছে এই খবর পৌঁছেছিল যে, তার প্রতিদ্বন্দী হিকমতিয়ারের লোকেরা নিজেদের কাবুল থেকে পৃথক করে নিয়েছে, তাই তিনি তালেবানদের আন্দোলনের বিরুদ্ধে কোন অফিসিয়াল অবস্থান ঘোষণা করেননি বরং তিনি শরীয়াহ প্রতিষ্ঠার আন্দোলনকে সাহায্য করেন যেখানে মানুষের কাজের জবাবদিহিতা আছে। কিন্তু হিকমাতায়ার তার ফোর্সদের আদেশ করেন যেন তারা তালেবানদের কাছে আত্মসমর্পণ না করে।

তাই গযনী এলাকাতে কিছু সংঘর্ষ হল, এরপর উত্তরদিকে এভাবে কাবুলের দিকে একের পর এক এলাকা প্রায় উল্লেখযোগ্য কোন লড়াই ছাড়াই পতন হতে লাগল। এমনকি বিভিন্ন দল, গোষ্ঠী যেমন চোর হাইওয়ে ডাকাত দল এরা পর্যন্ত শরীয়াহ ইলমের তালাবাহ বা ছাত্রদের সাথে সংঘর্ষে লিপ্ত হতে সংশয়ে ভুগতে লাগল। অন্যান্য দল যেমন, 'ইউনুস খালিস' এরপর 'হাক্কানী' ফোর্স বাতকিয়াতে, খোস্তে তাদের ভূমি সমর্পণ করল। সায়াফে অধিকাংশ ফোর্স লড়াই থেকে বিরত থাকলো। নানকারহারের রাজধানী জালালাবাদের লোকজন যখন তালেবানদের সামনাসামনি দেখল, তাদের শরীয়াহ প্রতিষ্ঠার কথা জানলো, 'আমর বিল মারুফ ওয়াননাহি আনিল মুনকার' এর কথা জানতে পারল, তাদের নিরাপত্তা, হাইওয়ে চোর-ডাকাত নিধনের কথা ইত্যাদি জানতে পারল, তারাও তালেবানদের সমর্থনে এগিয়ে এল। এরপর তালেবানরা কাবুলের কাছাকাছি পৌঁছে গেল, সেখানে একটি সাধারণ বৈঠক অনুষ্ঠিত হল। ১৫০০ আলেমের উপস্থিতিতে ৩১ মার্চ হতে ৩রা এপ্রিলের সেই বৈঠকে মোল্লাহ মুহাম্মদ ওমরকে আনুষ্ঠানিকভাবে তালেবানদের আমীর নিযুক্ত করা হল এবং উপাধি প্রদান করা হল 'আমীরুল মুমিনীন'।

আর সেদিন থেকেই তালেবানদের কাছে শরয়ী আমীর হিসেবে তিনি গৃহীত হয়ে আসছেন আর তাদের মতে তাকে একজন খলীফার যাবতীয় দায়িত্ব প্রদান করা হয়েছে। তালেবানরা কাবুলের সীমান্তে পৌঁছে গেলেন আর রব্বানীর কাছে কিছু অনুরোধ নিয়ে গেলেন যার মধ্যে প্রধান চারটি হচ্ছে-

১. শরীয়াহ প্রতিষ্ঠিত করতে হবে।

২. সরকার হতে কমুনিষ্ট ও তাদের অনুসারীদের অপসারণ করতে হবে।

৩. স্টেট ভবন হতে নারীদের অপসারণ করতে হবে।

৪. দুর্নীতি, পতিতালয়, সিনেমা, গান-বাজনা, অশ্লীল ভিডিও ইত্যাদি নির্মূল করতে হবে।

কাবুলের শাসক রব্বানী তালেবানদের সাথে আলোচনা করার জন্য দূত পাঠাতে বললেন, তাই তারা আলেমদের দূত হিসেবে প্রেরণ করলেন, কিন্তু তারা প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ফোর্সদের দ্বারা বিশ্বাসঘাতকতার শিকার হলেন, এমনকি তারা তাদের অস্ত্র সোপর্দ করবেন, মারামারি বন্ধ করবেন আর আলোচনা শুরু করবেন এই প্রতিশ্রুতি দেয়ার পরেও তারা প্রেরিত দূতদের একটি অংশকে হত্যা করে বাকীদের ফেরত পাঠায়। যাদের হত্যা করা হয়েছিল তাদের সংখ্যা ছিল প্রায় আড়াইশ'জন। এরপর এ ধরণের বিশ্বাসঘাতকতার পরে তালেবানদের পক্ষ হতে কাবুল আক্রমণ করা ছাড়া আর কোন পথই খোলা ছিল না। খুব অল্প সময়ের মধ্যে ১৯৯৬ সালের সেপ্টেম্বর মাসের ২৬তম রজনীতে কাবুলের পতন হল। তালেবানরা ১৯৯৭ সালে আফগানিস্তানের উত্তরাঞ্চল জয় করল, আর বামিয়ান- আফগানিস্তানে রাফেযিদের কেন্দ্রের পতন হল ১৯৯৮ সালে, আর এর পূর্বে কায়ান উপত্যকা- যার নিয়ন্ত্রণে ছিল (শিয়া) আগাখানি ইসমাইলী সৈন্যরা- এরও পতন হল। আর এখানে তালেবানেরা যে বিপুল পরিমাণ অস্ত্র গনীমতের মাল হিসেবে লাভ করল তা গণনা করা কোন সহজ কাজ ছিল না। আর বলা হয়ে থাকে আহলুস সুন্নাহ গত ৮০০ বছরে এই উপত্যকায় কখনো প্রবেশ করেনি। আর এভাবেই মাত্র চার বছরেরও কম সময়ে তালেবানরা আফগানিস্তানের ৯৫ ভাগ এলাকাতে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পারল- যার শুরু হয়েছিল সেই সেদিনের মোল্লা মুহাম্মদ ওমর (আল্লাহ তাকে হেফাযত করুন) এবং তাঁর ভাইদের একটি অন্যায়ের প্রতিবাদের থেকে, যখন তারা একতাবদ্ধ হয়েছিলেন একদল মুসলিম নারীর ইজ্জত রক্ষা করার জন্যে যাদেরকে অপহরণ করেছিল কিছু চোর আর হাইওয়ে ডাকাতদল।



ইতিহাস

৯/১১ এ শুরু হয়নি

আনিকা ওয়ারদা তুবা

রাতের আঁধারে চুপচাপ শুয়ে আছে মেয়েটি। বিছানার একপাশে দলা পাকিয়ে বালিশে মুখ গুজে নিঃশব্দে কাঁদছে। শব্দ করার শক্তিও আর নেই। এই ছোট্ট জীবনে অনেককিছু দেখে ফেলেছে। পৃথিবীটাকে খুব নোংরা মনে হয়। এখানে এতো পশুর বাস। যেদিন থেকে ওর শরীরের ওপর আমেরিকান সৈন্যরা ঝাঁপিয়ে পড়েছিলো, সেদিন থেকেই সব কেমন যেন হয়ে গেছে। এখন সব স্বপ্ন আবছা লাগে। মুখ ভরা তেতো বিস্বাদ, জীবনটা কী কষ্টের! বুকের মাঝে লুকিয়ে থাকা মধুর গল্পখানা কবে ভেঙে চুরমার হয়ে গেছে। একজন পুরুষের উষ্ণ বুকে মাথা রেখে সব কষ্টটুকু উজাড় করে দিতে কখনো কি আর পারবে? সীমার শরীরটা কেঁপে ওঠে। আতঙ্কে ওর মুখটা সাদা হয়ে গেছে কিনা অন্ধকারে সেটা আর বোঝা যায় না।

সাকিব তাকিয়ে আছে দিগন্তের দিকে। কতো দিন এই মাঠে এসে খেলেছে ওরা! একদল ছেলে মিলে একটা বলের পিছে ছুটোছুটি। গোল! প্রান্তের সাথে প্রথম এখানেই তো দেখা হয় তাইনা? এরপর দুজনের গলায় গলায় বন্ধুত্ব। অথচ দুজনে সবসময় আলাদা টিমে খেলতো। কারণ ওদেরকে এক দলে ফেলা মানে খেলার ফলাফল জেনে যাওয়া। কতো রাত এই মাঠে এসে আড্ডা মেরে কাটিয়ে দিয়েছে। দুঃখের সময় বন্ধুর ঠাট্টা শুনে হেসে উড়িয়ে দিয়েছে জীবনের সব হতাশা। আহ! বুকের মধ্যে চাপা কী একটা বিঁধছে? এটাই কি বেদনা? মার্কিনিদের ড্রোন অ্যাটাকে প্রান্ত মারা যাওয়ার পর এখন সাকিব একা। স্মৃতিগুলো চোখের পানিতে আবছা হয়ে আসে।

মুমিনার বিয়ে হয়েছে চার বছর। স্বামীর আদরে দুনিয়া ভুলে থাকে, ভুলতে পারে না একটা সন্তানের কথা। চার বছরেও স্বামীকে একটা সন্তান দিতে পারেনি ও। বিশাল সময়। মা ডাক শোনার হাহাকারে বুকটা খাঁ খাঁ করে। বহু প্রতীক্ষার পর ও মা হতে চলেছে! কী আনন্দের সেই দিন! নয়টা মাস ভারী শরীরটাকে যত্ন করে আগলে রাখে মুমিনা আর ওর স্বামী হাসিব। প্রথম সন্তান! আল্লাহর তরফ থেকে আসা এক অপূর্ব নেয়ামত। ফুটফুটে মেয়েটা জন্মের রাতেই একবুক মায়া জড়িয়ে বাচ্চার নাম রাখে আশা। কতো আয়োজন মুমিনার মেয়েকে নিয়ে! মেয়ে বড় হবে, পড়াশুনা করবে, বিয়ে হবে। কিন্তু কোথায় আশা? নরপশুগুলার গুলিতে ওর ছোট্ট বুকটা যে ঝাঁঝরা হয়ে গেছে। ওকে মরাদেহ দেখে চেনা যায় নি। লাল একটা মাংসপিণ্ড কবরে নামিয়ে রেখেছে সবাই। ওটা কি আশা নাকি? আশার সেই মিষ্টি হাসিটা কোথায় মিইয়ে গেছে? কিছুই বোঝেনা মুমিনা। "মা-মা-মা"উদভ্রান্ত মায়ের অন্তরে এই একটা কথাই বাজতে থাকে। মা ডাকটা শোনার আগেই কে যেন তার অন্তরটাকে ছিঁড়ে নিয়ে গেছে।

না-আ-আ-আ-আ-আ" মীরুর চিৎকারে আজো সবুজের ঘুমটা ভেঙে যায়। সবুজ তাকিয়ে থাকে। প্রায় অপ্রকৃস্থ স্ত্রীকে নিয়ে কী করবে ভেবে পায় না। মীরু তো এমন ছিল না! কতো হাসিখুশি একটা মেয়ে ছিল। বিনা কারণে হেসে বাড়ি মাথায় তুলেছে, কথায় কথায় সবুজের সাথে খুনসুটি করেছে, ছোট্ট ঝগড়ায় সারারাত কেঁদে চোখের জলে বুক ভাসিয়েছে, ইমোশনাল ছিল বলে সবুজের হালকা বকাও খেয়েছে। সেই মেয়ে আজ এতো অনুভূতিহীন? কথা বলে না, হাসে না, কাঁদে না, শুধু রাতের আঁধারে মাঝে মাঝে চিৎকার করে ওঠে। মীরুকে চোখের সামনে এমন জীবন্ত লাশ বনে যাওয়া দেখে সবুজ। সবুজের চোখ জ্বলে, কিন্তু কাঁদতে পারে না। ও যে পুরুষ। বুক ফেটে চাপা আর্তনাদ বেরিয়ে আসতে চায়। নিজের স্ত্রীকে চোখের সামনে ধর্ষিত হতে দেখেছে ও। হাত-পা বাঁধা থাকায় কিছুই করতে পারে নি। অসভ্যদের কারাগার থেকে মীরুকে নিয়ে কিভাবে পালিয়ে এসেছে সেসব আর মনে করতে চায় না। ওদেরই লোকে বলে সভ্য সমাজ। যত্তসব বাজে কথা।

দশ-বারোজন যুবক। এদের কারো বাড়িতে বাবা-মা আছে, কারো আছে স্ত্রী-সন্তান। ঘর পেছনে ফেলে তারা বহুদূর উঠে এসেছে। নির্জন পাহাড়ের ওপর। আমেরিকার সৈন্যদের অপেক্ষায় ঘাঁপটি মেরে বসে আছে। অন্ধকারেও ওদের চোখগুলো জ্বলজ্বল করে। আল্লাহর সাথে জান্নাতে করা প্রতিজ্ঞার কথা ওরা ভুলে যায়নি। সাদামাটা পোষাক, কিন্তু এক একজনকে দেখতে লাগে অসাধারণ। অন্তরের ঈমান চোখ ঠিকরে বের হয়ে আসে। ওদের দু চোখ ভরা স্বপ্ন। কলুষতাহীন পবিত্র এক পৃথিবীর স্বপ্ন। ওরা স্বপ্ন দেখে, স্বপ্ন দেখায়। শহীদি তামান্না নিয়ে বেঁচে থাকার স্বপ্ন, হাসতে হাসতে মরণকূপে ঝাঁপ দেয়ার আকাঙ্ক্ষা। শত্রুরা ওদের ভয়ে অস্থির, ধাতব ট্যাঙ্কের দেয়াল ভেঙে সেই ভয়ের গোঙ্গানি শোনা যায়। পরাজয় কী এই ছেলেগুলো জানেনা। ওরা জানে সন্তানহীন মায়ের প্রলাপ, ওরা জানে নিষ্পাপ বোনের ইজ্জত হারানোর কষ্ট, ওরা জানে পরিবার হারানোর বেদনা। ওরা মুহাজিদীন। ওরা ইসলামের সৈন্য। ওরা উম্মতের ভগ্ন শরীরের ইস্পাত কঠিন মনোবল। ওরা কালিমার কালো পতাকা নিয়ে এগিয়ে যায়, এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে।

মজলুম মানুষগুলোর স্থানে কখনো কি নিজেকে রেখেছেন? ওদের চোখ দিয়ে দেখুন, ওদের কান দিয়ে শুনুন। ওদের অন্তরটা দিয়ে অনুভব করুন। সত্য বুঝতে পারবেন। ইতিহাস ৯/১১ এ শুরু হয়নি। ইতিহাসের সূচনা অনেক আগেই হয়ে গেছে, ইরাকে, আফগানিস্তানে, পাকিস্তানে। মীরু, সবুজ, মুমিনা, হাসিব, প্রান্তের মতো না-জানা অনেক জীবনের ইতিহাস। হয়তো সেসব আপনার অজানাই রয়ে যাবে। হয়তো ওদেরকে খুনী তালেবান বলে আপনার সামনে সভ্য জগতের মিডিয়া হাজির করবে। হাজির করবে না পেছনের সত্যটুকু। না জেনে মিডিয়াকে বিশ্বাস করবেন না। যে মানুষগুলো নিজেদের রক্ষা করতে, মুসলিম ভাইবোনদের সম্ভ্রম রাখতে, পৃথিবীর বুকে ইসলামের ন্যায়বিচারকে প্রতিষ্টা করতে জান বাজি রেখে লড়াই করে চলেছে একবার তাদের চোখ দিয়েও দুনিয়াটাকে অবলোকন করুন একবার সাহসী হোন একবার স্বপ্ন দেখুন। ইসলাম ও কুফুরের মাঝে চলমান সুদীর্ঘ এ লড়াইয়ে আপনার অবস্থানটা ন্যায়ের সাথে হোক।

ইমাম আব্দুল্লাহ ইবনে মুবারক রহঃ এর ঐতিহাসিক কবিতা

প্রখ্যাত মুহাদ্দিস, ফক্বীহ, মুজাহিদ ইমাম আব্দুল্লাহ ইবনে মুবারক রহ. তার সমকালীন বিখ্যাত সূফী তাসাউফের ইমাম ফুযাইল ইবনে আয়ায রহ. যিনি মক্কা-মদীনায় ইবাদত করার জন্য অবস্থান করছিলেন তাকে উদ্দেশ্য করে কিছু ঐতিহাসিক কবিতা লিখে পাঠিয়েছিলেন। তার কিছু কবিতা নিম্নে তুলে ধরা হলোঃ

يَا عَابِدَ الْحَرَمَيْنِ لَوْ أَبْصَرْتَنَا   لَعَلِمْتَ أَنَّكَ بِالْعِبَادَةِ تَلْعَبُ

ওহে আবেদুল হারামাইন! (মক্কা-মদীনায় ইবাদতকারী!) নিশ্চয়ই তুমি মক্কা-মদীনায় ইবাদত করছো, এক রাকাতে লক্ষ রাকাতের সাওয়াব কামাচ্ছো, বায়তুল্লাহ তওয়াফ করছো, হাজরে আসওয়াদ চুমু খাচ্ছো, যমযমের পানি পান করছো, মাক্বামে ইবরাহীমের পিছনে সালাত আদায় করছো, মূলতাযামকে জড়িয়ে চোখের পানি ঝড়াচ্ছো, এসবই অনেক ভাল কাজ। কিন্তু তুমি যদি আমাদের ইবাদত দেখতে তাহলে নিশ্চয়ই তুমি বুঝতে পারতে যে, আমাদের ইবাদতের তুলনায় তোমার ইবাদত শিশুদের খেলনা ছাড়া কিছুই নয়।

কারণ ইহুদী-খ্রিষ্টান তথা গোটা কাফের শক্তিগুলো "আল-কুফরু মিল্লাতুন ওয়াহিদা" অর্থাৎ 'ইসলামের বিরুদ্ধে সকল কাফের গোষ্ঠীগুলো এক' এর মূর্ত প্রতীক হয়ে মাঠে নেমেছে আর তুমি নির্জনে ইবাদতে মশগুল হয়ে আছো! যেই দ্বীন ক্বায়েম করতে গিয়ে আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে বদর, উহুদ, খন্দক, হুনাইনসহ বিভিন্ন যুদ্ধে অবতীর্ণ হয়েছিলেন। আজ সেই দ্বীন ধ্বংস হচ্ছে আর তুমি মক্কা-মদীনায় বসে বসে অজীফা আদায় করছো! নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে মক্কা থেকে হিজরত করে চলে গেলেন আর তুমি মক্কায় খানকা বানিয়েছো!

مَنْ كَانَ يَخْضِبُ خَدَّهُ بِدُمُوْعِهِ   فَنُحُوْرُنَا بِدِمَائِنَا تَتَخَضَّبُ

তোমার এবং আমার ইবাদতের মধ্যে পার্থক্য হচ্ছে এই যে, তোমার যখন ইবাদত করতে করতে জযবা আসে তখন তোমার চোখের অশ্রু দিয়ে গাল ভিজে যায়। আর আমাদের যখন যুদ্ধের ময়দানে যুদ্ধ করতে করতে জযবা আসে তখন আমাদের গর্দানের রক্ত দিয়ে আমাদের গ্রীবা রঞ্জিত হয়ে যায়। তোমার চোখের পানির মর্যাদা আল্লাহর কাছে ঠিকই আছে তবে জান্নাতের কোন গ্যারান্টি নেই। কিন্তু আমাদের রক্ত সম্পর্কে হাদীসে বর্ণিত হয়েছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا يُكْلَمُ أَحَدٌ فِي سَبِيلِ اللَّهِ وَاللَّهُ أَعْلَمُ بِمَنْ يُكْلَمُ فِي سَبِيلِهِ إِلَّا جَاءَ يَوْمَ الْقِيَامَةِ وَاللَّوْنُ لَوْنُ الدَّمِ وَالرِّيحُ رِيحُ الْمِسْكِ

অর্থঃ 'আবু হুরায়রা হতে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ঐ আল্লাহর কসম! যার হাতে আমার জীবন, আল্লাহর রাস্তায় যুদ্ধ করতে গিয়ে যদি কোন ব্যক্তি যখম হয় (আল্লাহই ভালো জানেন কে আল্লাহর রাস্তায় যখম হলো) তবে কিয়ামতের দিবসে সে তার ঐ যখমগুলো নিয়ে উঠবে। তার রক্তের রঙ হবে যদিও রক্তের মত তবে ঘ্রাণ হবে মেশ্ক আম্বরের মত।' (সহীহ বুখারী ২৮০৩)

أَوْ مَنْ كَانَ يُتْعِبُ خَيْلَهُ فِيْ بَاطِلٍ   فَخُيُوْلُنَا يَوْمَ الصَّبِيْحَةِ تَتْعَبُ

তোমাদের ঘোড়াগুলো তোমাদের হাদিয়া, তুহফা, আবা-কাবা, জুব্বা-ডিব্বা হরেক রকম খানা-পিনার বেহুদা বোঝা বহন করতে করতে ক্লান্ত হয়ে পরে। আর আমাদের ঘোড়াগুলো যুদ্ধের দিন ভোর বেলা (ক্ষুধা-তৃষ্ণা নিয়ে) যুদ্ধ করতে করতে ক্লান্ত হয়।

رِيْحُ الْعَبِيْرِ لَكُمْ، وَنَحْنُ عَبِيْرُنَا رَهْجُ السَّنَابِكِ وَالْغُبَارُ الْأَطْيَبُ

তুমি যখন ইবাদত করতে বস তখন মখমলের সাদা পাতলা ফিনফিনে জামা-কাপড় পরিধান করে দামি দামি আতর-গোলাপ, মেশ্‌ক আম্বরের সুগন্ধি ব্যবহার করে শান-শওকতে বস। অবশ্য আতর ব্যবহার করা ভাল আল্লাহর নবী এটা ভালবাসতেন এবং ব্যবহারও করতেন। কিন্তু এর ওপর জান্নাতের কোন গ্যারান্টি নেই। পক্ষান্তরে আমাদের আতর-গোলাপ সম্পর্কে জানতে চাও? প্রচন্ড যুদ্ধ চলাকালে ঘোড়ার পদাঘাতে নির্গত অগ্নিস্ফুলিঙ্গ এবং যুদ্ধের ময়দানের ধুলা-বালুই আমাদের সুগন্ধি।

وَلَقَدْ أَتَانَا مِنْ مَقَالِ نَبِيِّنَا قَوْلٌ صَحِيْحٌ صَادِقٌ لَا يُكْذَبُ

আর জেনে রাখ! আমাদের ধুলা-বালু সম্পর্কে আমাদের কাছে নবীজির সত্য সঠিক বাণী এসেছে যা কখনো মিথ্যা হওয়ার নয়। আর তা হচ্ছে :

لَا يَسْتَوِىْ غُبَارُ خَيْلِ اللهِ فِىْ أَنْفِ اِمْرَىٍٔ وَدُخَانُ نَارٍ تَلْهَبُ

যুদ্ধের ময়দানের ধুলা-বালু ও জাহান্নামের প্রজ্জলিত আগুনের ধোঁয়া কোন ব্যক্তির নাকে একত্রিত হবে না। অর্থাৎ যুদ্ধের ময়দানে যাদের নাকে ধুলা-বালূ লেগেছে তারা জাহান্নামের আগুনে প্রবেশ করবে না। এ কথাটি হুবহু হাদীসে বর্ণিত হয়েছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَجْتَمِعُ غُبَارٌ فِي سَبِيلِ اللَّهِ وَدُخَانُ جَهَنَّمَ فِي جَوْفِ عَبْدٍ أَبَدًا

অর্থ: 'আবু হুরাইরা রাযি.থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহর রাস্তার ধুলা-বালু এবং জাহান্নামের প্রজ্জলিত আগুনের ধোঁয়া কোন ব্যক্তির পেটে কখনো একত্রিত হবে না।' (সুনানে নসায়ী ৩১১০; সুনানে ইবনে মাজাহ ২৭৭৪)

هَذَا كَتَابُ اللهِ يَنْطِقُ بَيْنَنَا لَيْسَ الشَّهِيْدُ بِمَيْتٍ لَا يُكْذَبُ

জেনে রাখ! তুমি যতবড় বুজুর্গই হও না কেন তোমার মৃত্যুর পরে তোমার দামি কাপড়-চোপড় খুলে ফেলা হবে, কেননা তুমি মরে গেছো। আর আমি যদি যুদ্ধের ময়দানে শহীদ হয়ে যাই আমার কাপড়-চোপড় খোলা হবে না। ঐ রক্ত মাখা কাপড়-চোপড় দিয়েই দাফন করা হবে, কেননা আমি জীবিত। তুমি যখন মারা যাবে তোমার জানাযায় লক্ষ লক্ষ মুরীদ ও ভক্তবৃন্দ জমা হবে কেননা তুমি জগত বিখ্যাত পীর ও বুজুর্গ। আর আমার জানাযায় হয়তো কোন লোক আসবে না কেননা আমি শহীদ। জানাযার সময়ও হামলা হওয়ার আশংকা আছে। কিন্তু জেনে রাখ! তোমার জানাযায় লোকের প্রয়োজন আছে, কেননা তুমি মৃত। আর আমার জানাযায় লোকের প্রয়োজন নেই, কেননা আমি শহীদ। আমাকে আল্লাহর কিতাবে (কুরআনে) জীবিত বলা হয়েছে। ইরশাদ হচ্ছে:

وَلَا تَقُولُوا لِمَنْ يُقْتَلُ فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتٌ بَلْ أَحْيَاءٌ وَلَكِنْ لَا تَشْعُرُونَ

অর্থ: 'যারা আল্লাহর রাস্তায় নিহত হয়, তাদেরকে মৃত বলো না। বরং তারা জীবিত; কিন্তু তোমরা অনুভব করতে পার না।' (সুরা বাক্বারা, আয়াত ১৫৪)

ফুযাইল ইবনে আয়ায এর নিকট কাবার কাছে অবস্থানরত অবস্থায় যখন এই চিঠি পৌছলো তখন তিনি এই চিঠি পড়ে অশ্রুসিক্ত অবস্থায় বললেন, আবু আব্দুর রহমান ইবনে মুবারক ঠিকই বলেছে এবং আমাকে সৎ উপদেশ দিয়েছে।

এক ফিলিস্তিনি বন্ধুর বার্তা

আবু আব্দুল্লাহ

আমার এক বন্ধু ছিল। সে ছিল ফিলিস্তিনের গাজার অধিবাসী। থাকত দুবাই। প্রায় সময় তার সাথে চ্যাটে আলাপ হতো। কয়েক মাস হল সে ফেসবুক ত্যাগ করেছে। গেল বছর সে একদিন আমার কাছে একটি মেসেজ পাঠাল।

'আমি যখন খুব ছোট্ট ছিলাম, তখন জুমআর খতীব দুআয় বলতেন, হে আল্লাহ, তুমি বসনিয়া ও ফিলিস্তিনের মুসলমানদের সাহায্য করো !

যখন একটু বড় হলাম, তখন জুমআর খতিব দুআয় বলতেন হে আল্লাহ, তুমি বসনিয়া , ফিলিস্তিন ও আফগানিস্তানের মুসলমানদের সাহায্য করো !

যখন আরেকটু বড় হলাম, তখন জুমআর খতীব দুআয় বলতেন, হে আল্লাহ, তুমি বসনিয়া, ফিলিস্তিন, চেচনিয়া ও আফগানিস্তানের মুসলমানদেও সাহায্য করো !

যখন আরেকটু বড় হলাম, তখন জুমআর খতীব দুআয় বলতেন, হে আল্লাহ, তুমি ফিলিস্তিন , চেচনিয়া, সোমালিয়া ও আফগানিস্তানের মুসলমানদের সাহায্য করো !

যখন আরেকটু বড় হলাম, তখন জুমআর খতীব দুআয় বলতেন, হে আল্লাহ , তুমি ফিলিস্তিন, চেচনিয়া, ইরাক, সোমালিয়া ও আফগানিস্তানের মুসলমানদের সাহায্য করো !

যখন আরেকটু বড় হলাম তখন জুমআর খতীব দুআয় বলতেন, হে আল্লাহ, তুমি ফিলিস্তিন, চেচনিয়া, বার্মা, সিরিয়া, ইরাক ও আফগানিস্তানের মুসলমানদের সাহায্য করো !

আর (গত বছর) তিনি দুআয় বলছেন, হে আল্লাহ , তুমি ফিলিস্তিন, চেচনিয়া, বার্মা সোমালিয়া ,সিরিয়া, ইরাক ও আফগানিস্তানের মুসলমানদের সাহায্য করো ...'

আর এখন(এক বছর পর বর্তমানে) আমরা বলছি,

হে আল্লাহ, তুমি মধ্য আফ্রিকা, মিশর, বাংলাদেশ, ফিলিস্তিন, চেচনিয়া, বার্মা ,সোমালিয়া , সিরিয়া, ইয়েমেন, ভারত, ইরাক ও আফগানিস্তানের মুসলমানদের সাহায্য করো...এভাবে আর কতোদিন কত মুসলিমদেশকে যোগ করব ...?

হৃদয়ের আকুতি

হাসান তারেক

সীমান্তের উঁচু উঁচু দেয়ালগুলো হয়তো ওই পারের নির্যাতিত ভাইদের চিৎকার তোমাদের কর্ণকুহরে পৌঁছতে বাঁধা হয়ে দাঁড়ায়!

সাগরের বিশাল ঢেউয়ের জোরালো শব্দ হয়তো সাগরের ঐ পাড়ের মুসলিম মায়েদের কান্নার আওয়াজ তোমারে কানে পৌঁছানোর পুর্বেই মিলিয়ে যায়।

কাঁটা তারের দেয়ালগুলো হয়তো তোমাদের আত্মাকে পেচিয়ে রেখেছে তাই তোমাদের ভাইদের চিৎকার তোমাদের হৃদয় স্পর্শ করে না।

তাই বলে ভেবনা যে, কারো কানেই এই মর্ম বেদনার আওয়াজ ঢুকেনা। কারো হৃদয়েই তা শেল বিদ্ধ করে না। এক দল মুসলিম আজো আছে যাদের বোনদের কান্নার পানি পৃথিবীর বুকে যেখানেই পড়ুক তাদের বুকে তা সমুদ্র ঝড় বইয়ে দেয়। তাদের মায়েদের আর্তনাদ তাদের অন্তরকে চুরমার করে দেয়। তাদের ভাইদের চিৎকার তাদেরকে পৃথিবীর তাবৎ জালেমদের বিরুদ্ধে বুক টান করে দাঁড়াতে শেখায়।

আল্লাহ্ আমাদের সেই ভাইদের দলভুক্ত করে দিন। আমীন।



চশমার আয়নায় যেমন

শমসের আলী

আমাদের সমাজে কিছুলোক আছেন, যারা প্রতিটি কাজ ভিন্ন চোখে দেখেন। যারা মনে করেন, এমন কাজ থেকে আমাদের বেঁচে থাকা উচিৎ, যার দ্বারা আমাদের কষ্ট বেড়ে যায়। কোনো ধরনের বিপদ আসাকেই উনারা ইসলামের পরাজয় মনে করেন। মনে করেন, এইতো শত্রু আসার পথ খুলে দেওয়া হলো!! জানি না কোন দৃষ্টি নিয়ে উনারা এ কথা বলেন। যদি ইসলামের আলোকে একথা বলেন, তাহলে আমাদের প্রশ্ন হচ্ছে, ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, মক্কার কাফেররা কোনোদিনই মদীনায় হামলা করেনি। কিন্তু যখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবু সুফিয়ানের নেতৃত্বাধীন বণিক কাফেলায় আক্রমণের জন্যে বের হলেন, তখন মক্কার কাফেররা পূর্ণ রণসজ্জা নিয়ে বের হয়। আচ্ছা বলুনতো, তখন যদি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম না বের হতেন, তাহলে কি বদর যুদ্ধ হতো? আর বদর না হলে কি উহুদে রাসূলের দাঁত মুবারক শহীদ হতো? তাহলে এই কাফেরদেরকে সুযোগ করে দেওয়ার পিছনে কার অবদান?

১৮৫৭ সালে আযাদী লড়াইয়ে হাজার হাজার আলেম শহীদ হন, সহস্রাধিক মাদ্রাসা পুড়িয়ে দেওয়া হয়। এর কারণ ছিলো আযাদীর লড়াইয়ে উনাদের অংশগ্রহণ। উনারা যদি স্যার সায়্যিদ আহমদের মতো ইংরেজদের তোষামোদী করতেন তাহলে এই ভয়াবহ নির্যাতন আসতো না। স্যারই উপাধি পেতেন। তাহলে এটাও কি ভুল ছিলো?

ভাবটা হলো এমন যে, শত্রু আমাদের ঘরে এসে আমার সবকিছু লুট করে নিয়ে যাবে; কিন্তু আমি এজন্য প্রতিবাদ-প্রতিরোধ করবো না যে, এর দ্বারা আরো শত্রু আসবে। ওরা এসে স্ত্রী-বোনদের সম্ভ্রমহানি করবে কিন্তু আমি এজন্য মুখ খুলবো না, কারণ ওরা আমাকেও মেরে ফেলবে। বাহ!! দারুন তো... আমরা এমন নীরব থাকবো যে, এক পর্যায়ে আমাদের দেশের ইমামদের রাস্তায় নামিয়ে চীনের মতো নাচাবে, তবুও কিছু বলবো না, কারণ শত্রু আসার পথ খুলে যাবে! আসলেই ইসলাম পাওয়া খুব সহজ এজন্যেই তো আল্লাহ বলেছেন,

﴿ الم (1) أَحَسِبَ النَّاسُ أَنْ يُتْرَكُوا أَنْ يَقُولُوا آمَنَّا وَهُمْ لَا يُفْتَنُونَ (2) وَلَقَدْ فَتَنَّا الَّذِينَ مِنْ قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللَّهُ الَّذِينَ صَدَقُوا وَلَيَعْلَمَنَّ الْكَاذِبِينَ (3) ﴾

‘আলিফ-লাম-মীম, মানুষ কি মনে করে যে, তারা একথা বলেই অব্যাহতি পেয়ে যাবে যে, আমরা বিশ্বাস করি এবং তাদেরকে পরীক্ষা করা হবে না? আমি তাদেরকেও পরীক্ষা করেছি, যারা তাদের পূর্বে ছিল। আল্লাহ অবশ্যই জেনে নেবেন যারা সত্যবাদী এবং নিশ্চয়ই জেনে নেবেন মিথ্যুকদেরকে।’ (সূরা-আনকাবুত, আয়াত ১-৩)

বিয়ে কোন বয়সে করা ভালো?

-আবু তাসমিয়াহ

একটা কথা শুনেছিলাম সেদিন। পশ্চিমা এক দেশে একবার একটি কুকুর একটি বাচ্চাকে আক্রমণ করে। চারিদিকে লোকজন দাঁড়িয়ে দেখছিলো। কেউ এগিয়ে আসছিলো না তাকে সাহায্য করতে। একজন মানুষ সাহস করে এগিয়ে গিয়ে কুকুরটিকে মেরে বাচ্চাটিকে বাঁচায়। চারিদিকে খবর ছড়িয়ে পড়ে তার এই সাহসী ভুমিকার। লোকজন তার প্রশংসায় পঞ্চমুখ। সাংবাদিকরা এলো তার সাক্ষাৎকার নিতে। জিজ্ঞাসা করলো আপনার নাম কী? সে বললো, মুহাম্মাদ। বিস্তারিত সাক্ষাৎকার সবাই নিয়ে গেলো ঠিকই। কিন্তু পরের দিন পত্রিকায় এলো, 'মুসলমান সন্ত্রাসীর হাতে নিরীহ কুকুর নিহত'।

ইসলাম ও ইসলামপন্থীদের বিরোধিতার ক্ষেত্রে বিধর্মী ও সেক্যুলাররা কখনো কোনো নীতি-নৈতিকতা ও সততার তোয়াক্কা করে না। সব সময়ই ডার্টি গেইম প্লে করে। এমনকি আল্লাহর নবী নূহ আ. থেকে নিয়ে মুহাম্মাদ সা. পর্যন্ত কাউকেই এরা ছাড় দেয়নি। কারণ, এদের নৈতিকতার কোনো বালাই নেই। সেটা হোক বন্ধুত্ব কিংবা শত্রুতা। সকল ক্ষেত্রেই।

সমাজের যা কিছু খারাপ কিংবা যা কিছুকে তারা 'খারাপ সাজাতে' চায় সব কিছুকে তারা ইসলামের সাথে ট্যাগ করে দেয়। এতে তাদের ফায়দা হলো, অসচেতন মানুষের মধ্যে একটা অবচেতন ইসলামবিদ্বেষী মনোভাব তৈরি হয়।

কিছু দিন আগে একটা নিউজ পড়েছিলাম। এক ছেলেকে তার এক বন্ধু তার বাবার রেখে যাওয়া ১৪ লাখ টাকা ফু দিয়ে দ্বিগুণ করার লোভ দেখায়। সে জানায়, তার পরিচিত এক পীর/ফকীর আছে, সে নাকি ফুঁ দিলেই টাকা দ্বিগুণ হয়ে যায়। টাকা দ্বিগুণ করতে বন্ধুকে নিয়ে রওয়ানা হয় ফকীরের বাড়ি। সে আর ফিরে আসেনি টাকা নিয়ে। ফিরেছে তার লাশ। এই সংবাদের কমেন্টে দেখলাম একজন লিখেছে, 'ধর্মীয় কুসংস্কার মানুষকে কতো অন্ধ বানিয়ে দিতে পারে!

ডার্টি গেইমের এটাই হলো তাদের লাভ। ঘটনাটি ঘটার পেছনে যেখানে একমাত্র কারণই হলো ধর্মীয় মূল্যবোধের অনুপস্থিতি; সেখানে গোটা দায়ভারটাই চাপানো হলো ধর্মের ঘাড়ে।

এমন আরো কতো নিউজ দেখবেন, 'প্রেমের কারণে যুবতীকে ৮০ দোররা' ইত্যাদি। খবর নিয়ে হয়তো দেখা যাবে ঘটনা শুধু প্রেমেই নয়, প্রেম হয়তো শরীরেও গড়িয়েছিলো। এরপর গ্রামের মাতব্বররা হয়তো এই কাজ করেছে। পিটুনি দেওয়াটাকে বলা হবে দোররা। আর কয়টি পিটুনি হয়েছিলো সেটা কে-ইবা জানে। বলা হবে ৮০ দোররা। কারণ শরীয়াহ আইনে ৮০ দোররার একটা ব্যাপার আছে। ঘৃণা জন্মানো হবে ৮০ দোররার প্রতি। সহানুভূতি জন্মানো হবে অবৈধ প্রেমের প্রতি। চেপে যাওয়া হবে তাদের শরীর তত্ত্বের আসল ঘটনা। যদিও এখানে মাতব্বররা যা করেছে, যেভাবে করেছে, তার সাথে হয়তো ইসলামী আইনের দূরতম কোনো সম্পর্কও নেই।

খবরে দেখা যাবে, 'বিধবাকে জোর করে হিল্লা বিয়ে দেওয়া হয়েছে'। খবরটা এমনভাবে পরিবেশন করা হবে, যেন হিল্লা বিবাহ ইসলামী বিধানের একটি অংশ। অথচ ইসলামের ব্যাপারে নূন্যতম জ্ঞান রাখলেও জানার কথা যে, এর সাথে ইসলামের দূরতম কোনো সম্পর্ক নেই।

এমনই তথ্য সন্ত্রাসের শিকার একটি বিষয় হলো রাষ্ট্রের নির্ধারিত বয়স হওয়ার আগে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া। যাকে নাম দেওয়া হয়েছে 'বাল্য বিবাহ'। শব্দটা দিয়েই একটা অপরাধের আবহ তৈরি করা হয়েছে। এরপর নানা রকম শ্লোগান তৈরি করা হয়েছে। কুড়িতে বুড়ি নয়, বিশের আগে বিয়ে নয়। আরো কতো কী। এর তথাকথিত ক্ষতিকারক দিক নিয়ে নানা তত্ত্ব আবিষ্কার করা হয়েছে। অল্প বয়সে বিয়ে কী কী শারীরিক জটিলতা তৈরি করে তার ফর্দ বানানো হয়েছে। অথচ দেরিতে বিয়ের কারণে যে শারীরিক, মানসিক, সামাজিক অর্থনৈতিক, পারিবারিক সমস্যায় জর্জরিত হয়ে আছে হাজারো মানুষ তা নিয়ে কিন্তু এরা কখনো কিছু বলবে না। কারণ এটা বললে তাদের নোংরা এজেন্ডা বাস্তবায়ন করা যাবে না।

অল্প বয়সে বিয়েকে মাতৃ-মৃত্যুর প্রধান কারণ হিসেবে দেখানো হচ্ছে। অথচ একটি মেয়ে প্রাপ্তবয়স্ক হওয়ার সাথে সাথে যে বায়োলজিক্যালী সে গর্ভধারণের জন্য সম্পুর্ণ উপযুক্ত এটা সায়েন্টিফিকভাবে প্রমাণিত। মাতৃ-মৃত্যু যদি হয়ে থাকে সেটা অবশ্যই অন্য কোনো কারণে। হতে পারে সেটা

অযত্ন অবহেলা, পুষ্টিহীনতা, যথাযথ চিকিৎসা না পাওয়া ইত্যাদি। এসবের কারণে তো খোদ বিয়েকে দায়ী করার কোনো যৌক্তিকতা নেই! এ ধরণের বায়াস কাজ অনেকেই করে। যেমন তামাকমুক্ত সমাজ গড়া নিয়ে যারা কাজ করে তারা সিগারেটের কারণে মৃত্যুর হারকে এমনভাবে দেখায়, যা সত্যিই আশংকাজনক। অথচ রিসার্চ করলে হয়তো দেখা যাবে, তাদের দেখানো মৃত মানুষগুলো সিগারেট হয়তো খেতো ঠিকই, কিন্তু সিগারেটের কারণেই যে তারা মারা গেছে তা কিছুতেই প্রমাণিত নয়।

এরা অল্প বয়সে বিয়েকে একটা জঘন্য নোংরা কাজ হিসেবে উপস্থাপন করে। এরপর এর দায়ভার ইসলামের ওপর চাপায়। এটাকে প্রমাণ করার জন্য আমাদের প্রিয়নবী মুহাম্মাদ সা. এর সাথে আয়েশা রাযি. এর বিয়ের ব্যাপারটিকে উদ্দ্যেশ্যপ্রণোদিতভাবে বিকৃতভাবে উপস্থাপন করে।

আমাদের মনে রাখতে হবে যে বিয়ে, এই বিংশ শতাব্দিতে আবিস্কৃত কোনো রীতি নয়। পৃথিবীর প্রথম মানবজুটি থেকে নিয়ে হাজার হাজার বছর ধরে এ রীতি চালু আছে। ধর্ম-বর্ণ নির্বিশেষে। আর সৃষ্টিগত ও চাওয়া-পাওয়ার দিক থেকে মৌলিকভাবে মানুষের মধ্যে কোনো পরিবর্তন সাধিত হয়নি। পৃথিবীর প্রথম মানুষের শারীরিক গঠন যেমন ছিলো, এখনো মানুষের গঠন তেমনই আছে। মৌলিকভাবে চাওয়া-পাওয়া, হাসি-কান্না, দুঃখ-বেদনার কারণ ও কার্যকারণও একই রকম আছে। কোনো পরিবর্তন সাধিত হয়নি। অতএব বিয়ে এমন কোনো বিষয় নয়, যাকে আমাদের নতুনভাবে মুল্যায়নের কিছু আছে। আদম আ. এর সন্তান-সন্ততিরা হাওয়া আ. এর গর্ভে যেভাবে এসেছিলো আপনি আমিও সেভাবেই এসেছি। আমাদের সন্তানরাও সেভাবেই আসে।

ঐতিহাসিকভাবেই বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার বয়সের ব্যাপারটি স্থানীয় রীতি-নীতি ও সামাজিক কালচার দ্বারা নিয়ন্ত্রিত হতো। উইকিপিডিয়ার দেওয়া তথ্যমতে প্রাচীন রোমান সমাজেও বিয়ের কোনো নির্ধারিত বয়স ছিলোনা। সাধারণতঃ বয়প্রাপ্ত হওয়া বা পিরিয়ড শুরু হওয়ার সাথে সাথেই মেয়েদের বিয়ে হয়ে যেতো এবং তারা সে বয়সেই বাচ্চা জন্ম দিতো।

বর্তমান আধুনিক ইউরোপের সবগুলো দেশেই বিয়ের উপযুক্ততার ক্ষেত্রে ছেলেদের বয়স হলো আঠারো; স্কটল্যান্ডে তো মাত্র ষোল। অন্যদিকে মেয়েদের ক্ষেত্রে অধিকাংশ দেশেই ষোল; কোনো দেশে পনের ও সতেরও রয়েছে। কেউ চাইলে কোর্ট আরও কম বয়সেও অনুমতি দিয়ে থাকে। মুসলিম বিশ্বের মধ্যে একমাত্র মালয়েশিয়া ও বাংলাদেশেই ছেলেদের ২১ ও মেয়েদের ১৮ বছর বয়স নির্ধারণ করা হয়েছে। তবে মালয়েশিয়াতে মুসলিমরা শরীয়া কোর্টের অনুমতি নিয়ে এর নিচের যে কোনো বয়সে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারে। আমার জানামতে একমাত্র বাংলাদেশেই বয়সের এই আইন ভঙ্গ করাকে ক্রিমিনাল অ্যাক্ট বা শাস্তিযোগ্য অপরাধ গণ্য করা হয়।

সবচেয়ে ভালো অবস্থানে আছে ইয়েমেন। দীর্ঘদিন সেক্যুলাররা শাসন ক্ষমতায় থাকলেও এক্ষেত্রে তারা সাধারণ জনগণের ওপর কোনো বিধান চাপিয়ে দেওয়ার সাহস পায়নি। সে দেশে প্রত্যেকেরই অধিকার আছে নিজ প্রয়োজন অনুযায়ী সুবিধে মতো সময়ে বিয়ে করার। আসলেই ইয়েমেনীরা ভাগ্যবান। আল্লাহর রাসূলের কথা শাশ্বত সত্য। তারা সভ্য, তাদের হৃদয় নরম; দীন ইয়েমেনে, প্রজ্ঞাও ইয়েমেনীদের মধ্যে। আল্লাহর দীনের বিজয়ের জন্য এই ইয়েমেন থেকেই ১২ হাজার সৈন্যের এক বিশাল বাহিনীর আবির্ভাব ঘটবে।

যোগাযোগব্যবস্থা, তথ্য প্রযুক্তিসহ নানা বৈষয়িক এককে আমরা কিছুটা উন্নতি সাধন করেছি সত্য; কিন্তু সমাজের, বিশেষ করে যুবসমাজের নৈতিক অধঃপতন যে ভয়াবহ রূপ ধারণ করেছে এটা কেউই অস্বীকার করে না। একমাত্র হলুদ আলোর সমর্থকেরা ছাড়া। সবাই-ই স্বীকার করেন যে, নৈতিক দিক থেকে আমাদের বাপ-দাদাদের যুগ আমাদের এই যুগের চেয়ে অনেক ভালো ছিলো। অশ্লীলতার প্রাদুর্ভাব এতো মারাত্মক তখন ছিলো না। সেই সমাজের বিয়ের চিত্র তুলে ধরেছেন আমাদের পল্লী কবি। তিনি লিখেছেন,

ঐখানে তোর দাদির কবর ডালিম গাছের তলে
তিরিশ বছর ভিজিয়ে রেখেছি দুই নয়নের জলে। এতোটুকু
তারে ঘরে এনেছিনু সোনার মতন মুখ
পুতুলের বিয়ে ভেঙ্গে গেল বলে কেদে ভাসাইতো বুক

এখানে পুতুল খেলার বয়সে বিয়ের মধ্যে আমাদের দুমুখো প্রগতিশীলেরা নান্দনিকতা খুজে পেলেও, আয়েশা রাযি. এর পুতুল খেলার বয়সে বিয়ের মধ্যে তারা ঠিকই ধর্মান্ধতা ও ভয়ংকর অমানবিকতার গন্ধ খুজে পান! এসব প্রগতিশীলদের ব্যাপারে মন্তব্য করতেও রুচিতে বাধে। বিচারের দায়িত্ব পাঠকদের ওপরই ছাড়লাম।

